ইমামুল মুজাহিদ শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ
এর স্মৃতিচারণ

# ইমামের সাথে অতিবাহিত দিনগুলো

শায়েখ আয়মান আয যাওয়াহিরী

# ইমামের সাথে অতিবাহিত দিনগুলো

শায়েখ আয়মান আয জাওয়াহিরী রহ.

## উৎসর্গ

উম্মাহর শ্রেষ্ঠ সন্তানেরা। কুফফারদের নির্যাতনে জান্নাতের সুধা পান করা শিশু, নারী, বৃদ্ধরা। পুরুষের হুংকার যেখানে থেমে গিয়েছে, সেই জনপদের পুনরুত্থানে আবার সিংহরা জেগে উঠুক

# ইমামের সাথে অতিবাহিত দিনগুলো

## পর্ব ১

বিশ্বের আনাচে-কানাচে অবস্থানকারী আমার মুসলিম ভাইগণ! আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ।

হামদ ও সালাতের পর-

সম্মানিত ভাইয়েরা আমাকে অনুরোধ করেছেন- মুজাহিদ, মুজাদ্দিদ, ইসলামের সিংহ, বীরপুরুষ শাইখ উসামা বিন লাদেন রহ. এর সাথে আমার অতিবাহিত সময়গুলোর এবং তাঁর মানবিক দিকসমূহ নিয়ে কিছু স্মৃতিচারণমূলক আলোচনা করার জন্য। কারণ, তাঁর এই উন্নত, মহৎ ও সুউচ্চ দিকটির ব্যাপারে অধিকাংশ মুসলিমরাই জানে না। তাছাড়া এ ব্যাপারে সেই ব্যক্তিই ভালো জানতে পারবেন, যার এই উন্নত চরিত্রের, চেতনাবান, উদারতা ও বদান্যতার অধিকারী সেই মহান ব্যক্তির সান্নিধ্য লাভের সুযোগ হয়েছে। আলহামদু লিল্লাহ, প্রকৃতপক্ষে আল্লাহ তা'আলা আমাকে দীর্ঘ দিন সফরে ও বাসস্থানে এবং সুখে-দুঃখে এই মহান ব্যক্তির সাথে থাকার তাওফীক দান করেছেন। এ কারণে আমি তাঁর উন্নত গুণাবলী খুব কাছ থেকে দেখার সুযোগ পেয়েছি। আমি তা থেকে কিছু স্মৃতি আমার ভাইদের নিকট তাদের চাহিদা অনুযায়ী উপস্থাপন করার চেষ্টা করবো। আর সম্মানিত ভাইদের মনোযোগ আকর্ষণ করছি যে, এ ক্ষেত্রে আমার কথাগুলো হবে ধীরগতিতে। যার দ্বারা অন্তরসমূহ বিগলিত হবে। (ইনশা আল্লাহ)

মাশাআল্লাহ! শাইখ রহ. এর অনেক স্মৃতি রয়েছে। এমনিভাবে তার অগণিত ফায়দাও রয়েছে। আমি এ সম্পর্কিত কিছু বিষয় খাতায় লিপিবদ্ধ করেছিলাম। এই মুহূর্তে আমার যতটুকু স্মরণ আছে, সে অনুযায়ী আপনাদের সামনে আলোচনা করবো, ইনশাআল্লাহ। আশা করি, আল্লাহ তা'আলা সহজ করে দিবেন। এই মহান ব্যক্তির আলোচনার ধারাবাহিকতা রক্ষার্থে আমরা পরবর্তীতে আরো আলোচনা করবো, ইনশাআল্লাহ।

যিনি শাইখ উসামা বিন লাদেন রহ. এর সাহচর্য পেয়েছেন, তিনি জানবেন যে, শাইখ খুবই বিশ্বস্ত একজন মানুষ ছিলেন। আল্লাহ তাঁর প্রতি রহম করুন এবং জান্নাতুল ফিরদাউসে তাঁর সাথে আমাদেরকে রাখুন। তিনি সাথীদেরকে উত্তম উপদেশ দিতেন এবং তাদের ভালো দিকগুলো নিয়ে আলোচনা করতে ভালবাসতেন। শাইখ উসামা বিন লাদেন রহ. উত্তম চরিত্রের অধিকারী একজন ধৈর্যশীল ব্যক্তি ছিলেন। তিনি নির্বোধ প্রকৃতির ছিলেন না এবং হুলস্থুলও করতেন না। যখন তিনি অনুভব করতেন, মুজাহিদগণ যুদ্ধের ময়দানে নির্যাতিত এবং অধিকারহারা, তখন তিনি খুবই চিন্তিত হয়ে পড়তেন। বিশেষকরে তাঁদের ব্যাপারে, যারা দীর্ঘদিন যাবৎ তাঁর সাথে ছিলেন। যেমন শহীদ আবু উবাইদা বানশিরি রহ.। যিনি বর্তমান সময়ে যুদ্ধের ময়দানে পাহাড়তূল্য। শহীদ শাইখ আবু হাফস আল-মিসরি (রহ.)। যিনি কমান্ডার আবু হাফস কুমান্দান নামে প্রসিদ্ধ ছিলেন। আল্লাহ তা'আলা তাঁদের ও সকল শুহাদাদের প্রতি রহমত বর্ষণ করুন। শাইখ উসামা রহ. অধিকাংশ সময় তাঁদের উত্তম আলোচনা করতেন এবং তাঁদের জন্য রহমতের দু'আ করতেন।

আমার মনে পড়ে, আফগান জিহাদের সময় একদিন তিনি আমাকে বলেছেন, আলহামদুলিল্লাহ, আল্লাহ তা'আলা আমাকে জিহাদের ময়দানে আসার সৌভাগ্য দান করেছেন। যার ফলে আমি পরিচিত হতে পেরেছি শাইখ আবু উবাইদার মতো ব্যক্তির

সাথে। আমার আরো মনে পড়ে, আফগানিস্তানে ক্রুসেডার আমরিকার যুদ্ধের সময় এই দুইজন বীর সিংহ পুরুষের বিরুদ্ধে আন্তর্জাতিক মিডিয়া দুর্নাম করেছিল। তখন তিনি আমাকে বলেছেন, এদেরকে যথাযথ উত্তর দিয়ে দিন, যারা আমাদের ভাইদের বদনাম করে। তারপর আমি আমার বিভিন্ন বয়ানে এবং আমার কিতাব فرسان تحت راية النبي নামক কিতাবের দ্বিতীয় সংস্করণে এই মহান ব্যক্তিগণের উত্তম চরিত্রের ব্যাপারে আলোকপাত করেছি।

এমনিভাবে শাইখ উসামা বিন লাদেন রহ. ইমামুল জিহাদ শাইখ আব্দুল্লাহ আযযাম রহ. এর কথা খুব স্মরণ করতেন এবং বলতেন, এই মহান ব্যক্তি বর্তমান যুগে জিহাদকে পুনর্জীবন দান করেছেন। তিনি আব্দুল্লাহ আযযাম রহ. এর খুব প্রশংসা করতেন।

অনুরূপভাবে শাইখ উসামা রহ ৯/১১ এর ১৯ জন শুহাদাকে খুব মুহাব্বত ও জযবার সাথে স্মরণ করতেন। যারা যুগের হুবাল আমেরিকার সামরিক নিয়ন্ত্রণ কেন্দ্র পেন্টাগন এবং তাদের অর্থনৈতিক গৌরব নিউইয়র্কের ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ধ্বংস করেছিলেন। আর তাদের চতুর্থ বিমানটি ছিল হোয়াইট হাউজ কিংবা কংগ্রেসমুখী। শাইখ উসামা রহ. এই ১৯ জন শুহাদার কথা খুব ভালোবাসার সাথেই স্মরণ করতেন। আপনারা জেনে রাখুন! শাইখ উসামা রহ. যুদ্ধ আরম্ভ হওয়ার পর তোরাবোরা পাহাড়ে সর্বপ্রথম এই ১৯ জন শুহাদার আলোচনা রেকর্ড করেছেন। আপনারা অবশ্যই দেখেছেন যে, তখন শাইখের চেহারা খুব ক্লান্ত ও মলিন ছিল। কারণ, তখন আমাদের অবস্থা এমন ছিলো যে, সেখানে কনকনে শীত, সীমিত খাবার, অল্প ঘুম ও সামান্য পানি বিদ্যমান ছিল। তাছাড়া পানির স্তর আমাদের অবস্থানস্থল থেকে প্রায় ৫০০ মিটার নিচে ছিল। তাও আবার প্রচন্ড ঠান্ডায় জমাট বাধা ছিল। এই কঠিন মুহূর্তে মুনাফিক দুশমনরা আমাদেরকে চতুর্দিক থেকে ঘেরাও

করে রেখেছিল। আর ক্রুসেডাররা ওপর দিক থেকে বোমা বর্ষণ করছিল। এমন ঝুঁকিপূর্ণ অবস্থায়ও শাইখ উসামা রহ. সেই ১৯ জন বীর শুহাদার সাথে তাঁর অঙ্গীকার পূরণের কথাগুলো রেকর্ড করেছেন। অথচ তখন তাঁর এই কথা বলার সুযোগও ছিল যে, এই মুহূর্তে তিনি শহীদ হয়ে যেতে পারেন।(তাই আলোচনা রেকর্ড করবেন না।)কিন্তু না! তারপরেও তিনি সেই ১৯ জন ভাইয়ের আলোচনা রেকর্ড করবেনই। আমরা অন্য আলোচনায় তোরাবোরা পাহাড় এবং ঐ সময় সেখানে অবস্থানরত মুজাহিদ ভাইদের বীরত্ব ও দৃঢ়তা সম্পর্কে আলোকপাত করবো, ইনশা আল্লাহ।

আমার মুসলিম ভাইয়েরা! তোরাবোরার ঘটনার ব্যাপারটি আমরা আল্লাহর সোপর্দ করে দিলাম। তখন মুনাফিক বাহিনী আমাদেরকে চারপাশ থেকে ঘিরে রেখেছিল। অন্যদিকে ওপর দিক থেকে ন্যাটো বাহিনী বোমা বর্ষণ করছিল। আমরা যেখানে অবস্থান করছিলাম, দুশমন সেখানেও হামলা করেছিল। আর মুজাহিদ ভাইয়েরাও আমরণ লড়ে যাওয়ার প্রতিজ্ঞা করেছিল। সে সময় ক্রুসেডার সৈনিকদের কাপুরুষতা স্পষ্ট হয়ে গিয়েছে এবং তারা যেই শক্তির বড়াই করতো; তা ধূলিস্মাত হয়ে গিয়েছে। তাদের ভীরু সৈনিকরা ইসলামের মাত্র ৩০০ বীর সিংহের সাথে লড়াই করতে ভয় পেয়েছিল। মূলত: আল্লাহর ইচ্ছা এমনি ছিল যে, শাইখ উসামা রহ. নিরাপদে সেখান থেকে বেরিয়ে পড়বেন এবং তিনি পুনরায় এই ক্রুসেডারদের সাথে বিশ্ব জিহাদের নেতৃত্ব দিবেন। পাশাপাশি ঈমানদাররাও যেন বুঝতে পারে, একমাত্র আল্লাহ তা'আলাই একক ক্ষমতাবান। যিনি ইরশাদ করেছেন-

وَلَا تَهِنُوا فِي ابْتِغَاءِ الْقَوْمِ إِن تَكُونُوا تَأْلَمُونَ فَإِنَّهُمْ يَأْلَمُونَ كَمَا تَأْلَمُونَ وَتَرْجُونَ مِنَ اللَّهِ مَا لَا يَرْجُونَ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا ﴿النساء: ١٠٤﴾

তাদের পশ্চাদ্ধাবনে শৈথিল্য করো না। যদি তোমরা আঘাত প্রাপ্ত, তবে তারাও তো তোমাদের মতই হয়েছে আঘাতপ্রাপ্ত এবং তোমরা আল্লাহর কাছে আশা কর, যা তারা আশা করে না। আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়। (৪: ১০৪)

সারকথা হলো: শাইখ উসামা রহ. এমন কঠিন সময়েও সেই ১৯ জন শুহাদার বয়ান রেকর্ড করার জন্যে দৃঢ় সংকল্প করেছেন এবং তাঁদের সহিত নিজের অঙ্গীকার পূরণের কথা প্রকাশ করেছেন। যুদ্ধের পর শাইখ উসামা রহ. তোরাবোরা থেকে সফলভাবে বের হয়ে সর্বপ্রথম যেই বয়ান রেকর্ড করেছেন, তাও ছিল এই ১৯ জন শুহাদা সম্পর্কিত। তাঁদের প্রত্যেকের আলোচনা শাইখ আলাদা আলাদা করেছেন।

এমনিভাবে শাইখ উসামা রহ. শাইখ আব্দুর রহমান কানেডি রহ.কেও অনেক ভালবাসতেন। তিনি আমাকে পত্রের মাধ্যমে শাইখ আব্দুর রহমান রহ. সম্পর্কে আলোচনা করতে বলেছেন। যাতে মানুষ তাঁর মর্যাদা ও মাকাম সম্পর্কে জানতে পারে। তাই আমি আমার এক বয়ানে তাঁর হিজরত, বদান্যতা ও উত্তম গুণাবলী নিয়ে আলোচনা করেছি। তিনি ক্রুসেডারদের বিরুদ্ধে প্রথম সারিতে যুদ্ধ করতে করতে শাহাদাত বরণ করেছেন।

এমনিভাবে শাইখ উসামা রহ. এর ইবনুশ শাইখ আল-লিবি রহ. এর সাথেও খুব অন্তরঙ্গ সম্পর্ক ছিল। শাইখ উসামা রহ. আমাকে বলতেন, এই ব্যক্তি নিজেকে উৎসর্গ করে দিয়েছে। তোরাবোরায় যুদ্ধের নেতৃত্ব ছিল শাইখ আল-লিবি রহ. এর ওপর। যখন শাইখ উসামা রহ. এর ময়দানে সামরিক নেতৃত্বের বীরত্ব নিয়ে আলোচনা করবো, তখন আমরা এটাও আলোচনা করবো যে, কোন অবস্থায় এবং কীভাবে শাইখ উসামা রহ. শাইখ লিবি রহ. এর ওপর মুজাহিদদের সর্ববৃহৎ অংশকে তোরাবোরা থেকে পাকিস্তানে নিয়ে আসার গুরু দায়িত্ব অর্পণ করেছিলেন। যখন ক্রুসেডাররা আক্রমণ করেছিল, অপরদিকে দুশমন চতুর্দিক থেকে ঘিরে রেখেছিল, ক্ষুধা-পিপাসায় সকলের কাতর অবস্থা এবং পুরা আফগানিস্তানে বিস্তৃত শত্রু বাহিনী; তখন শাইখ লিবি রহ. মুজাহিদদেরকে সেখান থেকে বের করে নিয়ে পাকিস্তান সীমান্তে প্রবেশ করেছেন। সেখানে ক্রুসেডাররা তাঁদের কোনো ক্ষতি করতে পারেনি।

তবে পাকিস্তানের কিছু লোক তাঁদের সাথে গাদ্দারি করেছে। যা খুবই প্রসিদ্ধ ঘটনা। পাকিস্তানের প্রশাসন তাঁকে কোহাট জেলে বন্দী করে। সে সময় শাইখ লিবি রহ. এর সাথে মুজাহিদদের খরচের জন্য অনেক টাকা ছিল। পাকিস্তান প্রশাসন তাকে প্রস্তাব দিল, এই অর্থের বিনিময়ে তারা শাইখকে ছেড়ে দিবে এবং তাঁর নামও গোপন রাখবে। যেন তার নামে কোন মোকদ্দমাই হয়নি। তখন লিবিয়ার সেই শাহসাওয়ার যেই সিদ্ধান্ত গ্রহণ করেছেন, তা আজো মুসলিম যুবকদের জন্যে; বিশেষত: লিবিয়ার যুবকদের জন্যে একটি উজ্জ্বল দৃষ্টান্ত। যাদের বিজয় হবে ইসলামের বিজয়। তাদের মধ্য হতে এক লিবির অবর্তমানে লক্ষ লিবি বের হবে। যখন পাকিস্তান অফিসাররা তাঁকে এই প্রস্তাব দিল, তখন তিনি বলেছেন, আমি আমার সাথী ভাইদেরকে কখনো ছেড়ে যাবো না। বরং তোমাদেরকে এই টাকার সাথে আরো বাড়িয়ে দিবো। বিনিময়ে তোমরা আমাদের সবাইকে ছেড়ে দাও। পাকিস্তান প্রশাসন এই প্রস্তাব প্রত্যাখ্যান করল। ফলে শাইখ রহ. সাথীদের সাথে বন্দী জীবন কাটাতে লাগলেন। অতঃপর বেইমান গাদ্দাফী প্রশাসন তাঁকে শহীদ করে দেয়। ইনশা আল্লাহ, সেই দিন বেশি দূরে নয়; যেদিন লিবিয়ার আত্মমর্যাদাবোধসম্পন্ন, ইসলাম ও রাসূলপ্রেমী সম্মানিত মুজাহিদ ভাইয়েরা গাদ্দাফী থেকে এবং ন্যাটো থেকে এর প্রতিশোধ গ্রহণ করবে। যারা তাঁকে বন্দী করেছে এবং গাদ্দাফীর হাতে সোপর্দ করে দিয়েছে। শাইখ উসামা রহ. বলতেন, এই ব্যক্তি নিজেকে জিহাদে সঁপে দিয়েছে।

শাইখ উসামা রহ. আমার কাছে চিঠি পাঠাতেন। তাতে শাইখ মুস্তফা আবুল ইয়াযিদ রহ. এর কথা উল্লেখ করতেন। শাইখ উসামা রহ. আমাকে বলতেন, ইনি আমাদের স্বার্থে তাঁর নিজেকে এবং তাঁর খান্দানকে উৎসর্গ করে দিয়েছেন। তিনি মুজাহিদ ভাইদের অবস্থা দেখাশুনা করতেন এবং তাদের মধ্যকার যোগাযোগের ব্যবস্থা

করতেন। আনসার ও মুহাজির ভাইদের যে কোনো সমস্যার সমাধান করতেন। বরং তিনি তাঁদের সকলের জন্য একজন হৃদয়বান পিতৃতুল্য মানুষ ছিলেন। এই সব কিছুর বিনিময়ে শাইখ রহ. ও তাঁর পরিবারকে ন্যাটো গোয়েন্দারা শহীদ করে দিয়েছে। তাদের হাত থেকে শাইখ মুস্তফা আবুল ইয়াযিদ রহ. এর ছোট মাসুম বাচ্চারা পর্যন্ত রেহাই পায়নি। যাদেরকে শাইখ আপন তত্ত্বাবধানে হাফেজে কুরআন বানিয়েছেন। এই সব হলো সেই মহামানবের গুণাবলী; যিনি তাঁর অঙ্গীকার সত্যরূপে প্রতিষ্ঠিত করেছেন।

আমার মুসলিম ভাইয়েরা! এই মজলিসে আমার আরো স্মরণ আসছে, শাইখ উসামা রহ. এমন একজন সিংহ পুরুষ ছিলেন, আমেরিকার মানুষ স্বপ্নের মাঝেও শাইখ উসামা রহ. বুশকে হুমকি দিচ্ছেন, এমন কিছু দেখে আঁতকে উঠতো। কিন্তু অধিকাংশ মানুষ এ ব্যাপারটি জানতো না যে, শাইখ উসামা রহ. ছিলেন অত্যন্ত কোমল হৃদয়ের অধিকারী, ধৈর্যশীল এবং লাজুক প্রকৃতির। তাঁর মাঝে পূর্ণমাত্রায় ছিল উত্তম চরিত্রের গুণাবলী। যারা তাঁর সাথে উঠাবসা করেছেন, তারা অবশ্যই বুঝতে পেরেছেন যে, শাইখ রহ. কেমন উন্নত চরিত্রের অধিকারী ছিলেন! উদাহরণস্বরূপ: আমার সাথে শাইখ উসামা রহ. এর একটি ঘটনা উল্লেখ করছি। যা থেকে তাঁর নরম তবিয়ত তথা কোমল স্বভাব স্পষ্টত: বুঝে আসে।

ঘটনাটি হলো: তখন আমরা তোরাবোরায় অবস্থান করছিলাম। আমার নিকট আমার স্ত্রীর শাহাদাতের সংবাদ পৌঁছল। আল্লাহ তাঁদের প্রতি এবং তাঁদের সাথে যারা শহীদ হয়েছেন, সব ভাইদের প্রতি রহম করুন! এই সংবাদ যিনি নিয়ে এসেছিলেন; তিনি আমাদেরই একজন ভাই ছিলেন। শাইখ উসামা রহ. চেয়েছিলেন, সে যেন আমার সাথে কথা না বলে। কিছুক্ষণ পর যখন ফজরের নামাজের সময় হলো, তখন শাইখ আমাকে ইমামতি করতে বললেন। নামাজের পর আমরা যিকির-আযকারে

মশগুল ছিলাম। আমি দেখছিলাম, নামাজের পর ভাইয়েরা একের পর এক সেখান থেকে উঠে যাচ্ছে। আমি আমার জায়গায় বসা ছিলাম। তারপর সেই ভাই আমার কাছে আসলেন। পরস্পর সালাম বিনিময় হলো। তিনি আমাকে আমার স্ত্রীর শাহাদাতের সংবাদ শোনালেন। আমাকে জানালেন, আমার স্ত্রী, ছেলে, মেয়ে এবং আমাদের আরো তিনজন ভাই তাঁদের সন্তানসহ শাহাদাত বরণ করেছেন। আমি 'ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন' পড়লাম এবং আল্লাহর নিকট সবর ও আজরের দু'আ করলাম। ঠিক তখনি শাইখ উসামা রহ. এসে আমাকে জড়িয়ে ধরলেন, একেবারে অশ্রুসজল অবস্থায়। তারপর এক এক করে সাথীরা আমার কাছে আসছিল, আর আমাকে শান্তনা দিচ্ছিল। আগেই সিদ্ধান্ত হয়েছিল, আমরা এখান থেকে অপর এক স্থানে চলে যাবো। এ সময় শাইখ উসামা রহ.ও আমাদের সাথে ছিলেন। আমরা প্রায় ত্রিশ জনের ওপরে ছিলাম। শাইখ উসামা রহ. ভাইদের এক বৃহৎ অংশকে অন্য কোথাও চলে যেতে বললেন । আর আমার উদ্দেশ্যে বললেন, আমি, তুমি ও আরো কিছু ভাই এখানে থাকবো। আমি বললাম, আমরা এখান থেকে চলে যাই। সফর তো মানুষের দুঃখ-কষ্ট মুছে দেয়। পরে অবশ্য শাইখের সিদ্ধান্ত অনুযায়ী সেখানেই থেকে গেলাম। এমনকি আমার অন্তর থেকে দুঃখ-বেদনাও দূর হয়ে গেল। আমি আল্লাহর কাছে দু'আ  করলাম- তিনি যেন আমাদের পরিবারকে উত্তম প্রতিদান দান করেন এবং তাঁদের থেকে আমাদের মাহরুম না করেন। আমাদেরকে শাহাদাতের মৃত্যু দান করেন, মুসলমানের মৃত্যু নসীব করেন। তারপর আমি যখনি আমার ছেলে মুহাম্মাদের কথা শাইখ উসামা রহ. এর কাছে বলতাম, তখনি তাঁর চোখে অশ্রু এসে যেতো। আমি তাঁর চোখে অশ্রু দেখতাম!

আরেকটি ঘটনা: যা আমার স্মরণ হয়েছে। আমি তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। তিনি হলেন একমাত্র ব্যক্তি; যিনি আমাকে সর্বপ্রথম আমার মায়ের ব্যাপারে শান্তনা দিয়েছেন। আল্লাহ তা'আলা তাঁর প্রতি অগণিত রহমত বর্ষণ করুন! আমাদেরকে মুসলমানের মৃত্যু নসীব করুন! শাইখ উসামা রহ. আমার কাছে একটি পত্র লিখে আমাকে খুব শান্তনা দিলেন। আমি তাঁর কৃতজ্ঞতা আদায় করে বললাম, শাইখ আপনি আমার আগেই আমার মায়ের শাহাদাতের সংবাদ জেনেছেন! আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দান করুন!

অন্য আরেকটি ঘটনা: যা আমার মনে পড়ছে। তা হলো: যারা শাইখ উসামা রহ. এর নৈকট্য লাভ করেছেন; তারা জানবেন যে, তিনি খুবই কোমল প্রকৃতির লোক ছিলেন। অল্পতেই কেঁদে ফেলতেন। যখনি তিনি ভাষণ দিতেন, খুব কাঁদতেন। একবার তিনি আমাকে বললেন, অনেকে আমাকে বলে থাকে, শাইখ আপনি আলোচনা শুরু করার আগেই কেঁদে ফেলেন! আপনি চাইলে আরেকটু নিয়ন্ত্রণ করতে পারেন। তখন তিনি এ বিষয়টি নিয়ে আমার সাথে আলাপ করলেন। তিনি বললেন, আমি এখন কি করতে পারি? আমি বললাম, সুবহানাল্লাহ! শাইখ, এটা তো আপনার জন্য আল্লাহর পক্ষ থেকে রহমত। যা আল্লাহ তা'আলা আপনাকে দান করেছেন।

শাইখ উসামা রহ. এর কোমলতার আরেকটি ঘটনা: যা আমি নিজ চোখে শাইখ উসামা রহ. এর মাঝে দেখেছি। তা হলো: আমরা একবার দক্ষিণ কাবুলে আইনাক প্রশিক্ষণ শিবিরে ছিলাম। শাইখ উসামা রহ তখন সেখানে অবস্থান করছিলেন, আর তাঁর সাথে আমিও ছিলাম। কয়েকজন ভাই এসে আমাদের সাথে বসলেন। তখন শাইখ ফিলিস্তিন ও গাজা সম্পর্কে বয়ান করলেন। যেখানে তাদের সাহায্যের কথা বলেছেন। হয়তো এগুলো তাঁর সেই কথাগুলোই; যা তিনি প্রায়ই বলতেন, "হে আমার ফিলিস্তিনের ভাইয়েরা! নিশ্চয় তোমাদের রক্ত আমাদেরই রক্ত। তোমাদের

সন্তানদের রক্ত আমাদের সন্তানদেরই রক্ত। তাই খুনের বদলা খুনই এবং ধ্বংসের বদলা হবে ধ্বংসই।" ফিলিস্তিনের প্রতি শাইখের ভালোবাসা একটি স্বতন্ত্র আলোচনা। আমরা এটা পরে আলোচনা করবো, ইনশা আল্লাহ। তো এই আগত ভাইদের একজন বললেন, আমরা খবরে দেখেছি, ফিলিস্তিনের মহিলারা হাতে পেস্টুন নিয়ে বিক্ষোভ করছে। তাতে লেখা আছে, 'আমরা উসামার ওয়াদা পূরণের অপেক্ষায় আছি।' এ রকম আরো কিছু কথা। শুনে তিনি চুপ রইলেন, কিন্তু ভীষণ প্রভাবিত হলেন। তারপর আমরা ইশার নামাজের প্রস্তুতি নিলাম। নামাজের জন্য প্রশিক্ষণ শিবিরের মসজিদে গেলাম। ৭ : ৫৬ মিনিটে ফরয নামাজের পর শাইখ উসামা রহ. মসজিদের এক কোণে গিয়ে সুন্নাত আদায় করছিলেন; আর আমি তাঁর কান্নার আওয়াজ শুনতে পাচ্ছিলাম। নামাজের আগে তাঁর শুনা ফিলিস্তিনের খবরটিই ছিল এই কান্নার কারণ! "ফিলিস্তিনের মহিলারা হাতে পেস্টুন নিয়ে বিক্ষোভ করছে। তাতে লেখা আছে, আমরা উসামার ওয়াদা পূরণের অপেক্ষায় আছি।" আমার বিশ্বাস, তিনি তা পূরণ করেছেন। আল্লাহ তাঁর ওপর, আমাদের ওপর, সকল মুসলমানের ওপর তাঁরই রহমতের বারিধারা বর্ষণ করুক! (আল্লাহুম্মা আমীন)

শাইখ উসামা রহ. এর জীবনের একটি সুন্দরতম দিক হলো, তাঁর সন্তানদের সাথে সম্পর্ক। যিনিই শাইখের কাছে গিয়েছেন; তিনিই তাঁর সন্তানদের মাঝে নম্রতা-ভদ্রতা, উত্তম চরিত্র অবলোকন করেছেন। আল্লাহ তা'আলা তাঁর, আমাদের ও সকল মুসলিমদের সন্তানদের হেফাযত করুন। তিনি অত্যন্ত ধনী ছিলেন। তাঁর অনেক ধন-সম্পদ ছিল। তবুও তাঁর সন্তানরা মেহমানদের খেদমত করতো। তাঁদের হাত ধুয়ে দিতো, খাবার এগিয়ে দিতো এবং তাঁদেরকে তাঁদের স্বস্থানে পৌঁছিয়ে দিতো। মানুষের মুখে শুনতাম, মাশাআল্লাহ! কত সুন্দর শিষ্টাচার! যা শাইখ উসামা রহ. নিজ সন্তানদের শিক্ষা দিয়েছেন। সব সময় এদিক সেদিক যাওয়া সত্ত্বেও; তিনি তাঁর

সন্তানদের আদবের প্রতি ও পড়া-লেখার ব্যাপারে খুবই সচেতন ছিলেন। সর্বপ্রথম তিনি এই ব্যাপারে মনযোগী ছিলেন, তাঁর সন্তানরা হাফেযে কুরআন হবে। আমার ধারণা তাদের অনেকেই কুরআনের অনেকাংশ হিফয করেছে। হতে পারে আমার জানা নেই যে, তাদের অনেকেই সম্পূর্ণ কুরআন হিফয করেছে। আল্লাহ যেন সকল মুসলিম সন্তানদেরকে সেই তাওফীক দান করেন। (আল্লাহুম্মা আমীন)

শাইখ রহ. এর তালীম-তায়াল্লুমের পাশাপাশি ব্যক্তিগত আগ্রহ-উদ্দীপনা ছিল অনেক বেশি। যার কিছু আমি فرسان تحت راية النبي এর দ্বিতীয় সংস্করণে উল্লেখ করেছি। সেখানে তাঁর তালীম ও দাওয়াতের প্রতি আগ্রহ পূর্ণাঙ্গরূপে আলোচনা করা হয়েছে। তিনি তাঁর সন্তানদেরকে শিক্ষা দেওয়ার জন্য একজন বিশেষ শিক্ষক নিয়োগ দিয়েছিলেন।

আমার মুসলিম ভাইয়েরা! আমি এখানে সংক্ষিপ্ত আকারে তাঁর (সেই শিক্ষকের) সামান্য বিবরণ দিবো। তিনি কোনো সাধারণ আলেম ছিলেন না; বরং তৎকালীন শ্রেষ্ঠ উলামাদের মাঝে অন্যতম একজন আলেম ছিলেন। তিনি আরবী ভাষা, কেরাত ও রসমুল মুসহাফ সম্পর্কে খুবই প্রাজ্ঞ ছিলেন। অনেক ভাই এর থেকে উপকার হাসিল করেছে। আমি নিজেও তা থেকে উপকৃত হয়েছি। আমি তাঁর চরিত্রের ওপর আমার কিতাব আত-তাবরিয়ার মধ্যে কিছু আলোচনা করেছি। ইনি শুধুমাত্র একজন শিক্ষকই নন, বরং আল্লাহর রাস্তায় হিজরত ও জিহাদকারী। তিনি উসামা বিন লাদেন রহ. এর মত একজন ঘোড়সাওয়ার ছিলেন। আরবের এক গ্রামে তাঁর ঘোড়াটি ছিল, যা শাইখ উসামা রহ. তাঁর আস্তাবলে নিয়ে এসেছিলেন। এ সম্পর্কে লম্বা ঘটনা আছে। আরবের সেই গ্রামটি খুবই বরকতময়। যা আমি আগে আর কখনো দেখিনি। ইনশা আল্লাহ, তা নিয়ে পরে আলোচনা করবো। সেখানে আমি যেই দিনটি অতিবাহিত করেছি, এমন সুখময় দিন আমি আর কোথাও কাটাইনি। আমরা এই

শিক্ষকের কাছে তাঁর সোহবত নেয়ার জন্য গিয়েছিলাম। তিনি নিজ হাতে আমাদেরকে খাবার পরিবেশন করেছেন। আমরা তাঁকে বলেছিলাম, আপনি আমাদের উস্তায! এটা আপনার জন্য কখনো শোভা পায় না।

আমার মনে পড়ে- আমি যখন উনাকে আরবী ভাষা এবং উলুমুল কুরআন এর দরসের কথা বললাম, তখন তিনি বলেছেন, সর্বপ্রথম আমরা কিতাবুল্লাহর তিলাওয়াত শুদ্ধ করার দ্বারা দরস শুরু করবো। এরপর আমরা আরবী ভাষা নিয়ে আলোচনা করবো। আমি আমার কিতাব আত-তাবরিয়ার মধ্যে এই আলোচনা করেছি, তিনি প্রথমে আমাকে দিয়ে ইলমুত তাজবীদের ওপর মধ্যম স্তরের একটি মুকাদ্দামা লিখিয়েছেন। এরপরই আমরা নাজমে যাজরী পড়তে শুরু করলাম।

মাশাআল্লাহ! তিনি ইলমের সাগর ছিলেন। তিনি আমাদেরকে খুব সুন্দর ও সহজভাবে শিখাতেন। গ্রামের মাসজিদে উনাকে দেখা যেতো, তিনি খুব সহজেই তাজবীদ শিক্ষা দিচ্ছেন। উদাহরণস্বরূপ: ইখফা ও ইদগামের আলোচনায় তিনি কোনো একটা জিনিস হাতে নিয়ে কাপড়ের ভেতর লুকিয়ে বলতেন, দেখো! এটা ইখফা হয়ে গেছে। আবার অন্য একটি জিনিস দেখিয়ে বলতেন, দেখো! এটা ইদগাম হয়ে গেছে। যার কোনো আলামত আর বাকি নেই। এভাবে তিনি সব কিছু বুঝিয়ে দিতেন।

আমি যখন তাঁর সামনে আল-জারিয়ার দরস নিচ্ছিলাম। তখন আমার সাথে কখনো কখনো আবু হাফস ও শাইখ আবু উবায়দা মৌরতানী শহীদ রহ. থাকতেন।

সেই সময়ে মাঝে মাঝে তিনি আমাদের সাথে বেরিয়ে বাজারে আসতেন এবং ফল কিনে দিতেন। তখন আমরা বলতাম, আপনি এটা কি করছেন? উস্তাদ! এটা তো আমাদের দায়িত্ব। তখন তিনি বলতেন, না, এটা তোমার জন্য না। এটা তোমার বেটা মুহাম্মাদের জন্য। এটা ফিরিয়ে দিও না। একবার তিনি আমাকে মাছ কিনে

দিলে আমি বললাম, এটা আমার দায়িত্ব। তিনি বলতেন, না, এটা তোমার না, মুহাম্মাদের জন্যে; ফিরিয়ে দিও না। তিনি ছিলেন এমনি একজন পুণ্যাত্মা আলেম। যিনি শাইখ উসামা রহ. এর সন্তানদেরকে কুরআন পড়াতেন। তাঁর ছাত্রত্বের সৌভাগ্য আমিও হাসিল করেছি। (আলহামদুলিল্লাহ)

পাঠদানকালে তিনি শাইখ উসামা রহ. এর সন্তানদের সাথে রাগ করে কথা বলতেন। একবার তিনি উসামা রহ. এর এক সন্তানকে বললেন, এই ছেলে! তোমার সাথে কথা বলা ঠিক হবে না, কথা হবে তোমার আব্বুর সাথে। তোমার সাথে লাঠির ভাষায় কথা হবে। তারা চুপ করে বসে থাকতো। শিক্ষকের দিকে চোখ তুলে তাকাতো না। তারা ভয় ও নম্রতার কারণে নিজেদের চোখ নামিয়ে রাখতো। কারণ, তারা তাদের আব্বুর কাছে উত্তম আদবের শিক্ষাই পেয়েছে। মাঝে মাঝে তিনি মসজিদে ইসলামে বাচ্চাদের শিষ্টাচারের পাঠ শিক্ষা দিতেন এবং এই আলোচনার ওপর তারবিয়াতুল আবনা ফিল ইসলাম নামের কিতাব মুতালা‘আ করতেন। (সেই শিক্ষকের সংক্ষিপ্ত আলোচনা শেষ হলো)

আমি জানি শাইখের সন্তানরা তাঁর ব্যক্তিত্বের সাথে সর্বক্ষেত্রেই সম্পর্ক ও মিল রাখে। খুব কাছ থেকেই আমি তা দেখেছি। শাইখের পাশে তাঁর সন্তানরা এমনভাবে ঘিরে থাকতো, যেভাবে সিংহকে সিংহ শাবকরা ঘিরে থাকে। ইনশাআল্লাহ! এমন কিছু স্মৃতিকথা নিয়ে পরে আলোচনা হবে। শাইখের স্মৃতি তো অনেক রয়েছে। আজ শাইখ ও তাঁর সন্তানদের মাঝের স্মৃতিময় দু’টি ঘটনা নিয়ে আলোচনা করবো।

**ঘটনা-১.** প্রথম ঘটনাটি ঘটেছিল জালালাবাদে। যখন মুনাফিকরা জালালাবাদ দখল শুরু করল। তখন আমরা তোরাবোরা পাহাড়ে যাওয়ার সিদ্ধান্ত নিলাম। শাইখ উসামা রহ. এর সাথে তাঁর আদরের ছোট তিন বাচ্চা ছিল। তাদের একজন হলেন খালেদ (রহ.)। যিনি শাইখের সাথেই শাহাদাতের সুমিষ্ট স্বাদ আস্বাদন করেছিলেন। তাঁর

সন্তানদের মাঝে খালেদই ছিল তুলনামূলক বড়। আমরা ওখান থেকে বের হয়ে তোরাবোরায় মাগরিব পড়ার ইচ্ছে করলাম। আসর ও মাগরিবের মাঝামাঝি সময়; এক সাথী শাইখের বাচ্চাদের নিয়ে এলেন। তারা আপন পিতাকে সালাম করল। শাইখ ঐ ভাইকে দায়িত্ব দিলেন, যেন প্রথমে বাচ্চাদেরকে কোন নিরাপদ জায়গায় নিয়ে যাওয়া হয়। তারপর তাদেরকে নিজ পরিবারের কাছে পৌঁছিয়ে দেওয়া হয়। আমি দূর থেকে এ দৃশ্যই দেখছিলাম, একজন পিতা নিজের ছোট তিন বাচ্চাকে আল-বিদা বলছে! তাঁর জানা নেই, পুনরায় কবে আবার তাদের সাথে সাক্ষাৎ হবে? এই দুনিয়ায় কি সাক্ষাৎ হবে? আর না জানা আছে এ কি প্রথম বিদায়; না শেষ বিদায়?! আমি শাইখকে বিদায় দিতে দেখেছি। দেখেছি সালামের পর তিনি তাঁদের বুঝাচ্ছেন, তোমরা এই চাচ্চুর সাথে যাও; তিনি তোমাদেরকে ঘরে পৌঁছিয়ে দিবেন। বড় ছেলেটির চোখে অশ্রু ঝরঝর করছিল। শাইখ নিজেও ছিলেন আবেগাপ্লুত। শাইখের ছোট ছেলে বলল “আব্বু! আমি কাবুলে ব্যাগ ফেলে এসেছি। আমি ব্যাগ কোথায় পাবো?” তাঁকে কে বুঝাবে? কাবুল তখন শত্রুদের দখলে। শাইখ বললেন “কোন সমস্যা নেই আব্বু! তোমার চাচ্চু ব্যাগ এনে দিবেন।” তারপর তাঁরা আলাদা হয়ে গেল। খুবই করুণ ছিল সেই দৃশ্য। পিতা ও তাঁর ছেলেরা আলাদা হয়ে যাচ্ছেন। অথচ কেউ জানে না, আবার কবে, কখন, কোথায়, কিভাবে তাদের সাক্ষাৎ হবে?!

**ঘটনা-২.** এমনি আরেকটি ঘটনা। যার ফলে আমার অন্তরে তাঁর ভালবাসা গেঁথে গেছে। এটি ঐ সময়ের কথা; যখন আমরা এক স্থান থেকে অন্য স্থানে পরিবর্তন হচ্ছিলাম। তাঁর কোনো এক সন্তান আমাদের সাথে ছিল। আমরা আল্লাহর ওপর ভরসা করে রাতের আঁধারে গাড়িতে আরোহণ করলাম। এক জায়গায় গাড়ি থামল। সেখানে শাইখের সন্তানকে তাঁর রাহবারের সাথে নিচে নামানো হলো। তাঁরা ও আমরা ভিন্ন ভিন্ন জায়গায় যাচ্ছি। তাকে বিদায় দেয়ার জন্য শাইখ নিচে নামলেন।

তারা কেউ জানে না, দ্বিতীয় বার দেখা হবে কিনা? আমরা দেখছিলাম, এই মুহূর্তে তিনি তাঁর সন্তানকে কী বলেন? তিনি বলেছিলেন, বেটা! শপথ কর, "জিহাদের রাস্তা কখনও ছাড়বে না।" এই মুহূর্তটি আমি কখনও ভুলবো না।

আজকের আলোচনা এখানেই শেষ করছি। আল্লাহ তা'আলা তাওফীক দিলে পুনরায় শাইখ উসামা বিন লাদেন (রহ.) এর জীবনীর উপর আলোচনা করবো।

# পর্ব ২

মুজাদ্দিদ ইমাম ও বীর মুজাহিদ শাইখ উসামা বিন লাদেন রহ. এর সাথে কাটানো স্মৃতিগুলো নিয়ে আজকে আলোচনার দ্বিতীয় পর্ব। আল্লাহ তা'আলা যেন আমাদের সকলকে শাইখের সাথে তাঁর রহমতের ছায়াতলে একত্রিত করেন। পূর্বের সাক্ষাৎকারে আমি এই বিষয়টি উল্লেখ করেছিলাম, মুহসিনে উম্মত শাইখ উসামা রহ. এর স্মৃতিগুলো নিয়ে আলোচনার এই পর্বগুলো হবে একটু ভিন্ন ধরনের। শাইখের সান্নিধ্যে অবস্থানকারীগণ খুব ভালোভাবেই অবগত আছেন যে, শাইখ উসামা রহ. এর ব্যক্তিত্বের একটি আদর্শিক দিক হচ্ছে: তিনি তানযীম ও সাংগঠনিক গোঁড়ামি থেকে একেবারেই মুক্ত ছিলেন। এমন লোক খুব কমই হয়ে থাকে, যারা সাংগঠনিক গোঁড়ামি থেকে মুক্ত থাকেন। শাইখ উসামা রহ. সেই কম লোকদেরই একজন ছিলেন। আমার স্মরণ আছে, জালালাবাদকে বিজয়ের অপারেশন ও আক্রমণের নেতৃত্ব দেওয়ার জন্য যখন আমি শাইখের নিকট পৌঁছলাম; তখন সব সংগঠনের ভাইদেরকে শাইখের পাশে একত্রিত অবস্থায় দেখলাম। ইখওয়ান, জামা'আতুল জিহাদ আরব-অনারব, ইরাকের, এমনকি সকল মুজাহিদ সাথীরা শাইখকে ঘিরে একত্রিত হয়েছিল। এই অবস্থা দেখে আমি আনন্দে আত্মহারা হয়ে

গেলাম। তখন অনিচ্ছাসত্ত্বেও এই কথা বলে উঠলাম, মাশাআল্লাহ! হে উসামা বিন লাদেন কতই না সৌভাগ্য আপনার! আপনি সকলকে এই জিহাদের মহান লক্ষ্য-উদ্দেশ্যের ওপর এবং এই কল্যাণকর কাজের ওপর একত্রিত করে ফেলেছেন। শাইখ উসামা রহ. এর আরেকটি উল্লেখযোগ্য দৃষ্টিভঙ্গি ছিল, সে কোন সংগঠনের লোক বা কোন তানযীমের লোক, তিনি এদিকে খেয়াল করতেন না; শাইখ মুসলিমদের কল্যাণের জন্য প্রত্যেক জ্ঞানী ব্যক্তির সাথেই পরামর্শ করতেন। এমনকি তিনি অন্য সংগঠনের ভাইদেরকে নিজের কাজে ব্যবহার করতেন এবং স্বতন্ত্র দায়িত্বে নিয়োজিত রাখতেন। কারো মাঝে যদি কোনো যোগ্যতা দেখতেন; তাহলে তার থেকে পরিপূর্ণ ফায়দা নেয়ার চেষ্টা করতেন এবং তাকে যে কোনো গুরুত্বপূর্ণ কাজে লাগিয়ে রাখতেন।

শাইখ উসামা রহ. এর উস্তাদ শাইখ উমর আব্দুর রহমান রহ. এর মুক্তির জন্য যথাসাধ্য চেষ্টার ঘটনাটিই এর প্রমাণ। তিনি সাংগঠনিক গোঁড়ামি থেকে পরিপূর্ণরূপে মুক্ত ছিলেন। শাইখ উমর আব্দুর রহমান রহ. এর মুক্তির জন্য যখন প্রচেষ্টা চলছিল; তখন আমি খুব কাছ থেকেই এ বিষয়টি লক্ষ্য করেছি। কয়েকবার তিনি এ বিষয়টি নিয়ে আলোচনার ব্যবস্থা করেছিলেন। এমনকি শুধুমাত্র এই বিষয়ের জন্যই একটি বিশেষ কনফারেন্সের আয়োজন করেছিলেন। যেখানে বিভিন্ন সংগঠনের ভাইয়েরা আলোচনা করেছিল। শাইখ উসামা রহ. যোগ্যতাসম্পন্ন প্রত্যেক ভাইয়ের সাথেই শাইখ উমর আব্দুর রহমান রহ. এর মুক্তির ব্যাপারে আলোচনা করেছেন। এই কনফারেন্সের উপস্থিত সকলেই এই ব্যাপারে সাক্ষী; যারা হয়তো এখন আমার আলোচনাও শুনছেন। একবার, শাইখ উমর আব্দুর রহমান রহ. এর মুক্তির জন্য চেষ্টা করছিলেন; এমন কয়েকজন ভাই বললেন, আমরা শাইখ উসামার সাথে এই ব্যাপারে সহযোগিতার জন্য কথা বলবো। আমি তাদের নিয়ে শাইখের নিকট

পৌঁছলাম; তখন তিনি জালালাবাদের নিকটাবর্তী একটি উপত্যকায় অবস্থান করছিলেন। যেখানে চারপাশেই ছিল মুজাহিদীনদের ঘাঁটি। পাহাড়ের পাশ দিয়ে খুব সুন্দর নদী প্রবাহিত হচ্ছিল। দৃশ্যটা ছিল খুবই মনোরম। এটা ঐ স্থান; যেখানে বসে শাইখ সেই ঐতিহাসিক শপথ বাণী উচ্চারণ করেছিলেন, "আমেরিকা ততক্ষণ পর্যন্ত নিরাপত্তা লাভ করবে না; যতক্ষণ পর্যন্ত না আমরা ফিলিস্তিনে নিরাপত্তা লাভ করি।" অতঃপর আমি সেখানে পৌঁছে শাইখ আবু হাফস রহ. ও শাইখ উসামা রহ. এর সাথে এই বিষয়ে আলোচনা করলাম। শাইখ উসামা রহ. বলে উঠলেন, আমি তো এই বিষয়ের জন্য সব কিছু করতে প্রস্তুত। আপনি এই ভাইদের কাছে জিজ্ঞাসা করুন, যদি আমার এই বিষয়ে চেষ্টার ক্ষেত্রে কোনো অপূর্ণতা থেকে থাকে; তাহলে আমি সেটা পূর্ণ করার জন্য প্রস্তুত আছি। অতঃপর আমি সেই ভাইদের বললাম, শাইখ তো এই কথা বলছেন; তখন তারা বললেন, না আমরা এই কথা বলছি না যে, শাইখ কোনো অপূর্ণাঙ্গতা রেখেছেন। বরং আমরা তো এই ব্যাপারে শাইখকে সহযোগিতা করতে চাই।

আল্লাহ তা'আলার অনুগ্রহে আমরা মুসলিম বন্দীদের মুক্তি করার জন্য, বিশেষকরে শাইখ উমর আব্দুর রহমানকে মুক্ত করার জন্য আমেরিকান ইয়াহুদী ওয়ার্ন আইনিষ্টাইনকে বন্দী করতে সক্ষম হয়েছি। তার মুক্তির জন্য যে শর্তগুলো রেখেছি, তার মাঝে একটি উল্লেখযোগ্য শর্ত হলো: শাইখ উমর আব্দুর রহমান রহ. কে মুক্তি দেওয়া এবং তাঁর পরিবারের নিকট তাঁকে সহীহ সালামাতে পৌঁছে দেয়া। বাকি শর্তগুলোর মাঝে উল্লেখযোগ্য কিছু শর্ত হলো: বোন আফিয়া সিদ্দীকাকে মুক্তি দেওয়া এবং শাইখ আবু হামজা মুহাজিরসহ ঐ সকল বন্দীদের মুক্তি দেওয়া; যাদেরকে আল-কায়েদার সাথে সম্পৃক্ততার কারণে বন্দী করা হয়েছে। যার সাথে আরো অনেক শর্ত রয়েছে, আপনারা বিস্তারিত আমার ভিডিওতে দেখতে পারেন। আল্লাহ

তা'আলার কাছে দুআ করছি- তিনি যেন শাইখ উমর আব্দুর রহমানের মুক্তিকে ত্বরান্বিত করেন এবং বাকি সকল মুসলিমকেও মুক্তির নেয়ামত দান করেন।

আমার ইচ্ছা আছে, আমি শাইখের আরো কিছু মহান আদর্শ নিয়ে আলোচনা করবো। শাইখ উসামা রহ. খুবই যাহেদ তথা দুনিয়াবিমুখ ছিলেন। বাস্তবতা হচ্ছে, শাইখ উসামা রহ. এর যুহদ তথা দুনিয়াবিমুখতার ব্যাপারটি কারো অজানা নয়। সবার জানা আছে, আরবের এই কোটিপতি ও সম্ভ্রান্ত ব্যক্তি নিজের সমস্ত সম্পদ আল্লাহ তা'আলার রাস্তায় খরচ করে দিয়েছেন। কিন্তু এখানে আমি শাইখের অতিবাহিত জীবন-যাপনের মাঝ থেকে কিছু দুনিয়াবিমুখতার উদাহরণ আপনাদের সামনে পেশ করবো।

শাইখ উসামা রহ. এর ঘরে যখন কেউ প্রবেশ করতেন; তখন তাঁর ঘরের অবস্থা দেখে আশ্চর্যান্বিত হয়ে যেতেন! তাঁর ঘরে কাঠের কিছু চেয়ার, প্লাস্টিকের কিছু চাটাই ব্যতীত আর কিছুই ছিল না। অর্থাৎ একেবারেই মাল-সামানাবিহীন একটা অবস্থা। শাইখ যখনই আমাদেরকে নিজের ঘরে খাবার খেতে ডাকতেন, তখন তার ঘরে যা উপস্থিত থাকতো; তাই সামনে পরিবেশন করতেন। রুটি, সবজি আবার কখনো ভাতও। শাইখের ইচ্ছা হলো: মুজাহিদীনরা যাতে আরাম-আয়েশের, ভোগ-বিলাসের জীবন থেকে একেবারেই দূরে থাকে। এমনকি যখন আমরা করয়াতুল আরবের মধ্যে ছিলাম; আল্লাহ তা'আলা যেন এই বরকতময় বসতি এবং দখলকৃত সমস্ত মুসলিম ভূখণ্ডকে মুসলিমদের হাতে আবারো ফিরিয়ে দেন। তখন শাইখ অধিকাংশ সময়ই ভাইদেরকে এই ব্যাপারে উৎসাহ দিতেন, যাতে করে তারা নিজের ঘরে বিদ্যুতের ব্যবস্থা না করে এবং বিদ্যুৎ ছাড়াই থাকার অভ্যাস করে। আবার মাঝে মাঝে এ ব্যাপারে খুব কঠোরতাও দেখাতেন। আমি মাঝে মাঝে শাইখের সাথে কিছু বিতর্ক করতাম যে, এই কঠোরতার কারণ কি? তিনি বলতেন, 'যাতে

মুজাহিদীনরা এই ভোগ বিলাসের জীবনকে জিহাদের শত্রু মনে করে। এবং যে দিন তাদের প্রশিক্ষণ কঠিন পরিস্থিতিতে হবে, তখন তারা জিহাদের কষ্টকে খুব সহজভাবে মেনে নিতে পারবে। এবং কোনো কঠিন পরিস্থিতিই তাদেরকে জিহাদ থেকে দূরে সরাতে পারবে না।' জিহাদের প্রশিক্ষণের প্রতি শাইখের খুব গভীর দৃষ্টি ছিল।

আমি একটি বিষয় আলোচনা করতে ভুলেই গিয়েছিলাম, শাইখের এই দুনিয়াবিমুখতার পরও তিনি মেহমানদের আপ্যায়ন করানোর ক্ষেত্রে খুবই প্রশস্ত হৃদয়ের অধিকারী ছিলেন। তিনি তাঁদের জন্য পশু জবাই করতেন এবং খুব ভালো খাবার পরিবেশন করতেন। এমনিভাবে মানুষ যখন কান্দাহারে অনেক ভিড় করছিল, দুই-একদিন পর পর দশ-বিশজনের একেকটি প্রতিনিধি দল শাইখের সাথে সাক্ষাত করতে আসতেন; তখন শাইখ মেহমানদের আধিক্যতার কারণে একপাল বকরী ক্রয় করেছিলেন। যাতে তাঁদের মেহমানদারিতে কোনো ধরনের ত্রুটি না হয়। এভাবেই দিন দিন যখন মেহমান আরো বাড়তে লাগলো, তখন শাইখ সেখানে একটি মেহমানখানাও নির্মাণ করেছিলেন। আল্লাহ তা'আলা যেন কান্দাহারের পবিত্র ভূমিকে আবারো মুসলিমদের হাতে ফিরিয়ে দেন।

সাধারণ সাথী, যারা বাইরের সাধারণ বিভাগে থাকতেন, তাদের খাবারের ব্যবস্থা সাধারণ বডিং থেকেই করা হতো। যেখানে রুটি, ডাল, সবজি ব্যতীত অন্য কিছু পাওয়া দুঃসাধ্যের ব্যাপার ছিল। যখনই বাহির থেকে কোনো মেহমান শাইখের সাথে সাক্ষাত করতে আসতেন, তখন তারাও আনন্দিত হয়ে যেতেন এবং বলতেন, চলো, আজকে খাবারে নতুন কিছুর ব্যবস্থা হবে, গোশত অথবা অন্য কিছু। এভাবে শাইখ রহ. এত সাধাসিধে জীবন-যাপন করার পরেও যখন তিনি কোনো জিহাদী সফরে বের হতেন, তখন শাইখের সাথে থাকা সাথীদের জন্য অনেক বেশি খরচ করতেন।

এখানে জিহাদী সফরের কথা বলা হচ্ছে; আর জিহাদী সফর ব্যতীত শাইখের অন্য কোনো সফর তো ছিলই না। আল্লাহ তা'আলা যেন তাঁর এই সকল কষ্টকে কবুল করেন। এই অধিক খরচ করার কারণে আমি শাইখকে একবার বললাম, শাইখ এটা কি প্রয়োজনের চেয়ে অতিরিক্ত খরচ নয়? তো শাইখ বললেন, তাদেরকে তাদের অবস্থার ওপর ছেড়ে দাও। কারণ আমার সাথে যারা থাকে, তাদের অনেক কষ্ট সহ্য করতে হয়; তাদের জীবনের সময় খুবই সংকীর্ণ এবং তাদের অধিকাংশই অন্যান্য কাজের সুযোগ পায় না; এমনকি তাদেরকে সবসময়ই অভিযানের জন্য প্রস্তুত থাকতে হয়। কারণ কখনো শাইখ আসছেন, আবার কখনো যাচ্ছেন। আবার কখনো সফরে বের হচ্ছেন, তো এই সাথীরা সব সময়ই ছায়ার মত শাইখের পাশে থাকছেন। এ জন্যই শাইখ এদের ব্যাপারে বলতেন, তাদেরকে একটু আলাদাভাবে দেখা দরকার। এটি হচ্ছে শাইখের উত্তম আদর্শের একটি দৃষ্টান্ত।

অনুরূপভাবে শাইখের নিরাপত্তা কর্মীদের সাথেও শাইখের এক আশ্চর্যজনক সম্পর্ক ছিল। নিরাপত্তার জন্য নির্ধারিত এ সব সাথীরা শুধুমাত্র আল্লাহ তা'আলাকে সন্তুষ্ট করার জন্যই এ কাজ করতেন। এ ধরনের লোকের ঋণ কোনোভাবেই শোধ করা সম্ভব নয়। কারণ তারা নিজেদের জান, নিজেদের জীবন উৎসর্গ করে শাইখের নিরাপত্তার জন্য ব্যস্ত থাকতেন। এমনিভাবে তারা শাইখকে হেফাজত করার জন্য আল্লাহর কাছেই সওয়াবের আশা করতেন।

শাইখ উসামা রহ. কে হেফাজত করার ব্যাপারে ঐ সব সাথীদের আত্মোৎসর্গের একটি ঘটনা আমার স্বরণ আছে, আফগানিস্তানে ক্রুসেড যুদ্ধ শুরু হওয়ার পর শাইখ বিভিন্ন জিহাদের ঘাঁটিতে অবস্থান করছিলেন। সে সময় আমিও শাইখের সাথে ছিলাম। এভাবেই যখন আমরা জালালাবাদে পৌঁছলাম, তখন আফগানিস্তানে ব্যাপক বোম্বিং শুরু হলো। রাত হতে না হতেই বোমা বর্ষণের ধারাবাহিকতা জালালাবাদ

এবং তার আশপাশের এলাকায়ও পৌঁছে গেল। আমাদের মনে এই আশংকা হচ্ছিল, অচিরেই এই বোমাবর্ষণ আমাদেরকেও ছেঁয়ে ফেলবে। আমরা তো জলদি করেই সেখান থেকে সরে যাওয়ার ইচ্ছা করলাম। আমরা যেই ঘরে ছিলাম; তার সামনের দিকে একটি বাগান এবং পিছন দিকে কিছু কামরা ছিল। ঐ সময় আমার যা বুঝে আসছিল, সেই অনুযায়ী আমি পিছনের দিকের কামরাগুলোকেই আশ্রয়স্থল বানালাম। কিন্তু শাইখকে শাইখের নিরাপত্তাকর্মীরা সামনের দিকে বাগানে নিয়ে গেল। বাগানের মাঝে এমন কিছুই পেলেন না; যার আড়ালে তারা অবস্থান করতে পারবে। তাই তারা শাইখকে একটি দেয়ালের পাশে বসিয়ে দিলেন এবং তারা শাইখের সামনে নিজেদেরকে একটি সীসাঢালা প্রাচীরে পরিণত করলেন। তারা শাইখকে আড়াল করে রাখলেন, যদি আঘাত লাগেই; তাহলে যেন তাদের গায়ে লাগে আর শাইখ নিরাপদে থাকেন। এই হলো শাইখ এবং তাঁর হিফাজতকারীদের/প্রহরীদের গভীর সম্পর্কের একটি দৃষ্টান্ত।

অনুরূপভাবে শাইখ খুবই দানশীল ছিলেন। আল্লাহর রাস্তায় খরচের ব্যাপারে একটি গুরুত্বপূর্ণ দিক হলো: তিনি তাঁর সমস্ত সম্পত্তি ফি সাবীলিল্লাহর জন্য খরচ করে দিয়েছেন। আমার একটি ধারণা, আল্লাহ তা‘আলা শাইখকে দুনিয়াতে সম্মানিত করেছেন এবং আশা করি, জান্নাতেও তিনি তাঁকে সম্মানিত করবেন। তো এর একটি বড় কারণ হলো: তাঁর সমস্ত সম্পদ আল্লাহর রাস্তায় খরচ করে দেয়া। একবার আমি শাইখ আবু হাফস রহ. কে জিজ্ঞাস করলাম, এমন কোন বিষয় রয়েছে, যার জন্য আল্লাহ তা‘আলা মানুষের অন্তরে শাইখ উসামা রহ. এর প্রতি এত ভালবাসা এবং সম্মান ও গ্রহণযোগ্যতা দান করেছেন?

এই ব্যাপারে শাইখ আবু হাফস রহ.ও এই কথা বলেছিলেন, আমার ধারণা অনুযায়ী এর কারণ হলো: তাঁর সমস্ত সম্পদ আল্লাহর রাস্তায় খরচ করে দেয়া। আমি বললাম, আল্লাহর কসম! আপনার কথা একেবারেই সত্য।

শাইখ রহ. দানের ব্যাপারে ছিলেন একেবারেই উদার। সাথে সাথে তিনি আল্লাহ তা'আলার ওপর ভরসাও করতেন। তিনি খরচ করতে থাকতেন এবং পরবর্তীতে আল্লাহ তা'আলার থেকে রিজিকের আশা করতেন। আর আল্লাহ তা'আলার পক্ষ থেকে রিজিকের ব্যবস্থাও করে দেওয়া হতো।

অধিকাংশ মানুষই এটা মনে করেন যে, শাইখ উসামা রহ. আরবের কোটিপতি হয়ে জন্মগ্রহণ করেছিলেন। কোটিপতি থাকা অবস্থায় জীবন অতিবাহিত করেছেন। আবার কোটিপতি অবস্থায় মৃত্যুবরণ করেছেন। তবে বাস্তবতা হলো: শাইখ উসামা রহ. যখন সুদান থেকে বের হলেন, তখন তাঁর অনেক সম্পদ লোকসান হয়েছিল। আল্লাহ তা'আলা যেন সুদানের হুকুমতকে হিদায়াত দান করেন; যারা শাইখ উসামা রহ. এর অর্থ দিয়ে উপকৃত হয়ে শাইখ উসামা রহ. এর সহযোগিতার ক্ষেত্রে হাত গুটিয়ে নিয়েছিল। এটা ভিন্ন কথা, আল্লাহ তা'আলা পরবর্তীতে মুজাহিদীন ও তালেবানদের মাধ্যমে শাইখকে সাহায্য করেছেন। সুদানের বিষয়ে সময় হলে আলোচনা করবো, ইনশাআল্লাহ। আসল কথা হলো: শাইখ যখন সুদান থেকে বের হলেন, তখন তাঁর সম্পদের অবস্থা এত ভালো ছিল না, মানুষ যেরূপ ধারণা করে থাকে। তবে এটা সত্য, শাইখ তখনো সম্পদের মালিক ছিলেন। এতদসত্ত্বেও কখনোই শাইখ জিহাদের ক্ষেত্রে সম্পদ খরচ করতে কৃপণতা করেননি। যার একটি সুস্পষ্ট প্রমাণ হলো, শাইখের নিউইয়র্ক ও ওয়াশিংটন আক্রমণের বিশাল খরচ। ৯/১১ হামলার ব্যাপারে এখানে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরবো, আমেরিকা এবং তার দোসর আরব-অনারবের মিডিয়াগুলোর একটি নিকৃষ্ট চরিত্র হলো: যখন ৯/১১ এর হামলার

আলোচনা আসে, তখন তারা শুধুমাত্র নিউইয়র্কের ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, তথা টুইন টাওয়ারের আলোচনা করেই ক্ষান্ত হয়ে যায়। পেন্টাগন ও ঐ জাহাজের কথা আলোচনা করা হয় না; যা সেলভিনিয়ায় ধ্বংস করে দেওয়া হয়েছে। এই সকল লোকেরা ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এর আলোচনা তো করে; কিন্তু পৃথিবীর সবচেয়ে পরাশক্তির অধিকারীদের মাথায় আঘাতের বিষয়গুলোও উল্লেখ করে না। এমনিভাবে যখন ৯/১১ এর হামলার দিন আসে, তখন আমেরিকান প্রেসিডেন্ট ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের ধ্বংস্তুপের নিকট গিয়ে কিছু অশ্রু বিসর্জন দিয়ে থাকে এবং এই চেষ্টা করতে থাকে যে, কিভাবে মুজাহিদীনদেরকে হিংস্র ও খুনী সাব্যস্ত করা যায়। পাশাপাশি এটাও বুঝানোর চেষ্টা করে যে, আমেরিকা এতই পূত-পবিত্র! তারা কোনো অপরাধ-ই করেনি। তবে বাস্তবতা হলো: এরাই হচ্ছে তারা; যারা জাপানে পরমাণুবিক বোমা দিয়ে জাপানকে ধ্বংস করে দিয়েছে। কিন্তু সুবহানাআল্লাহ! এত কিছু করার পরেও তারা একেবারেই মাসুম ও নির্দোষ!

সারকথা হলো: শাইখ জিহাদের ক্ষেত্রে অনেক বেশি খরচ করতেন। এই ব্যাপারে শাইখ আমাকে একবার একটি ঘটনা শুনিয়েছিলেন। একবার শাইখের নিকট খুব সামান্য কিছু পয়সা ছিল, ঐ সময় ৯/১১ এর হামলার প্রশিক্ষণের জন্য নিযুক্ত এক ভাই আসেন এবং বলেন আমার খুব শীঘ্রই এত টাকা প্রয়োজন। যদি এই টাকার ব্যবস্থা হয়, তাহলে সাথীদেরকে পরিপূর্ণরূপে গড়ে তুলতে পারবো। শাইখ রহ. বললেন, আমার কাছে শুধুমাত্র আগামী মাস চলার মতো খরচ আছে; যাও! তুমি এগুলো নিয়ে যাও। আল্লাহ তা'আলা হয়তো আমাকে অন্য জায়গা থেকে ব্যবস্থা করে দিবেন। আসলে আল্লাহ তা'আলা তাঁকে ব্যবস্থা করেও দিয়েছিলেন। একবার এক ভাই আমাকে একটি ঘটনা বলেছিলেন, সে এই ঘটনার সময় উপস্থিত ছিলেন। একবার আমেরিকান এম্বেসিতে আক্রমণের জন্য নির্ধারিত এক জিম্মাদার সাথী

শাইখের কাছে এসে বললেন, আমাদের পঞ্চাশ হাজার ডলার খুব শীঘ্রই প্রয়োজন; ঐ সময় শাইখের কাছে শুধুমাত্র পঞ্চান্ন হাজার ডলার ছিল। শাইখ ঐ ভাইদেরকে পঞ্চাশ হাজার ডলার দিয়ে দিলেন এবং বলতে লাগলেন আমার কখনো অতিরিক্ত সম্পদের জন্য এত আনন্দ লাগেনি; যতটুকু আনন্দ আজকের এই অতিরিক্ত পাঁচ হাজার ডলারের জন্য লাগছে। আজকে আমার এ জন্য আনন্দ লাগছে, আমি আমার সম্পদের অধিকাংশ সম্পদই জিহাদের জন্য খরচ করে দিয়েছি। আসলে জিহাদ ফি সাবীলিল্লাহর জন্য শাইখের খরচের ব্যাপারটি একটি প্রসিদ্ধ বিষয়; যা সকলেই জানি।

এখানে আমি সামান্য কিছুই আলোচনা করতে পারবো। শাইখের জিহাদের জন্য খরচের ব্যাপারে আরেকটি বিষয় আলোচনা করা দরকার। সকলেই জানেন যে, শাইখ রহ. জিহাদের ক্ষেত্রে ব্যয় করার ব্যাপারে বড়ই প্রশস্ত হৃদয়ের অধিকারী ছিলেন। কিন্তু অনেকলোকই এই কথার ওপর অবগত নয় যে, শাইখ রহ. আল্লাহকে সন্তুষ্ট করার লক্ষ্যে জিহাদের জন্য সম্পদ ব্যয়ের ক্ষেত্রে খুবই সতর্কভাবে খরচ করতেন। [আমাদের আর কত সময় বাকি আছে ভিডিও ধারণ করার? ভিডিও ধারণকারী ভাইদেরকে খুবই পেরেশান দেখা যাচ্ছে!] তো আমি এই কথা বলছিলাম, শাইখ অন্যান্য ব্যাপারে সম্পদ খরচ করার ক্ষেত্রে খুবই কঠোর ছিলেন। এই ব্যাপারে আমার এক সাথীর ঘটনা স্মরণ আছে, যখন আমরা রুশদের বিরুদ্ধে জিহাদের সময় পেশওয়ারে অবস্থান করছিলাম; ঐ সময় আমার এক পরিচিত ভাই সেখানে এসে উপস্থিত হলেন। ঐ ভাই, যার সাথে আমার এবং শাইখ আবু উবাইদা রহ. এর সম্পর্ক ছিল। তার ওপর মুজাহিদীনদের তা'লীম তারবিয়াতসহ বিভিন্ন বিষয়ের জিম্মাদারি ছিল। ঐ ভাইয়ের এমন একটি মাদরাসা করার ইচ্ছা ছিল, যেখানে উত্তম শিক্ষা দেওয়া হবে। এমন আলেম-উলামা তৈরী হবে; যারা সব ধরনের ভালো কাজে

অংশগ্রহণ করবে। সে ছিল এই ব্যাপারে খুবই আগ্রহী । সে আমার এবং শাইখ আবু উবাইদার নিকট এসে বলল, আপনি আমার এই ইচ্ছার ব্যাপারে শাইখ উসামা রহ. এর সাথে আলোচনা করবেন আর আমাকে একটু সহযোগিতা করবেন। আমি বললাম, না, আমি এই ধরনের কাজ পূর্বে কখনো করিনি; আর এটা আমার অভ্যাসও নয় যে, আমি কাউকে শাইখের নিকট নিয়ে যাবো এবং বলবো শাইখ তাকে সহযোগিতা করুন। আমি এটা করতে পারবো না। তখন সে বলতে লাগল, তাহলে আপনি আমাকে একটু শাইখের সাথে আলোচনা করার ব্যবস্থা করে দিন। তখন আমি বললাম, আচ্ছা ঠিক আছে; চলো, শাইখের সাথে সাক্ষাত করিয়ে দেই। অতঃপর ঐ ভাই শাইখের সাথে বসলেন এবং নিরিবিলি আলোচনা শুরু করলেন, আর শাইখ সবগুলো কথাই গুরুত্ব সহকারে শুনলেন। অতঃপর যখন সে ভাই তার ইচ্ছার কথা শাইখকে জানালেন এবং বললেন, আমি চাই এই ব্যাপারে আপনি আমাকে কিছু সাহায্য সহযোগিতা করুন। শাইখ বললেন, না, আমি সাহায্য করতে পারবো না। এই কথা শুনে ঐ ভাই খুব পেরেশান হয়ে গেলেন এবং বলতে লাগলেন, এর কারণ কি? এটা কি কোনো ভালো কাজ নয়? এতে কি মানুষের উপকার হবে না? মুজাহিদীনরাও এর দ্বারা উপকৃত হবে। ঐ সময় শাইখ বললেন, “আমার প্রিয় ভাই! আজকে জিহাদকে নিয়ে চিন্তা করার মতো কোনো লোক নেই। কিন্তু এই ধরনের এতিমদের ওপর এবং মাদ্রাসার ওপর খরচ করার বহু লোক রয়েছে। আর জিহাদ ফি সাবীলিল্লাহ যদি ঠিকভাবে হয়; তাহলে এ ধরনের সব সমস্যা দূর হয়ে যাবে। সুতরাং আজকে জিহাদে সম্পদ খরচের মতো কোনো লোক নেই; এই পরিস্থিতিতে আমি জিহাদের সম্পদ আপনাকে দিয়ে দিবো! এটা হতেই পারে না।” তখন ঐ ভাই অনেক আফসোস ও পরিতাপ করতে লাগলেন। কিন্তু তার চিন্তাধারা আগের মতোই রয়ে গেল এবং শাইখের সাথে তর্ক করতে লাগলেন; কিন্তু শাইখ

নিজের মতের ওপর অটল রইলেন। এই পরিস্থিতিতে আমার সন্দেহ হচ্ছিল, শাইখ এটা মনে করে বসেন কিনা, আমি এবং আবু উবাইদা ঐ ভাইয়ের রায়ের সাথে একমত। তাই আমি বলে উঠলাম, ভাই! শাইখ যে কথা বলেছেন, সেটাই সঠিক। আর সম্পদ খরচের ক্ষেত্রে এখন জিহাদ ফি সাবীলিল্লাহই বেশি হকদার। যখন এটা পূর্ণাঙ্গ হয়ে যাবে, তখন অন্য জায়গায় খরচ করা হবে। ঐ সময় ঐ ভাই আরো নৈরাশ হলেন এবং বললেন, শাইখ! আপনি যদি আমাকে সাহায্য করতে না পারেন; তাহলে এমন কারো সাথে আমার সাক্ষাৎ করিয়ে দিন, যারা এই ব্যাপারে সাহায্য করবে। তখন শাইখ আবারো বললেন, আমি এটাও করতে পারবো না। ঐ ব্যক্তি বললেন, সুবহানাল্লাহ! এটার মাঝে আবার কি সমস্যা? শাইখ বললেন, “এটা কিভাবে সম্ভব! একদিকে আমি এ কথা বলবো, এখন ব্যয় করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত হলো: জিহাদ ফি সাবীলিল্লাহ, আবার আমি অপরদিকে অন্য জিনিসের জন্য টাকা চাইবো? এটা করলে তো কথা ও কাজে কোনো মিল থাকলো না।” অতঃপর ঐ ভাই খুব বেশি নৈরাশ হলেন এবং শাইখের থেকে এ ব্যাপারে কোনো ধরনের ফায়দাই হাসিল করতে পারলেন না।

শাইখের আদর্শিক আরেকটি দিক এটাও ছিল যে, শাইখ লেনদেনের ক্ষেত্রে অনেক সময় নিজের হক্ব মাফ করে দিতেন। এই ব্যাপারে আমার একটি ঘটনা স্মরণ আছে, আমাদের এক ভাই যিনি রুশদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন; অতঃপর শাইখ যখন সুদানে চলে যান এবং সেখানে বিভিন্ন ব্যবসা বাণিজ্য শুরু করলেন; তখন সেই ভাই শাইখের নিকট গেলেন। আর শাইখেরও ঐ ভাইয়ের প্রতি অনেক আত্মবিশ্বাস ছিল। তখন সেই ভাই শাইখকে বলল, শাইখ আমি মানুষের কাছ থেকে টাকা পয়সা নিয়ে ব্যবসা করে থাকি; এর মাধ্যমে লাভ করে নিজেও উপকৃত হই এবং মানুষদেরকেও উপকৃত করি। তখন শাইখ বললেন, এটা তো খুব ভালো কথা। তখন সে বলল,

আমি চাই আপনিও আমাকে কিছু সাহায্য করুন। শাইখ বললেন, ঠিক আছে, আপনাকে সাহায্য করবো কিন্তু একটি শর্ত আছে। সে বলল, শর্তটি কি? শাইখ বললেন, যে জিনিস আমি আপনাকে দিবো, সেটা আমার অনুমতি ব্যতীত বিক্রি করতে পারবেন না। উনি বললেন, ঠিক আছে আপনার শর্ত আমি মেনে চলবো। অতঃপর শাইখ একটি কাগজে সাইন করতে দিলেন এবং শাইখের গোডাউন থেকে অনেক পরিমাণ চিনি নিয়ে যেতে বললেন। শাইখ সুদানে ব্যবসা করতেন; এর মধ্যে চিনির ব্যবসাও ছিল। তিনি সুদানের কারখানা থেকে চিনি ক্রয় করে পাইকারি বিক্রি করতেন। শাইখ ঐ ভাইকে দশ হাজার ডলার সমপরিমাণ টাকার চিনি দেওয়ার জন্য এজাজতনামা লিখে দিলেন এবং বললেন এটা আপনাকে আমি ঋণ দিলাম। আপনি এটা বিক্রির মাধ্যমে হালাল রিজিক কামাই করবেন এবং যখন এর মূল্য একত্রিত হবে, তখন আমার ঋণ পরিশোধ করে দিবেন। কিন্তু এই শর্তটি রক্ষা করবেন, যা আপনাকে দিয়েছি। অতঃপর সে বলল, ইনশাআল্লাহ, আমি তা মেনে চলবো। সে চিনি নিয়ে চলে গেল এবং বিক্রি করতে শুরু করল। কিন্তু এই ভাই মনে হয় ব্যবসা-বাণিজ্য সম্পর্কে খুব বেশি অভিজ্ঞ ছিলেন না। কিছুদিন পর তার নিকট লম্বা দাড়ি, লম্বা জামা পরিধানকারী এক ধোঁকাবাজদের লিডার আসলো। যে ছিল প্রসিদ্ধ ধোঁকাবাজ জামালুল ফজল। সে শাইখ উসামা রহ. এর প্রতিষ্ঠানে চাকরি করতো। পরবর্তীতে টাকা-পয়সা আত্মসাৎ করে বহিস্কৃত হয় এবং সে সাধারণ মানুষদের অনেক টাকা-পয়সা আত্মসাৎ করেছে। অবশেষে সে নিজেকে মানুষের হাত থেকে বাঁচানোর জন্য আমেরিকার সাথে একত্রিত হয় এবং শাইখের ব্যাপারে ইনফরমেশন দিয়ে আমেরিকা থেকে টাকা উপার্জন করতে শুরু করে। যেহেতু এই জামালুল ফজল (আগে) শাইখের সাথে থাকতো; এজন্য ঐ ভাইও তার ওপর বিশ্বাস করে বসে এবং সে ঐ ভাইকে বলে, আমি তোমাকে পস্ত ভাইদের সাথে যোগাযোগ

করিয়ে দিবো। যে তোমাকে সবচেয়ে বেশি মূল্য দিবে এবং তোমার থেকে চিনি নিয়ে তোমাকে পয়সা দিয়ে দিবে। অতঃপর সে ঐ ভাইটিকে চিনি নিয়ে চেক ধরিয়ে দেয়। পরবর্তীতে ঐ ভাই নিশ্চিত হয়, তাকে দেওয়া চেকটি ছিল জাল; সে ধোঁকাবাজি করেছে এবং চিনি নিয়ে গেছে। অতঃপর সে তাকে অনেক খুঁজেও ব্যর্থ হয় এবং শাইখের নিকট আসে। শাইখ রহ. বলেন, আমি তো তোমাকে প্রথমেই একটি শর্ত দিয়েছিলাম। তুমি শর্ত ভঙ্গ করেছ। সে বলল, আসলে অপরাধটা আমারই। আমি আপনার ঋণ পরিশোধের জন্য কিছু সময় চাইছি। অতঃপর সেই ভাই বহুদিন চেষ্টা করে অর্ধেক ঋণ শোধ করে, আর অর্ধেক ঋণ বাকি থাকে।

এরপর তিনি হিজরত করে আফগানিস্তানে তালেবানদের নিকট পৌঁছান। তখনও শাইখের সাথে তার খুব ভালো সম্পর্ক ছিল। অতঃপর ঐ ভাই আফগানিস্তানে ক্রুসেডারদের বোমাবর্ষণে শহীদ হোন। ঐ ভাইয়ের শাহাদাতের পর আমি শাইখ রহ. কে বলি, শাইখ উসামা! আপনি তো জানেন, শহীদদের সবকিছু ক্ষমা করে দেওয়া হয় الا الدين ঋণ ব্যতীত। যেহেতু এই ভাইয়ের নিকট আপনার ঋণ ছিল; এমনকি হতে পারে না যে, আপনি তাকে মাফ করে দিবেন এবং আখিরাতে প্রতিদানের আশা করবেন? অতঃপর শাইখ বললেন, ঠিক আছে, আমি এই ভাইকে ক্ষমা করে দিলাম এবং এই ভাইয়ের সাথে আমার সমস্ত মুয়ামালা এখানেই ক্ষান্ত হলো।

আজকের আলোচনা এখানেই শেষ করছি। আগামী পর্বে আবার কথা হবে, ইনশাআল্লাহ।

# পর্ব ৩

ইমামুল মুজাহিদীন, মুজাদ্দিদ শাইখ উসামা বিন লাদেন রহ. এর সাথে কাটানো দিনগুলোর স্মৃতিচারণের এটি তৃতীয় পর্ব। আমি প্রথমে মুসলমানদেরকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছো জানিয়ে শুরু করতে চাই। আল্লাহ তা'আলা সকল মুসলমানের রোজা, তারাবীহর নামায ও দু'আ কবুল করুন (আমীন)। এই মুবারক মাসকে আমাদের জন্য সাহায্য, বিজয় ও সম্মানের মাস হিসাবে কবুল করুন। বিশেষ করে আমাদের ঐ সকল ভাইদের জন্য, যারা রিবাতের ভূমি শাম, ইয়েমেন, সোমালিয়া ও অন্যান্য এলাকা পূর্ব তুর্কিস্তান থেকে শুরু করে মরক্কো পর্যন্ত জিহাদের কাজে ব্যস্ত আছেন। ইমামুল মুজাহিদীন, মুজাদ্দিদ শাইখ উসামা বিন লাদেন রহ. ঘটনাবলীর মাঝে রমজানের বিভিন্ন ঘটনাও অন্যতম। যখনই শাইখ ও রমজানের কথা মনে পড়ে, তখনই ঐ রমজানের কথা স্মরণ হয়; যা আমরা তোরাবোরাতে কাটিয়েছিলাম। আজকের এই পর্বে তোরাবোরা সম্পর্কে বিশেষ কোনো আলোচনা করবো না। কেননা আমি তোরাবোরা আর সেখানকার মুজাহিদীনের বীরত্বগাঁথা সম্পর্কে আলাদা একটি পর্বে আলোচনা করবো, ইনশা আল্লাহ। তোরাবোরাতে কীভাবে আল্লাহ তা'আলার তাওফীকে শাইখ উসামা রহ. বিচক্ষণতার সাথে সকল ক্ষেত্রে মুজাহিদদের নেতৃত্ব দিতেন? আর কীভাবেই-বা আমেরিকার পতন, কপটতা ও কাপুরুষতা এবং মুনাফিকদের উপর আস্থা রাখার বাস্তবতা সকলের সামনে স্পষ্ট হয়ে যায়? তাও আলোচনা করবো। তবে এখানে আমি শুধু এতটুকু স্মৃতিচারণ করব যে, তোরাবোরাতে যে রমজান কাটিয়েছিলাম, এর মাঝে এমন এক আলাদা মর্যাদা রয়েছে, যা তাকে অন্য রমজান থেকে আলাদা করে দেয়। সে রমজানের সময়গুলো ছিল আমাদের জন্য খুবই কষ্টকর। শাইখ উসামা রহ. আমাদের সকলকে রসদ ও

খাবারের কমতির কারণে রোজা রাখতে নিষেধ করেছিলেন। আমার আরো মনে পড়ছে যে, আমি তোরাবোরা থেকে শাইখের আগে বের হয়ে যাই। এরপর আমরা পুনরায় ঈদুল ফিতরের সময় মিলিত হই। তিনি তখন আমার কাছে আসেন। আমার স্মরণ আছে, আমি তখন প্রথমে তাঁর দিকে সালাম জানিয়ে এগিয়ে যাই। তারপর মুতানাব্বীর কবিতা দ্বারা তাঁকে অভ্যর্থনা জানাই,

ولأخصنك في منجى بتهنئة * إذا سلمت فكل الناس قد سلموا

"আমি আপনাকে উদ্ধারকর্তা হিসাবে বিশেষভাবে অভিবাদন জানাই,

কেননা, যখন আপনি নিরাপদ থাকেন, তখন সকল মানুষই নিরাপদ থাকে।"

কবিতার সাথে, মুতানাব্বীর সাথে, গৌরব, জিহাদ, বীরত্ব ও সাহসিকতার কবিতা ও যুহদ ও আখলাকের কবিতা এবং কবিতার সাথে শাইখের সখ্যতা নিয়ে অনেক লম্বা ঘটনা রয়েছে। 'শাইখ ও কবিতা' শিরোনামে একটি স্বতন্ত্র পর্বে আমরা এ বিষয়ে আলোচনা করতে পারি, ইনশা আল্লাহ।

আমি আজকের পর্বে আপনাদের সামনে আলেম-উলামাদের সাথে শাইখ রহ. এর সম্পর্কের গভীরতা নিয়ে আলোচনা করতে চাই।

অনেকে মুজাহিদদের সম্পর্কে এই অপবাদ দিয়ে থাকেন যে, তারা আলেমদের যথাযথ সম্মান করে না, আলেমদের মর্যাদা সম্পর্কে জানে না এবং তাদের ইলমের কমতি রয়েছে, ইত্যাদি।

তাই আমি আলেমদের সাথে শাইখ উসামা রহ. এর অন্তরঙ্গ সম্পর্কের কথা উল্লেখ করে এ বিষয়টা স্পষ্ট করে দিতে চাই।

তিনি যৌবনের শুরু থেকেই দ্বীনি শিক্ষার পাবন্দী করে আসছেন। ইলম অন্বেষণের জন্য বহু উলামা-মাশায়েখের ইলমী মজলিসে উপস্থিত হয়েছেন। যেহেতু শাইখ রহ. বিশ্ববিদ্যালয়ে পড়াকালীন অবস্থায়ই জিহাদের জন্য বের হয়ে যান। এ কারণে ইলম অর্জনে পুরোপুরি সময় দিতে পারেননি। কেননা জিহাদ ফি সাবীলিল্লাহর কাজে তিনি

এতই ব্যস্ত হয়ে পড়েন যে, এটিই ছিল তাঁর সর্বক্ষণের কাজ। কিন্তু এই ব্যস্ততাও শাইখকে ইলম অন্বেষণ এবং এর প্রচার-প্রসার থেকে বিরত রাখতে পারেনি। খুব সম্ভব আমি 'فرسان تحت راية النبى صلى الله عليه وسلم'এর মধ্যে আফগানিস্তানে শাইখ উসামা রহ. এর দাওয়াত ও ইলমী কার্যক্রমের উপর কিছু আলোকপাত করেছিলাম যে, কীভাবে সেখানে শাইখ উসামা রহ. এ উদ্দেশ্যে ইলমের দরসসমূহ চালু করেছিলেন।

কিন্তু এখন আমি আলোচনা করবো উসামা বিন লাদেন রহ.এর সাথে উলামায়ে কেরামগণের সম্পর্কের কথা। প্রথমে জাযিরাতুল আরবের আলেমদের সাথে, এরপর আফগানিস্তানের, তারপর পাকিস্তানের আলেমদের সাথে তাঁর কেমন সম্পর্ক ছিল, তা আলোচনা করবো।

উলামায়ে কেরামগণের সাথে শাইখের কিছু সাক্ষাৎকারে আমি নিজে উপস্তিত ছিলাম। কিছু সাক্ষাৎকারের ব্যাপারে স্বয়ং শাইখ আমার কাছে বলেছেন। আমার স্মরণ আছে, শাইখ আমাকে জাযিরাতুল আরবের আলেমদের সাথে সাক্ষাতের কথাও বলেছেন। শাইখ রহ. তাঁদেরকে জিহাদে বের হওয়ার এবং জিহাদের জন্য প্রস্তুতি ফরয হওয়ার মাসআলা মানুষকে জানানোর উদ্দেশ্যে ফতোয়া প্রদান করতে উৎসাহ দিয়েছিলেন। কেননা উম্মাহর ধ্বংসই এখন শত্রুদের মূল টার্গেট। শত্রুরা চারদিক থেকে উম্মাহকে ঘিরে ধরেছে। ইসলামের ভূখন্ডগুলোর উপর নিজেদের আধিপত্য স্থাপন করেছে। আর স্পেনের পরাজয়ের পর থেকেই উম্মাহর উপর জিহাদ ফরযে আইন হয়ে আছে। এই সকল বিষয়ের উপর ভিত্তি করে শাইখ আলেমদের উদ্দেশ্যে বলতেন, তাঁরা যেন উম্মাহর সামনে এ সম্পর্কে স্পষ্ট ফতওয়া প্রদান করেন।

এই বিষয়ে শাইখ উসামা রহ. আমাকে মুহাম্মাদ ইবনে উসাইমিন রহ. এর সাথে সাক্ষাতের কথা বলেছেন। এটাও এখানে উল্লেখ করা দরকার যে, শাইখ উসাইমিন

শাইখ উসামা বিন লাদেনকে টেপ-রেকর্ডারের মাধ্যমে বিশেষ প্রশংসাসূচক সনদ প্রদান করেন। এমনকি তিনি এ ব্যাপারে ঘোষণাও দেন। আল্লাহ তা'আলা তাদের সকলের উপর রহম করুন। যাই হোক, শাইখ আমাকে বললেন, আমি শাইখ উসাইমিনকে অনুরোধ করলাম, "শীর্ষ আলেমদের কাউন্সিল থেকে এই ফতওয়া প্রদান করা জরুরী যে, জিহাদের জন্য প্রস্তুতি গ্রহন করা মুসলমানদের উপর ফরয।" এরপর শাইখ উসাইমিন রহ. স্পষ্টভাবেই তাঁকে এ কথা বলেছিলেন, আমরা শীর্ষ উলামা কাউন্সিল থেকে ততক্ষণ পর্যন্ত কোনো ফতওয়া দিতে পারি না; যতক্ষণ না আমরা উপর থেকে অনুমতি পাই। অর্থাৎ বাদশাহর কাছ থেকে অনুমতি আসে। তখন শাইখ উসামা রহ. আসল বিষয়টি বুঝে নিলেন।

এমনিভাবে উলামায়ে সাহওয়াহর সাথে শাইখ উসামা রহ. এর বিশেষ সম্পর্ক ছিল। তারা ঐ সকল যুবক আলেম; যারা 'সাহওয়াতুল ইসলামীয়া'র আন্দোলনকে জাযিরাতুল আরবে ছড়িয়ে দিয়েছিলেন। শাইখ উসামা রহ. এদের নিয়ে অনেক আশা পোষণ করতেন। বিশেষ করে খালিজের প্রথম যুদ্ধের পর।

শাইখ তাদেরকে আল্লাহর রাস্তায় হিজরত করার জন্য বলতেন। তিনি তাদেরকে বলতেন, দাওয়াত ও জিহাদের জন্য হিজরত খুবই গুরুত্বপূর্ণ আমল। এটা নবীগণ, সালেহীন ও তাদের অনুসারীদের সুন্নতও বটে। শাইখ তাদেরকে বলতেন, সরকার আপনাদেরকে ছাড়বে না, তারা অবশ্যই আপনাদেরকে রুখে দিবে। শক্তি বলে আপনাদের মুখ বন্ধ করে দিবে। এই জন্য আপনাদের উপর আবশ্যক যে, আপনাদের মাঝ থেকে কিছু আলেমকে হিজরতের জন্য প্রস্তুত করবেন। যখন দেশের অভ্যন্তরে আপনাদের উপর জোর-জবরদস্তি করা হবে, তখন বাহির থেকে তো এমন কেউ থাকা দরকার; যারা আপনাদের পক্ষ হয়ে কথা বলবে। শাইখ উসামা রহ. বলতেন, আমি তাদের উপর অনেক মেহনত করেছি। আমার এখনো

শাইখের ঐ কথা মনে আছে, যা তিনি আমাকে ও ভাইদেরকে উদ্দেশ্য করে বলেছেন, ‘জাযিরাতুল আরবের এমন কোনো আলেম নেই, যাকে আমি হিজরতের দাওয়াত দেইনি। চাই আপনারা তাকে চিনেন অথবা না চিনেন। উত্তরে তারা বিভিন্ন ধরনের ওযর পেশ করতেন।’ তারপরও শাইখ তাদেরকে নিজের দূরদৃষ্টি দ্বারা সাবধান করতে থাকেন। আর বাস্তবেও তাই ঘটেছে; যে রকম শাইখ বলেছিলেন। তিনি ঐ সকল আলেমদেরকে বলেছিলেন, অচিরেই আপনাদেরকে গ্রেফতার করা হবে। আপনাদের মুখ বন্ধ করে দেওয়া হবে। আপনাদেরকে জেলখানায় বন্দী করে রাখা হবে। সবশেষে শাইখ আমাকে বলেছিলেন যে, তখন তাদের থেকে একজন বলেছিল, হে উসামা! যদি আমাদের উপর ভেতর থেকে কোনো বিপদ এসে যায়; তবে বাহির থেকে আমাদের পক্ষে বলার জন্য আপনি তো আছেনই। কার্যত শাইখের দূরদৃষ্টি দ্বারা যেমনটা আশংকা করেছিলেন, বাস্তবে তেমনি হয়েছিল। আপনারা সকলেই তা অবগত আছেন, কীভাবে তাদের গ্রেফতার করা হয়েছে! কীভাবে তাদেরকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে! আর এই কাজ পর্যায়ক্রমে চার বছর বা তার চেয়ে বেশি কিছু সময় ধরে চলেছিল। এ সময়েও শাইখ তাদের নাম শুনে তাদের সম্পর্কে বলতেন এবং তাদের উপর আপতিত নির্যাতনের কথা আলোচনা করতেন। এরপর এক পর্যায়ে সরকার তাদেরকে ছাড়তে শুরু করে।

আমার স্মরণ আছে, যখন আমি জানতে পারলাম, তাদের মধ্য থেকে একজন প্রসিদ্ধ আলেমকে ছেড়ে দেয়া হয়েছে। তখন আমি শাইখের কাছে তার কথা বললাম। কিন্তু শাইখ আমার আগেই এ বিষয়ে আরো সবিস্তারে জানতেন। আমি খুশি খুশি শাইখের সামনে আসলাম। আর তাকে বললাম, আলহামদু লিল্লাহ! অমুক শাইখকে মুক্তি দেয়া হয়েছে। ইনশাআল্লাহ, ওনার থেকে অনেক কল্যাণের আশা করা যায়। শাইখ প্রথমে চুপ ছিলেন। তারপর আমাকে বললেন, আসলে আপনি একটি কথা জানেন না।

আমি বললাম, আল্লাহ আমাদের ভালো করুন। কী হয়েছে? শাইখ বললেন, এই লোকটি সম্পর্কে আমি ভাইদের সামনে কথা বলতে চাচ্ছিলাম না। আমি বললাম, কোনো সমস্যা নেই। পরে শাইখ বলেছিলেন, ওই ব্যক্তিকে সরকার নিজের পক্ষের লোক বানিয়ে নিয়েছে। আর সে যখন বের হয়, তখন মুহাম্মাদ নায়েফের প্রশংসা করতে করতে বের হয়েছিল। আমি 'ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন'পড়লাম। শাইখ বলতে থাকলেন, আপনার কী জানা নেই, জেলের মধ্যে কী হয়? সরকার জেলকে সুসজ্জিত করে রেখেছে। আরাম,আয়েশের জায়গা বানিয়ে দিয়েছে। যার ফলে এ রকম অনেক লোক বদলে গেছে। আমি অত্যন্ত আশ্চর্য হয়ে 'ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন' পড়লাম। শাইখ বললেন, হ্যাঁ, এ রকমই! অধিক আফসোসের সাথে বলতে হচ্ছে, এ ধরনেরই একজন ব্যক্তি; যিনি নিয়মিত টেলিভিশনের প্রোগ্রামে উপস্থিত হয়ে থাকেন। একটি প্রোগ্রামে শেষ পর্যন্ত সে এটাও বলেছে, "আমি আল্লাহকে সাক্ষী রেখে উসামা বিন লাদেন থেকে নিজেকে মুক্ত ঘোষণা করছি।"আমি অস্থির হয়ে বললাম, সুবহানাল্লাহ! এটা কী রকম কথা! ভাই আমার, আমার কাছে দু'আ করার চেয়ে অধিক কী সম্বল আছে! আমি আল্লাহর কাছে আপনার জন্য এই দুআ করি, তিনি আপনাকে উত্তমভাবে সত্যের পথে প্রত্যাবর্তন করান। আর আপনাকে এমন শাহাদাত দান করুন, যেমন শাহাদাত আল্লাহ উসামা বিন লাদেন রহ.কে দান করেছিলেন।

এমনিভাবে নিজেকে দায়ী দাবীকারী আরেক ব্যক্তি টেলিভিশনের পর্দায় এসে বলতে লাগলো, উসামা বিন লাদেন সুস্পষ্ট পথভ্রষ্ট একজন মানুষ। টেলিভিশনের পর্দায় শাইখকে উদ্দেশ্য করে বলা হলো, আপনি স্পষ্ট বিপদগামী মানুষ! সুবহানাল্লাহ! উসামা বিন লাদেন সুস্পষ্ট পথভ্রষ্ট মানুষ! আর হুসনে মোবারাক ও আব্দুল্লাহ বিন আব্দুল আযীয হলো আমীরুল মু'মিনীন! কতই না নিকৃষ্ট বিচার তাদের! আমি তাদের

উদ্দেশ্যে এ দু'আ করব, হে আমার ভাই! আল্লাহ আপনাকে উত্তমভাবে সত্যের পথে প্রত্যাবর্তন করান। আর আপনানাকে এমন শাহাদাত দান করুন, যেমন শাহাদাত আল্লাহ তা'আলা উসামা বিন লাদেন রহ. অথবা আবু দুজানা খুরাসানী রহ.কে দান করেছিলেন। আল্লাহ তা'আলা সকল মুসলমান শহীদদের উপর রহমত বর্ষণ করুন। এগুলো ছিল শাইখের সাথে জাযিরাতুল আরবের আলেমদের সাথে ঘটমান কিছু ঘটনা।

অনুরূপভাবে শাইখ উসামা রহ. এর আফগানিস্তানের আলেমগণের সাথে; বিশেষ করে মুজাহিদ আলেমদের সাথে মজবুত সম্পর্ক বিদ্যমান ছিল। আফগানিস্তানে আল্লাহ তা`আলার অন্যতম একটি নিদর্শন হচ্ছে, সেখানে অনেক আলেম রয়েছেন; বিশেষ করে মুজাহিদ আলেম। যখন আফগান আলেমদের সাথে শাইখ রহ. এর সম্পর্কের কথা আসবে, তখন শাইখ ইউনুস খালিসের কথা সর্বাগ্রে আসবে। যিনি একজন আলেম ছিলেন, আবার একজন মুজাহিদও ছিলেন। অন্যদিকে শাইখ ইউনুস খালিসের সাথে শাইখ উসামা বিন লাদেনের সম্পর্ক অনেক দিনের। আমরা এর একটা উদাহরণ দেখি, যখন সুদানের সরকার শাইখ উসামা বিন লাদেনকে সুদান ছেড়ে যেতে বলেন, তখন ইউনুস খালিস রহ. তাঁকে জালালাবাদে আশ্রয় দিয়েছিলেন। আল্লাহ তাঁকে তাঁর প্রাপ্য প্রতিদান দান করুন। সুদান সরকারের না-শোকরীর আলোচনা আলাদা শিরোনামে বর্ণনা করবো, ইনশা আল্লাহ।

যাই হোক, শাইখ ইউনুস খালিস উসামা বিন লাদেনকে অভ্যর্থনা জানান অত্যন্ত মর্যাদার সাথে এবং তাঁর অনেক খেদমত করেন। আমার মনে আছে, একবার যখন শাইখ উসামা বিন লাদেন রহ. শাইখ ইউনুস খালিস রহ. এর কাছে আসেন, তখন তাঁকে বলেন, আপনার অনুমতি হলে আমি চাচ্ছিলাম, মিডিয়াতে আপনাকে নিয়ে কিছু কথা বলবো। তখন শাইখ ইউনুস খালিস রহ. বললেন, শাইখ! এতে আমার

অনুমতি নেয়ার কি আছে? যদি জিহাদে এর কোনো প্রয়োজন থাকে; তবে নিঃশঙ্কোচে আপনি তাই করুন। আমার কাছ থেকে আপনার অনুমতি নেয়ার কোনো প্রয়োজন নেই।

এমনিভাবে শাইখ উসামা রহ. আমাদেরকে বলেছেন, একবার পাকিস্তানে ইউনুস খালিসের কাছে একজন সৌদি দূত এসেছিল। সে তাঁকে বলল, আপনি উসামা বিন লাদেনকে আশ্রয় দিয়েছেন! আপনার কী জানা নেই, সে কত ভয়ঙ্কর মানুষ! সে রাষ্ট্রদ্রোহিতায় লিপ্ত। এ রকম আরো কথাবার্তা বলে ঐ সৌদি দূত তাঁর কান ঝালাপালা করে দেয়। শাইখ ইউনুস খালিস রহ. ঐ সৌদি দূতের কথার জবাবে বলেন, "হে আমার ভাই! যদি হারামাইনের ভূমি থেকে একটা জানোয়ারও আমাদের কাছে আসে; তবে আমরা তাকেও আশ্রয় দিতাম। তো এটা কীভাবে সম্ভব যে, আমরা মুজাহিদদের আশ্রয় দেবো না?" তাঁর এই দাঁতভাঙা জবাবের পর সে সৌদি দূত খালি হাতে নাকাম হয়ে ফিরে যায়। আলহামদুলিল্লাহ।

শাইখ ইউনুস খালিস রহ. এর সাথে শাইখ উসামা বিন লাদেন রহ. এর উত্তম আচরণ সর্বদাই অটুট ছিল। তিনি সব সময় শাইখকে উত্তম নসীহত করতেন। শাইখ উসামা রহ. জালালাবাদ থেকে কান্দাহারে স্থানান্তরিত হওয়ার পর একবার জালালাবাদে আসেন। তখন তিনি শাইখ ইউনুস খালিস রহ. এর সাথে সাক্ষাৎ করতে তাঁর কাছে যান। সে সফরে আমিও ছিলাম তাঁর সাথে। তখন শাইখ ইউনুস খালিস রহ. তাঁকে নসীহত করে বলেন, "হে উসামা! একটু সাবধানে থাকবেন; কেননা টাকা-পয়সার পূজারী লোকের সংখ্যা অনেক বেড়ে গেছে। সুতরাং যাতায়াতের সময় সাবধানে থাকবেন। বিশ্বস্ত লোক ছাড়া অপর কোনো লোকের উপর ভরসা করবেন না।"শাইখ ইউনুস খালিস রহ. এর এই নসীহত আমার এখনো মনে আছে।

অতঃপর যখন আফগানিস্তানে সাম্প্রতিক খ্রিস্টান ক্রুসেডারদের হামলা শুরু হয়। তখন শাইখ ইউনুস খালিস রহ. এতই অসুস্থ ছিলেন, যেন প্রায় অক্ষম অবস্থা। তাঁর রানের হাঁড় ভাঙা ছিল। স্বাস্থ্য ছিল খুবই করুণ; কিন্তু অসুস্থতা সত্ত্বেও তাঁর হৃদয় ঈমান ও জিহাদের জযবাতে পূর্ণ ছিল। তিনি একটি ভিডিও বয়ানও জারী করেন। যে বয়ানে আফগান কওম আর উম্মাতে মুসলিমাহকে আমেরিকার বিরুদ্ধে লড়াই করার জন্য আহবান করেন। যে আমেরিকা আফগানিস্তানে দখলদারিত্ব প্রতিষ্ঠার জন্য হামলা চালিয়েছে। আল্লাহ তা`আলা তাঁদের উপর, মুসলিম উলামায়ে কেরামের উপর রহমত বর্ষণ করুন। (আমীন)

এমনিভাবে শাইখ উসামা রহ. এর সাথে সম্পৃক্ত মুজাহিদীন আলেমদের মাঝে একজন হলেন ‘শাইখ জালালুদ্দীন হক্কানী। আল্লাহ তা‘আলা তাঁকে সুস্থ ও নিরাপদ রাখুন। তাঁকে ইসলাম ও জিহাদের জন্য কবুল করুন। একদম জিহাদ শুরুর প্রাথমিক সময় থেকে নিয়ে তাঁর সাথে শাইখের অনেক দিনের সম্পর্ক বিদ্যমান। শাইখ উসামা রহ. তাঁর সাথে খোস্ত বিজয়, কাবুল বিজয়, জাওয়ারের যুদ্ধক্ষেত্রগুলোতেও শরিক ছিলেন। আমার মনে পড়ে যখন আমাদের ভাই মুস্তফা আবুল ইয়াজীদ রহ. শহীদ হলেন। তখন শাইখ জালালুদ্দীন হক্কানী শাইখ উসামা বিন লাদেন ও আমার নামে চিঠি প্রেরণ করেন। আমার আরো মনে পড়ে, তিনি শাইখ উসামা রহ.কে উদ্দেশ্য করে এভাবে সম্বোধন করে লিখেন, “আমার প্রিয়তম মুজাহিদ ভাই উসামা বিন লাদেনের নিকট।” আল্লাহ তা‘আলা শাইখ উসামা রহ.কে আপন রহমতের চাদরে ঢেকে রাখুন।(আমীন)

এমনিভাবে আফগানিস্তানের যে সকল আলেমের সাথে শাইখের মজবুত সম্পর্ক ছিল; তাঁদের একজন ‘মৌলভী আব্দুল্লাহ জাকিরী। তিনি আন্তর্জাতিক অঙ্গনে তেমন পরিচিত নন; তবে আফগানিস্তানে সুপরিচিত ছিলেন। মৌলভী আব্দুল্লাহ জাকিরী

‘ইত্তেহাদে উলামা’এর প্রধান ছিলেন। আফগানিস্তানে তাঁর অনেক খ্যাতি ছিল। তাঁর প্রতি মানুষের হৃদয়ে ছিল অনেক সম্মান। তিনি ‘জাকের’নামক গ্রামের অধিবাসী। যা কান্দাহারে আরব পল্লীর কাছেই ছিল। যে সম্পর্কে আমি আগে বলেছিলাম, এটা ছিল একদমই সাধারণ গ্রাম।

আর শাইখের বাড়িও ছিল একেবারে সাদাসিধে। কিন্তু মানুষের হৃদয়ে তাঁর প্রতি অনেক সম্মান ছিল। শাইখ উসামা বিন লাদেন অধিকাংশ সময় তাঁর কাছে যেতেন। একবার আমিও তাঁর সাথে গেলাম। শাইখ তাঁর কাছ থেকে পরামর্শ ও নসীহত চাইতেন। আর শাইখ আব্দুল্লাহ জাকিরীও নসীহত প্রদান করতে কোনরূপ কার্পণ্য করতেন না। মাশাআল্লাহ, শাইখ আব্দুল্লাহ অনেক হিম্মতের অধিকারী ছিলেন। এমনিভাবে তেজোদ্দীপ্ততা ও বিচক্ষণতারও অধিকারী ছিলেন। জাযিরাতুল আরবে খ্রিস্টান ক্রুসেডার বাহিনীর দখলদারিত্বের বিরুদ্ধে বয়ান প্রচার করেছিলেন। এমনিভাবে সেখানে অনেক আফগানিস্তানের আলেম-উলামাদের স্বাক্ষরও একত্রিত করেছিলেন। আল্লাহ তা‘আলার কাছে দু‘আ করি- তিনি যেন তাঁর মঙ্গল করেন। তাঁকে ইহকাল ও পরকালে আপন রহমতের ছায়ায় রাখেন।(আমীন)

এমনিভাবে আফগানিস্তানের আলেমদের সাথে শাইখের সম্পর্কের কথা আসলে যার কথা মনে পড়ে যায়, তিনি হলেন ‘শাইখ ইয়াসির রহ.’। আল্লাহ তাঁর উপর অগণিত রহমত বর্ষণ করুন। আমি ব্যাপকভাবে সকল মুসলমানের কাছে, আর বিশেষ করে শাইখ ইয়াসিরের পরিবারের কাছে শাইখের মৃত্যুতে শোক জানাচ্ছি। শাইখ ইয়াসির রহ. পাকিস্তানের গোয়েন্দাদের কাছে বন্দী ছিলেন। আর এভাবেই এক সময় তাঁর মৃত্যুর খবর আসে। যদিও পাকিস্তানি গোয়েন্দাসংস্থা পুরো জোর দিয়েছিল, যেন এই খবর বাহিরে না যায়। কিন্তু তারপরও এই খবরটি প্রকাশ হয়ে যায়। এখনও জানা যায়নি, তাঁর মৃত্যুর আসল কারণ কি? তাঁকে কি হত্যা করা হয়েছে? তাঁকে কি এমনি

অযত্নে-অবহেলায় ফেলে রাখা হয়েছে নাকি তাঁর চিকিৎসার প্রতি খেয়াল রাখা হয়নি? পাকিস্তানি গোয়েন্দাসংস্থা যা কিছুই করে থাকুক এবং যে অপরাধই তারা করেছে, তা অচিরেই প্রকাশ হয়ে যাবে। কিন্তু পাকিস্তানের ইতিহাসে এটা একটা কালো অধ্যায় হয়ে থাকবে। এমনিভাবে পাকিস্তানিদের ইতিহাসও কলঙ্কিত হয়ে থাকবে। পাকিস্তানি সরকার ও তার গোয়েন্দাসংস্থাগুলো যা কিছু করেছে, তা এমন বিশ্বাসঘাতকতা, যার দৃষ্টান্ত মুসলমানদের ইতিহাসে দ্বিতীয়টি নেই। তারা এই বিশ্বাসঘাতকতা শুধু এ কারণে করেছিল যে, এর মাধ্যমে তারা অল্প কিছু টাকা-পয়সা দ্বারা নিজেদের পকেট পূর্ণ করবে। আল্লাহর হুকুমে এ সকল টাকা-পয়সা তাদের জন্য কাল হয়ে দাঁড়াবে। কারণ, আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

إِنَّ اللَّهَ لَا يُصْلِحُ عَمَلَ الْمُفْسِدِينَ ﴿يونس: ٨١﴾

"নিঃসন্দেহে আল্লাহ দুস্কর্মীদের কর্মকে সুষ্ঠুতা দান করেন না।"(সূরা ইউনুস : ৮১)

إِنَّ الَّذِينَ كَفَرُوا يُنفِقُونَ أَمْوَالَهُمْ لِيَصُدُّوا عَن سَبِيلِ اللَّهِ فَسَيُنفِقُونَهَا ثُمَّ تَكُونُ عَلَيْهِمْ حَسْرَةً ثُمَّ يُغْلَبُونَ وَالَّذِينَ كَفَرُوا إِلَىٰ جَهَنَّمَ يُحْشَرُونَ ﴿الأنفال: ٣٦﴾

"নিঃসন্দেহে যেসব লোক কাফের, তারা ব্যয় করে নিজেদের ধন-সম্পদ, যাতে করে বাধাদান করতে পারে আল্লাহর পথে। বস্তুতঃ এখন তারা আরো ব্যয় করবে। তারপর তাই তাদের জন্য আক্ষেপের কারণ হয়ে এবং শেষ পর্যন্ত তারা হেরে যাবে। আর যারা কাফের তাদেরকে দোযখের দিকে তাড়িয়ে নিয়ে যাওয়া হবে।" (সূরা আনফাল : ৩৬)

শাইখ ইয়াসির রহ. (আল্লাহ তা'আলা তার প্রতি অগণিত রহমত বর্ষণ করুন) পাকিস্তানের জেলে শহীদ হন। মূলতঃ পাকিস্তানের জেলে যে রকম ট্রাজেডি ও ন্যাক্কারজনক কাজ হয়; তা বাচ্চাদেরকে বুড়ো করে দেওয়ার জন্য যথেষ্ট।

এমনিভাবে পাকিস্তানের জেলে শহীদ হন মোল্লা উবায়দুল্লাহ রহ.। যিনি ইমারাতে ইসলামীয়ার সাবেক পররাষ্ট্রমন্ত্রী ছিলেন। পাকিস্তানের এজেন্সীগুলো তাঁর মৃত্যুর

খবরও গোপন করার চেষ্টা করেছিল। কিন্তু তারা তাঁর ব্যাপারটিও গোপন রাখতে পারেনি। অপরদিকে শাহাদাতের এত বছর পরেও এখনো তাঁর লাশ তাঁর পরিবারের কাছে সোপর্দ করা হয়নি।

পাকিস্তানের জেলে বন্দীদের হত্যা করা, এখন একটি সাধারণ ব্যাপার মাত্র। হাজারো, লাখো মানুষদের হত্যা করা হয়েছে। আরো বেশিও হতে পারে। কারণ, আসল সংখ্যা আমাদের কারো জানা নেই। পাকিস্তানি এজেন্সিগুলো তাদেরকে মারার পর লাশগুলো রাস্তার উপর ফেলে রাখে। আপনারা যারা পাকিস্তানের সংবাদপত্র নিয়মিত পড়ে থাকেন, তারা ইন্টারনেটে শেয়ারকৃত সেই ভিডিওটি দেখে থাকবেন যে, সেনাবাহিনী কর্তৃক সওয়াতের একদল মানুষকে বিচার বহির্ভূতভাবে হত্যা করেছে। এভাবেই পাকিস্তানি সেনাবাহিনী মানুষদেরকে হত্যা করে থাকে। যার দরুন এক পর্যায়ে প্রতারক আমেরিকার পররাষ্ট্র মন্ত্রণালয় পর্যন্ত এ বিষয়ে বিবৃতি দিতে বাধ্য হয়; যারা স্বয়ং এই ধরনের হত্যাকাণ্ডের নির্দেশাবলী দিয়ে থাকে!

যাই হোক, আমরা শাইখ ইয়াসির রহ.কে নিয়ে আলোচনা করতেছিলাম। তিনি শাইখ উসামা রহ. এর অন্তরঙ্গ বন্ধুদের মাঝে অন্যতম একজন ছিলেন। তাঁদের এই বন্ধুত্বের সম্পর্ক রুশদের বিরুদ্ধে যুদ্ধ করার সময় থেকে চলে আসছিল। যেমনটি আমি আমার কিতাব 'তাবরিয়া'তে শাইখ ইয়াসির রহ. সম্পর্কে উল্লেখ করেছিলাম। তিনি ছিলেন আফগানিস্তানের প্রথম পর্যায়ের মুজাহিদ নেতাদের একজন। তিনি কাবুল বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র ছিলেন। যখন জিহাদ শুরু হল, তখন তিনি পাকিস্তানে হিজরত করলেন। অতঃপর জামিয়া ইসলামীয়া মদীনা মুনাওয়ারায় অধ্যাপক হিসাবে কর্মরত ছিলেন। তারপর তিনি মুজাহিদদের কাতারে শামিল হয়ে গেলেন। এমনিভাবে তিনি কাবুলে মুজাহিদদের কায়েম করা রাষ্ট্রের স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পালন করেন। পরবর্তীতে যখন তিনি এখানে বিশৃঙ্খলা দেখলেন, তখন

তাদের থেকে আলাদা হয়ে গেলেন। পুনরায় দাওয়াত ও অধ্যাপনায় প্রবৃত্ত হলেন। অতঃপর যখন 'ইমারাতে ইসলামীয়া'র শাসন প্রতিষ্ঠা হলো। তিনি ছিলেন তাঁদের সাহায্যকারীদের মধ্যে অন্যতম। এরপর যখন আফগানে খ্রিস্টান ক্রুসেডারদের হামলার আলামত দেখা যাচ্ছিল, তখন তিনি বৃদ্ধাবস্থার কাছাকাছি; সম্ভবত তাঁর বয়স হয়েছিল, প্রায় পঞ্চাশ বছর। তারপরেও তিনি আফগানিস্তানে আসেন। আমার মনে পড়ে, তিনি তোরাবোরায় আমাদের নিকট উপস্থিত হয়েছিলেন। এজন্য তোরাবোরা পাহাড়ের বিভিন্ন চড়াই-উৎরাই পাড়ি দিয়েছিলেন। অথচ তখনো আমেরিকার বোমা বর্ষণের শব্দ শোনা যায়নি। আসার পর শাইখ উসামা রহ.এর সাথে দীর্ঘক্ষণ বসেছিলেন। আমার মনে পড়ে সেই সময় তিনি শাইখ উসামা রহ.কে বলেছিলেন, "আমার আশা ছিল; আমি যেন বায়তুল মাকদিসে শহীদ হই। কিন্তু যখন আফগানিস্তানের জিহাদ শেষ হয়ে গেল, অথচ তখনো আমি বায়তুল মাকদিস পৌঁছাতে পারলাম না; তাই আশাহত হয়ে গিয়েছিলাম। কেননা, আমার আশা পূর্ণ হলো না। এখন যেহেতু খ্রিস্টান ক্রুসেডারদের হামলা শুরু হওয়ার পথে, তো হতে পারে, এবার আমার বায়তুল মাকদিসে শহীদ হওয়ার ইচ্ছা পূরণ হবে।" আল্লাহর কাছে দুআ করছি, তিনি যেন শাইখকে শহীদদের সওয়াব ও মর্যাদা দান করেন। এমনিভাবে আমার আরো মনে পড়ে তিনি শাইখ উসামা রহ.কে বলেছিলেন, "আমি পাকিস্তানে অবস্থান করছিলাম। সেখানে তাদরীসের দায়িত্ব পালন করছিলাম। কিন্তু এখন আফগানিস্তানে মুজাহিদদের মাঝে থাকার জায়গা ব্যতীত আর কোথাও থাকার জায়গা নেই।"

শাইখ উসামা রহ. তাঁকে অনেক আমলী নসীহত করেন। সুযোগ হলে পরে তা প্রকাশ করবো, ইনশা আল্লাহ। আল্লাহ তা'আলা শাইখ উসামাকে জিহাদের ক্ষেত্রে অনেক দূরদৃষ্টি দান করেছিলেন। শাইখ তাঁকে বললেন, এই অবস্থায় আপনি

আপনার প্রচেষ্টা মিডিয়ার কাজে লাগান; কেননা আল্লাহ তা'আলা আপনাকে ইলমে দ্বীন ও দাওয়াতের ধরন সম্পর্কে জ্ঞান দান করেছেন। অতএব, আপনি মিডিয়ার ক্ষেত্রে অগ্রসর হোন। এরপর শাইখ মুহাম্মাদ ইয়াসির রহ. টিভি চ্যানেলে সাক্ষাৎকার দেয়া শুরু করেন এবং বিভিন্ন বয়ান প্রচার করতে লাগলেন। পরবর্তীতে যখন আমেরিকা আফগানিস্তানে প্রবেশ করল, তখন তিনি তাঁর হিজরতের স্থল পাকিস্তান থেকে মিডিয়ার কাজে বিরাট ভূমিকা রাখেন। যারা আফগানিস্তানের খবর রাখেন, তাদের আল-জাযিরাতে দেয়া শাইখ ইয়াসির রহ. এর সাক্ষাৎকারের কথা নিশ্চয়ই স্মরণ আছে।

আর যারা শাইখকে আত্মগোপনে থাকার ও ধৈর্য ধরার পরামর্শ দিতেন, শাইখ তাদেরকে বলতেন-

"আমার দিক বিবেচনায় এই মিডিয়ার কাজে নিজেকে নিয়োজিত রাখা, তা ইস্তেশহাদী/ফিদায়ী আমলের অনুরূপ-ই। তাই আমি নিজেকে ইস্তেশহাদী তথা উৎসর্গিত মনে করি। কেননা আমি আর এমন কাউকে দেখছি না, যে এ দায়িত্ব যথাযথভাবে পালন করতে পারবে, এ কাজের শূণ্যতা পূরণ করতে পারবে। সুতরাং এ কাজে থাকা অবস্থায় যদি আমাকে শহীদ করে দেয়া হয় অথবা বন্দী করে ফেলা হয়; তাহলে তা আমার জন্য ফিদায়ী আমল হিসাবেই পরিগণিত হবে।"

তাঁকে প্রথমে কাবুলে গ্রেফতার করা হয়। অতঃপর তাঁকে কাবুল প্রশাসন ও মুজাহিদীনের মাঝে বন্দী বিনিময়ের চুক্তিতে মুক্ত করা হয়। মুক্তির পর সাথে সাথে তিনি পুনরায় দাওয়াতের ময়দানে তৎপরপরতা চালাতে শুরু করলেন। পাকিস্তান ও আফগানিস্তানের মুজাহিদীনের মাঝে তাঁর দাওয়াতী কার্যক্রমের ব্যাপক তৎপরতা বিদ্যমান ছিল। এরপর তাঁকে পুনরায় গ্রেফতার করা হয়। আল্লাহর কাছে দু'আ

করছি- তিনি যেন তাঁর উপর রহম করেন। আমাদেরকে তাঁর সাথে কল্যাণের সাথে একত্রিত করেন। (আমীন)

এমনিভাবে পাকিস্তানের আলেমদের সাথে শাইখ উসামা রহ. এর সম্পর্ক ছিল খুবই গভীর। আমি প্রথমেই বলেছিলাম, তিনি যখন কান্দাহারে ছিলেন, তাঁর কাছে পাকিস্তান থেকে আলেমদের অনেক প্রতিনিধি দল আসত। এ সকল আলেমদের নামের মাঝে একটি উজ্জ্বল নাম হলো 'মুফতী নিযামুদ্দীন শামযাঈ রহ.'। তিনি ছিলেন পাকিস্তানের অত্যন্ত বিখ্যাত একজন আলেম। তিনিও শাইখ উসামার অন্তরঙ্গ মুহিব্বীনদের মাঝে অন্যতম একজন ছিলেন। তিনি যখনই আফগানিস্তানে আসতেন, শাইখ উসামার সাথে অবশ্যই সাক্ষাত করতেন। তাঁর সাহচর্য গ্রহন করতেন, নসীহত গ্রহন করতেন, বিভিন্ন বিষয়ে তাঁর সাথে শলা-পরামর্শ করতেন। আমার মনে আছে, এ রকম এক সাক্ষাতে যখন তাঁর সাথে আমার দেখা হলো। আমি তাঁর কাছে মিসরের চলমান অবস্থা উল্লেখ করলাম। মাশাআল্লাহ, তিনি চলমান ঘটনা সম্পর্কে জ্ঞাত ছিলেন। মুসলমানদের অবস্থা জানার চেষ্টায় খুবই উদগ্রীব ছিলেন। আমি এই সময় তাঁকে মিশর সম্পর্কে আমার লিখিত বই 'মিসরুল মুসলিমাহ বাইনা সিয়াতিল জাল্লাদীন ও আম্মালাতিল খায়িনীন'উপহার দিলাম। তিনি আমার কাছে মিসর সম্পর্কে আরো অধিক তথ্য জানতে চাচ্ছিলেন। আমার আরো মনে পড়ে আমি তাঁর কাছে এ সম্পর্কিত কিছু বই ও প্রকাশনা পাঠিয়েছিলাম। কান্দাহারে শাইখ উসামা বিন লাদেনের সাথে শেষ সাক্ষাতের সময় তাঁর সাথে তাঁর কিছু সঙ্গী-সাথীও ছিল। তাঁরা আফগানিস্তান সফরে এসেছিলেন। এ সাক্ষাতের কথা আমার ভালো করে মনে আছে, মাওলানা শামযাঈ রহ. তাঁদেরকে উসামা বিন লাদেনের কাছে নিয়ে গেলেন। আর তাঁকে বললেন, এই ভাইদেরকে পথ দেখান। তাঁদেরকে আল্লাহর রাস্তায় জিহাদের কাজ করার জন্য উৎসাহ দিন।

শাইখ নিযামুদ্দীন শামযাঈ রহ. সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ কথা বলতে আমি ভুলে গেছি। একবার শাইখ নিযামুদ্দীন শামযাঈ রহ. শাইখ উসামা রহ. এর সাথে সাক্ষাত করতে আসলেন। সেই সময় শাইখ উসামা বিন লাদেন রহ. মুসলিম উম্মাহর উপর পশ্চিমা খ্রিস্টান ক্রুসেডারদের জুলুম, সীমালঙ্ঘনের ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করলেন। এ বিষয়ে শাইখ উসামা রহ মেহমানখানার দেয়ালে একটি বড় মানচিত্র এঁকে রেখেছিলেন। পাশাপাশি শাইখ আবু হাফস রহ., যিনি আবু হাফস কুমান্দান নামে খ্যাত ছিলেন। (এই বীরও ইতিমধ্যে শহীদ হয়ে গেছেন।) তো তিনি এই মানচিত্রের আলোকে ইসলামী বিশ্বের উপর খ্রিস্টান ক্রুসেডারদের দখলদারিত্বের ভয়াবহতা সম্পর্কে আলোচনা করলেন। কীভাবে পশ্চিমা ক্রুসেডাররা মুসলিম বিশ্বের উপর তাদের আইন-কানুন, ষড়যন্ত্র ও সেনাবাহিনী দ্বারা দখলদারিত্ব প্রতিষ্ঠা করছে! কীভাবে তারা মুসলিম বিশ্বেকে অবরুদ্ধ করে রেখেছে এবং শ্বাসরুদ্ধ করে রেখেছে। কিভাবে পশ্চিমা ক্রুসেডাররা গুরুত্বপূর্ণ জল, স্থল ও আকাশ পথগুলো দখল করে রেখেছে! এই আলোচনা শাইখ শামযাঈ রহ.এর উপর গভীর প্রভাব ফেলে। পরে যখন তিনি পাকিস্তানের ইসলামাবাদে ফিরে গেলেন। তখন তিনি ইসলামাবাদের একটি হোটেলে এই ধরনের একটি প্রোগ্রামের আয়োজন করেন। আর উপস্থিত ব্যক্তিবর্গকে ইসলামী বিশ্বের একটি মানচিত্র দ্বারা এই বিষয়টি স্পষ্টভাবে আলোচনা করে বুঝিয়ে বলেন। পরে যখন তিনি দ্বিতীয়বার শাইখ উসামার সাথে মিলিত হোন। তখন তিনি শাইখকে জানালেন, আমি ইসলামাবাদে ফিরে গিয়ে সেই একই লেকচার দিয়ে এসেছি; যা কান্দাহারে আপনারা আমাকে দিয়েছিলেন।

যখন আফগানিস্তানে আমেরিকা হামলা করল। এতে আজকের আবু রিগাল বিশ্বাসঘাতক পারভেজ মোশাররফও অংশগ্রহন করল। সে আফগানিস্তানে আমেরিকার দখলদারিত্ব প্রতিষ্ঠার জন্য সর্বদিক থেকে সাহায্য করল। তখন শাইখ

নিযামুদ্দীন শামযাঈ রহ. এর বিরুদ্ধে তাঁর বিখ্যাত ফতওয়া জারি করেন, "যে শাসকই মুসলমানদের ভূমি দখল করার ক্ষেত্রে কোনো কাফেরকে সাহায্য-সহযোগিতা করবে, তাহলে সে তার দ্বীন থেকে বের হয়ে যাবে এবং তার বিরুদ্ধে বিদ্রোহ করা ওয়াজিব হয়ে যাবে।"

এ ফতওয়া দেয়ার কিছুদিনের মাঝেই শাইখ নিযামুদ্দীন শামযাঈ রহ. কে করাচিতে একটি এনকাউন্টারে শহীদ করে দেয়া হয়। আর হত্যাকারী পলায়ন করে। শাইখ উসামা রহ. তাঁর কোন এক কথা প্রসঙ্গে বলেন, "নিযামুদ্দীন শামযাঈকে হত্যা করার সম্ভাব্য কারণ হলো, মোশাররফের বিরুদ্ধে দেয়া তাঁর প্রচারিত ফতওয়াটি।" আল্লাহ তা'আলা তাঁদের উপর রহমত বর্ষণ করুন। আমাদেরকেও তাঁদের সাথে জান্নাতুল ফিরদাউসের উঁচু মাকামে একত্রিত করুন। (আমীন)

এমনিভাবে পাকিস্তানের আলেমদের মধ্যে যাদের সাথে উসামা রহ. এর সম্পর্ক ছিল; তাঁদের মাঝে একজন হলেন 'শাইখ আব্দুল্লাহ গাজী রহ.।'যিনি ইসলামাবাদে শহীদে লাল মাসজিদ আব্দুর রশীদ গাজী রহ. এর সম্মানিত পিতা ছিলেন। শহীদ আব্দুর রশীদ রহ. এর পরম সৌভাগ্য, তাঁর পরিবারে শুধু তিনি একা শহীদ নন; বরং তিনি শহীদ বাবা ও শহীদা মায়ের সন্তান। আল্লাহ তা'আলা তাদের সকলের উপর রহমত বর্ষণ করুন। (আমীন)

শাইখ আব্দুল্লাহ গাজী রহ. তাঁর মাদরাসার উসতায ও সঙ্গীদের একটি প্রতিনিধি দল নিয়ে কান্দাহারে আমাদের সাথে সাক্ষাত করতে আসেন। তখন তাঁর সাথে শহীদে লাল মাসজিদ আব্দুর রশীদ গাজী রহ.ও ছিলেন। তাঁরা আমাদের সাথে পুরো একদিন কাটান। প্রতিনিধি দলের কার্যক্রমের অন্তর্ভুক্ত এক সাথী আমাদের সামনে শাইখ উসামাকে নিয়ে আরবীতে একটি কবিতা আবৃত্তি করেন। কিন্তু আফসোস! কবিতাটি আমার এখন স্মরণ নেই। শাইখ আব্দুল্লাহ গাজীর সাথে এ সাক্ষাৎকার খুবই সুখময়

ছিল। শাইখ উসামা রহ. তাঁর সাথে বিস্তারিত কথাবার্তা বলেন। আর তাঁকে বললেন, তিনি যেন পাকিস্তানের আলেমদেরকে উৎসাহিত করার চেষ্টা করেন, যেন তাঁরা মুসলমানদের ভূমিতে বিশেষ করে হারামাইনের ভূমিতে খ্রিস্টান ক্রুসেডারদের হামলার বিরুদ্ধে ফতওয়া প্রদান করেন। শাইখ আব্দুল্লাহ গাজী শাইখ উসামার কাছে ওয়াদা করেন, ইনশা আল্লাহ, যখন তিনি ফিরে যাবেন, তখন এ বিষয়ে সর্বোচ্চ চেষ্টা করবেন। আলেমদের থেকে ফতওয়া সংগ্রহ করবেন ও তাঁদেরকে উৎসাহিতও করবেন।

আমার আরো মনে পড়ে যে, শাইখ আব্দুল্লাহ গাজী এবং শাইখ আব্দুর রশীদ গাজীর সাথে আমারও একবার সাক্ষাত হয়। তখন আমি তাঁদের সামনে মিশরের অবস্থা সম্পর্কে কিছু বর্ণনা দিয়েছিলাম। তাঁদেরকে কিছু বইও হাদিয়া দিয়েছিলাম। যখন শাইখ আব্দুল্লাহ গাজী ইসলামাবাদ ফিরে যান। তখন তিনি নিজের মাসজিদে প্রথম যে খুতবা দেন; তা আফগানিস্তানের অবস্থা এবং মুসলমানদের দেশসমূহে ক্রুসেডার খ্রিস্টানদের হামলা ও এ সমস্ত ক্রুসেডীয় হামলার বিরুদ্ধে রুখে দাঁড়ানো সম্পর্কে ছিল। এমনিভাবে তিনি শাইখ উসামা বিন লাদেনের সাথে সাক্ষাতের কথাও বলেন। তাঁর দাওয়াতের সাথে একত্বতা ও তাঁর কাজে সাহায্য করার ঘোষণাও দিলেন। এরপর শাইখ আব্দুল্লাহ গাজী রহ. কে তাঁর নিজ মাদরাসার অভ্যন্তরে-ই শহীদ করে দেওয়া হয়। তাঁর ছেলে শহীদ আব্দুর রশীদ গাজী রহ. এক সাংবাদিকের নিকট সাক্ষাৎকারের সময় স্পষ্টতার সাথে এ কথাও বলেছিলেন যে, আমার ধারণা শাইখ উসামা বিন লাদেনের দাওয়াতে মুসলমানদের ভূমি মুক্ত করার আহ্বানে সাড়া প্রদানের কারণেই তাঁর বাবাকে শহীদ করা হয়। আর এর কিছুদিন পরেই জুলুম, ফাসাদ ও মোশাররফের স্বৈরাচারিতার বিরুদ্ধে প্রতিবাদ করার কারণে শহীদে লাল

মাসজিদ আব্দুর রশীদ গাজী রহ.কেও শহীদ করে দেওয়া হয়। আল্লাহ তা'আলা তাঁদের সকলের উপর রহমত বর্ষণ করুন। (আমীন)

এখানে এ কথারও উল্লেখ করা দরকার, যা আমি পূর্বে উল্লেখ করতে ভুলে গিয়েছিলাম। তা হলো: কান্দাহারে শাইখ উসামা বিন লাদেনের সাথে সাক্ষাত করার জন্য পাকিস্তানের যত উলামায়ে কেরামের প্রতিনিধি দলই এসেছিল, তাদের মধ্যে অধিকাংশ দলই শাইখের কাছে নসীহত চাইতেন। তখন শাইখ উসামা বিন লাদেন রহ. সর্বদা পাকিস্তানের উলামায়ে কেরামকে এবং পাকিস্তানে ইসলামের জন্য কাজ করতে ইচ্ছুক প্রত্যেক মুসলমানকে একটা নসীহতই করতেন, তা হলো: "ইমারাতে ইসলামীয়া আফগানিস্তানের পরিপূর্ণ সাহায্য করুন। ইমারাতে ইসলামীয়া আফগানিস্তানকে শক্তিশালী করুন।" তাঁরা শাইখ উসামার কাছে পাকিস্তানে কাজ করার ব্যাপারে জিজ্ঞেস করতেন যে, কিভাবে পাকিস্তানে কার্যক্রম চালানো উচিত? উত্তরে শাইখ তাঁদেরকে বলতেন, "আপনারা ইমারাতে ইসলামীয়া আফগানিস্তানকে শক্তিশারী করার জন্য কাজ করুন। যখন আফগানিস্তানে ইমারাতে ইসলামীয়া প্রতিষ্ঠিত হয়ে যাবে, তখন আল্লাহর ইচ্ছায় সমগ্র ইসলামী ভূখণ্ডে এর কল্যাণ ছড়িয়ে পড়বে।"

এমনিভাবে পাকিস্তানের আলেমদের মধ্যে যাদের সাথে উসামা রহ. এর সম্পর্ক ছিল। তাদের মাঝে একজন হলেন 'শাইখ ফযল মুহাম্মাদ হাফিযাহুল্লাহ'। তিনি করাচীর একজন খ্যাতনামা মুহাদ্দিস ছিলেন। অনুরূপভাবে তিনি শাইখ উসামা বিন লাদেন রহ. ও অন্যান্য মুজাহিদদের অন্তরঙ্গ সাথী ছিলেন। শাইখ ফযল মুহাম্মদ আর শাইখ উসামা বিন লাদেনের এক সাক্ষাতের সময় আমিও সেখানে উপস্থিত ছিলাম। তিনি মুজাহিদদের বিভিন্ন বিষয়ে ও তাদের হালাত সম্পর্কে শাইখর সাথে দরদের সাথে পরামর্শ করতেন। শাইখ ফযল মুহাম্মাদ ফাযায়েলে জিহাদের উপর

একটি প্রসিদ্ধ কিতাবও রচনা করেছিলেন। যা উর্দূ ও পশতু ভাষায় ছাপা হয়। যদি এটির আরবী অনুবাদ বের করা যায়, তাহলে তা থেকে অনেক উপকারের আশা করা যায়, ইনশাআল্লাহ।

এগুলো ছিল শাইখ উসামা রহ.এর সাথে আলেমদের সম্পর্কের কিছু সংক্ষিপ্ত ঘটনা। (টেকনিশিয়ান সাথী সময় স্বল্পতার ইঙ্গিত করছেন। যাই হোক, কথা সংক্ষিপ্ত করার চেষ্টা করছি।)

আলেমদের সাথে শাইখ উসামা বিন লাদেনের সম্পর্কের কথা বলতে গেলে, তাঁর সাথে ইসলামী জামাআত এবং তানজীমের সাথে শাইখের সম্পর্কের কথা মনে পড়ে যায়। আমি পূর্বে উল্লেখ করেছিলাম যে, শাইখ উসামা বিন লাদেন রহ. একজন নরম দিলের মানুষ ছিলেন। তিনি খুব দ্রুতই কেঁদে ফেলতেন। পাশাপাশি তিনি রসিকও ছিলেন। তিনি পরিশুদ্ধ কৌতুক করা পছন্দ করতেন। এর দ্বারা মজলিসকে আনন্দময় করে তুলতেন। ইনশাআল্লাহ, এ বিষয়েও শাইখের ব্যক্তিত্বের কথা আলোচনা করা হবে। তিনি বলতেন, আসলে আমাকে তো একটি তানজীম থেকে বের করে দেওয়া হয়। আমি ইখওয়ানের তানজীমের সাথে ছিলাম। পরবর্তীতে আমাকে সেখান থেকে বের করে দেওয়া হয়। সুতরাং আমি হলাম তানজীম থেকে বের করে দেওয়া একজন মানুষ!

আসল ঘটনা হচ্ছে: শাইখ জাযিরাতুল আরবে ইখওয়ানুল মুসলিমীনের জামাআতের সাথে ছিলেন। যখন রাশিয়া আফগানিস্তানের উপর হামলা করল। তখনই শাইখ উসামা বিন লাদেন রহ. মুজাহিদদের সঙ্গে পরিচিত হতে ও তাঁদেরকে সাহায্য করতে পাকিস্তানে চলে আসেন। তাঁকে তানজীমের পক্ষ থেকে বলা হয়েছে ,"তিনি যেন লাহোরের পর আর সামনে না যান। তিনি লাহোরের জামাআতে ইসলামীর অফিসে যাবেন। সেখানে সকল ত্রাণ, সাহায্য তাদেরকে দিবেন এবং তিনি ফিরে আসবেন।

এগুলো মুজাহিদদের কাছে পাঠানোর ব্যবস্থা তারা করবে।”অতঃপর শাইখ সেখানে গেলেন কিন্তু সন্তুষ্ট হতে পারলেন না। তিনি সেখান থেকেই পেশোয়ারে রাস্তা পেয়ে গেলেন। এমনিভাবে মুজাহিদদের সঙ্গও পেয়ে গেলেন। ফলে মুজাহিদদের সাথে কর্মব্যস্ত হয়ে পড়লেন। তারপর আফগানিস্তানে প্রবেশের রাস্তাও পেয়ে গেলেন। অথচ তানজীম তাঁকে সতর্ক করেছিল। আর বলেছিল যে, আমরা আপনাকে বলেছিলাম, আপনি লাহোরের জামাআতে ইসলামীর অফিসে যাবেন। কিন্তু আপনি পেশওয়ার চলে গেলেন! অবশেষে আফগানিস্তানেও প্রবেশ করে ফেললেন! তো আপনি যখন আফগানিস্তানে প্রবেশ করেছিলেন, তখন যদি আপনি সেখানে গ্রেফতার হতেন!( তাহলে অবস্থাটা কি হতো?!) কারণ, আপনি হলেন সৌদি নাগরিক। সুতরাং আপনি যদি সৌদি নাগরিক হওয়া সত্ত্বেও আফগানিস্তানে গ্রেফতার হতেন, তাহলে রাশিয়ানরা সৌদি সরকারের সাথে বড় ধরনের ঝামেলা পাকিয়ে দিত। এভাবেই তাঁরা শাইখের জন্য একটি কাল্পনিক গল্প তৈরি করল। যার মোটকথা ছিল, আপনি আর কোনোভাবেই আফগানিস্তানে জিহাদ করবেন না। আপনার জিহাদ শুধু এতটুকুই যে, আপনি লাহোরে টাকা দিতে থাকবেন। শাইখ উসামা রহ. বললেন, এটা কখনো সম্ভব নয়। তারা বলল, এমতাবস্থায় আপনার সাথে আমাদের কোনো সম্পর্ক নেই। শাইখ উসামা রহ. বললেন, ঠিক আছে, আমি আপনাদের থেকে বিচ্ছিন্ন!

তানজীম থেকে আলাদা হওয়ার পর আল্লাহ তা‘আলা তাঁকে জিহাদের জন্য কবুল করে নেন। ফলে তিনি ইসলামী তানজীমসমূহের সেতুবন্ধনে পরিণত হোন। তিনি মুজাহিদ এবং মুসলমানদের মাঝে ব্যাপকভাবে সমাদৃত হোন। আমি আগেও এ কথা বলেছিলাম, আমি জালালাবাদ বিজয়ের পর জালালাবাদে শাইখের অবস্থান স্থল ‘সোরাকা’তে যেতাম। তখন দেখতে পেতাম, তাঁর চারপাশে বিভিন্ন তানজীমের

ভাইয়েরা বসে আছেন; যাঁরা তাঁর অধীনে কাজ করতেন। তিনি তাঁদেরকে কল্যাণের কাজে লাগিয়ে রাখতেন। আল্লাহ প্রদত্ত এই দানের কারণে আমি তাঁর উপর ঈর্ষা করতাম যে, আল্লাহ তা'আলা তাঁকে মুসলমানদের মাঝে কি পরিমাণ গ্রহণযোগ্যতা দিয়ে রেখেছেন!

যাই হোক, যখন জাযির যুদ্ধের পর শাইখ উসামা রহ. প্রসিদ্ধি লাভ করলেন। তখন ইখওয়ানুল মুসলিমীনের উপদেষ্টা শাইখ মুস্তফা মানসূরী রহ. তাঁর সাথে দেখা করতে আসলেন এবং শাইখ উসামা রহ.এর সাথে মত বিনিময় করলেন। সে ঘটনা সম্পর্কে তিনি আমাদেরকে বলেছিলেন যে, শাইখ মুস্তফা মানসূরী রহ. তাঁকে বললেন, "হে উসামা! আপনি আপনার ভাইদেরকে ছেড়ে দিয়েছেন। পুনরায় আপনি আপনার ভাইদের কাছে ফিরে আসুন! কেননা তাদের অধিকার আপনার উপর অধিক রয়েছে।"কিন্তু শাইখ উসামা রহ. বিনয়ের সাথে ওযর পেশ করলেন, "এখন আমি সকল ইসলামী জামাআতের মাঝে গ্রহণযোগ্যতা পেয়েছি; যা আমার কাজের জন্য সহায়ক। এ জন্য হয়তো আমার এভাবেই কাজ করা উত্তম হবে।"এভাবে শাইখ বিনয়ের সাথে আপত্তি পেশ করলেন। এ জন্য যখন কোনো ইসলামী তানজীমের আলোচনা ওঠতো, তখন শাইখ বলতেন, আমি এমন একজন লোক; যাকে তার তানজীম বের করে দিয়েছে!

এভাবে শাইখ উসামা রহ. এর সাথে ইসলামী তানজীম আর ইমারাতে ইসলামিয়া আফগানিস্তান সম্পর্কে সংক্ষিপ্ত কিছু আলোচনা আমি সামনে করবো। তবে আমি আফগানিস্তানে ইমারাতে ইসলামিয়ার সাথে তাঁর সম্পর্কের আলোচনা করার আগে শাইখের জীবনের আরো একটি উজ্জ্বল দিক সম্পর্কে আলোচনা করতে আগ্রহ বোধ করছি। কারণ হয়তো অধিকাংশ লোকজন এ সম্পর্কে জানে না। সেটি হলো: শাইখ উসামা বিন লাদেন রহ. জিহাদ ফি সাবীলিল্লাহর পথে নিজ ব্যক্তিত্ব ও তার পরিবার

যে বিপদাপদের সম্মুখীন হয়েছিলন। মানুষজন এ সম্পর্কে তেমন কিছু জানে না। জানলেও সংক্ষিপ্তভাবে জানে। কিন্তু এ পথে শাইখ ও তার পরিবার যে মসীবতের মুখোমুখী হয়েছিলেন, তা সবিস্তারে বলা দরকার।

শাইখ উসামা বিন লাদেন রহ. জিহাদের পথে অনেক কঠিন বিপদের সম্মুখীন হয়েছেন। আল্লাহ তা'আলা তাঁর মর্যাদাকে আ'লায়ে ইল্লিয়ীনে সমুন্নত করুন। আর যা কিছু তিনি এ পথে হারিয়েছেন আল্লাহ যেন তা কবুল করে নেন। (আমীন)

শাইখ উসামা বিন লাদেনের কাছে দুনিয়ার কোনো মূল্যই ছিল না। তিনি কবির এই পঙ্ক্তির উদাহরণ ছিলেন।

যখন সে ইচ্ছা করল

সমুদ্রের দৃঢ়তা চোখে দেখা দিল,

বিষয়ের সকল দিক দেখে নিল

দৃঢ় মনোবলে সে বের হয়ে গেল।

তলোয়ার ব্যতীত কোনো কিছুর কাছে পরামর্শ চায়নি

তলোয়ার বহনকারী ব্যতীত কাউকে সাথে নেয়নি।

তিনি এমন মানুষ ছিলেন, একবার যদি ইচ্ছা করতেন, তবে তা (আল্লাহর ইচ্ছায় হিম্মতের সাথে) করেই ছাড়তেন। কোনো কিছু বললে তা অবশ্যই পূরণ করতেন। যখন দিতেন তো সব দিয়ে দিতেন। তিনি জিহাদের পথে আসলেন তো নিজের সবকিছু এ পথে দিয়ে দিলেন, কিন্তু এর বিপরীতে তাঁর জীবন মোটেও আয়েশী ছিল না; বরং তাঁর পুরো জীবন বিপদাপদে পূর্ণ ছিল। যেমন আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন-

أَمْ حَسِبْتُمْ أَن تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَأْتِكُم مَّثَلُ الَّذِينَ خَلَوْا مِن قَبْلِكُم مَّسَّتْهُمُ الْبَأْسَاءُ وَالضَّرَّاءُ وَزُلْزِلُوا حَتَّىٰ يَقُولَ الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ مَتَىٰ نَصْرُ اللَّهِ أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ ﴿البقرة: ٢١٤﴾

“তোমাদের কি এই ধারণা যে, তোমরা জান্নাতে চলে যাবে, অথচ সে লোকদের অবস্থা অতিক্রম করনি যারা তোমাদের পূর্বে অতীত হয়েছে। তাদের উপর এসেছে বিপদ ও কষ্ট। আর এমনি ভাবে শিহরিত হতে হয়েছে যাতে নবী ও তাঁর প্রতি যারা ঈমান এনেছিল তাদেরকে পর্যন্ত একথা বলতে হয়েছে যে, কখন আসবে আল্লাহর সাহায্যে! তোমরা শোনে নাও, আল্লাহর সাহায্যে একান্তই নিকটবর্তী।” (সূরা বাকারাহ : ২১৪)

শাইখ উসামা বিন লাদেন রহ তোরাবোরাতে থাকার সময় এই আয়াতের উদ্ধৃতি দিয়ে সাথীদেরকে বলতেন, “হে ভাইয়েরা! তোমরাও বলো, ( مَتَىٰ نَصْرُ اللَّهِ) “কখন আসবে আল্লাহর সাহায্যে!”তখন সাথী ভাইয়েরা এই আয়াতের শেষের সুসংবাদ দেওয়ার জন্য এভাবে বলতেন- ( أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ) “আল্লাহর সাহায্যে একান্তই নিকটবর্তী।”

বাস্তবতা হলো, শাইখ উসামা বিন লাদেন জিহাদের পথে খুবই কষ্ট করেছিলেন। তিনি আমাদেরকে বলেছিলেন, রুশদের বিরুদ্ধে জিহাদ করার সময় কাবুল বিজয়ের আগে শাইখের প্রচন্ড আগ্রহ ছিল যে, তিনি কাবুল বিজয়ের জন্য বড় ধরনের হামলা চালাবেন। এই উদ্দেশ্যে তিনি জিহাদি তানজীমগুলোকে একত্রে ডাকলেন এবং তাদেরকে নিয়ে কাবুলকে অবরুদ্ধ করার জন্য ও তা বিজয়ের জন্য এক বিরাট পরিকল্পনা প্রস্তুত করলেন। এই উদ্দেশ্যে সৈন্য ও শক্তি জোগাড়ের লক্ষ্যে, কাবুল পর্যন্ত রাস্তা খোলার জন্য শাইখ অগণিত সম্পদ খরচ করলেন। অর্থাৎ সময়ও দিয়েছেন, মালও ঢেলেছেন। এই লক্ষ্য বাস্তবায়নের জন্য তিনি একবার সফরে বের হলেন। আর আমি পূর্বেও বলেছিলাম যে, শাইখ রহ. এর সকল সফরই হতো ইসলাম ও জিহাদের খেদমতের উদ্দেশ্যে। তখন শীতকাল, তুষারপাতও বেড়ে গিয়েছিল। অন্যদিকে খুব ঠান্ডাও ছিল। বরফের আধিক্যতায় রাস্তা বন্ধ হয়ে গেল।

শাইখ আর তাঁর সাথীরা না আগে যেতে পারছিলেন না পিছনে আসতে পারছিলেন। যে ব্যক্তি বরফ আর পাহাড়ের এমন অবস্থার সাথে পরিচিত, সে জানে এমন পরিস্থিতি কেমন কঠিন হয়ে থাকে। তাঁরা গাড়ি ছেড়ে পায়ে হেঁটে আসার সিদ্ধান্ত নিলেন। যদি কোনো ঘর পেয়ে যান, তাহলে তাতে আশ্রয় নিবেন। আর এই বরফ আর ঠান্ডা থেকে বেঁচে যাবেন। শাইখ উসামা বলেছিলেন, ঠান্ডা সারা এলাকা ঘিরে ছিল। যাই হোক, আল্লাহ তা'আলা তাঁদের জন্য এই বিচ্ছিন্ন স্থানে অন্য ধরনের ঘর মিলিয়ে দিলেন। যার মধ্যে দুইজন আফগানি মুজাহিদ ছিলেন। এটা ছিল তাঁদের উপর আল্লাহর বিশেষ রহমত, অন্যথায় হয়তো তাঁরা মারাই যেতেন। তাঁরা এই ঘরে আফগানি দুই মুজাহিদের সাথে আশ্রয় নিলেন। তারা সে দুইজনকে বললেন, "আমাদের রাস্তা বন্ধ হয়ে গেছে। আর অন্য গ্রামের পথও বন্ধ। তাই যতক্ষণ না বরফ পড়া বন্ধ হয় অথবা রাস্তা খুলে যায়, আমাদেরকে এখানে থাকতে হবে।"এই ঘটনা একটি কঠিন বিপদের উদাহরণ। কিন্তু এছাড়াও তাঁর উপর আরো অধিক কঠিন বিপদ এসেছিল। ইনশাআল্লাহ, এ সকল বিপদ তাঁর মর্যাদা উঁচু হওয়ার কারণ হবে। এ সময়ে শাইখ উসামা বিন লাদেনের খুব খারাপ ম্যালেরিয়া রোগ হয়ে যায়। শাইখ রহ. আমাকে বলেছিলেন, ম্যালেরিয়া ওনাকে একেবারেই নাজেহাল করে দেয়। এমনকি তাঁর পেশাবের রাস্তা দিয়ে রক্ত আসছিল। ডাক্তার ভাইয়েরা জানেন, ম্যালেরিয়া রোগে রক্ত আসা কত মারাত্মক বিষয়। আর অধিকাংশ সময় এর কারণে বিভিন্ন অসুবিধা তৈরী হওয়ার পাশাপাশি এক পর্যায়ে মৃত্যুও হয়ে থাকে। ডাক্তারি পরিভাষায় একে 'কালো জল জ্বর' বলা হয়। ম্যালেরিয়াতে এটি একটি বিপদজনক লক্ষণ। যা লাল কোষগুলির ভাঙ্গন ও কিডনির ক্ষতির তীব্রতার প্রতি ইঙ্গিত করে।

বিশেষ করে, এই বিজন ভূমিতে, জনবিচ্ছিন্ন স্থানে ও প্রচন্ড ঠান্ডাতে এবং বরফের মাঝে এই মারাত্মক ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয়ে গেলেন। শাইখ উসামা বিন লাদেন রহ. বলতেন, আমি তখন মৃত্যুর কাছাকাছি চলে গিয়েছিলাম। ওই সময় যারা ঘরে ছিলেন; তাঁরা ওষুধের জন্য দৌড়ঝাঁপ শুরু করলেন। এই ঘরে একটি ঝুঁটি বিশিষ্ট মুরগী ছিল। এ দিকে ঘরের মালিক এই মুরগীর ব্যাপারে ছিল আবেগপ্রবণ। সাথীরা বলতে লাগলেন, মৃত্যুর দ্বারপ্রান্তে উপনীত এই রোগীর জন্য আমাদেরকে মুরগীটি জবাই করতে দাও। সাথীরা ওই ব্যক্তিকে বারবার অনুরোধ করতে লাগলেন; কিন্তু ঐ ব্যক্তি বারংবার নিষেধ করে যাচ্ছিল। এমনকি সাথীরা এর দাম অনেক গুণ বাড়িয়ে দেয়। তারপর সে রাজি হয়ে যায়। তাঁরা সেই মুরগী শাইখের জন্য জবেহ করে দেন। তারপর আল্লাহ তা'আলা শাইখকে এই মারাত্মক অসুস্থতা থেকে সুস্থতার নিয়ামত দান করেন।

যারাই শাইখের সাথে ছিলেন অথবা শাইখকে চিনেন; তারা জানেন যে, শাইখের শরীরের শক্তি ক্ষীণ ছিল। এমনকি জালালাবাদের যুদ্ধগুলোর সময়, তাঁর শক্তিক্ষীণতার কারণে তিনি অজ্ঞান হয়ে পড়তেন। আর তাঁকে ড্রিপের মাধ্যমে খাদ্য দিতে হতো। আমার মনে আছে, তাঁর ছেলে আব্দুল্লাহ হাঁপানি রোগে আক্রান্ত ছিলেন। আর সেও জালালাবাদের যুদ্ধের সময় শাইখের সাথে ছিলেন। আমি এক সময় তার হাঁপানি রোগের কারণে তাকে টিকা লাগিয়ে দিই। আমার এ কথাগুলো বলার উদ্দেশ্যে হলো, শাইখ উসামা রহ. কে শরীরের কমজোরির কারণে অনেক কষ্ট করতে হয়েছিল।

জিহাদের পথে শাইখ উসামা রহ. এর উপর আসা বিপদসমূহের মধ্যে একটি ঘটনা। আফগানিস্তানে আমেরিকা প্রবেশের পরের কথা। তখন আমিও তাঁর সাথে ছিলাম। আমরা এক জায়গা থেকে অন্য জায়গায় স্থানান্তরিত হচ্ছিলাম, আর প্রায় সময়

আঁধারেই সফর করতাম। এ সময়ে আমাদেরকে একটি পিছলে পাহাড় থেকে নামতে হচ্ছিল; যা থেকে নামার জন্য প্রায় চার ঘন্টা সময় লাগতো। আর স্পষ্ট কথা, আমাদের জন্য কোনো প্রকার আলো জ্বালানো একেবারেই নিষেধ ছিল। যেন এলাকাবাসী কোনোরূপ আন্দাজ করতে না পারে। আমার অবস্থা তো আপনারা বুঝতেই পারছেন; তো যারা জানেন না, তাদেরকে জানানোর জন্য আমি বলছি, শাইখ উসামা বিন লাদেন রহ.ও শুধু এক চোখেই দেখতে পেতেন। তাঁর একটি চোখ ছিল দৃষ্টিহীন। কেননা বাল্যকালে এক দুর্ঘটনায় তাঁর একটি চোখের আলো চলে যায়। কোনো দৃষ্টিসম্পন্ন লোক শাইখ রহ. এর সেই বিখ্যাত ছবি দেখে বলতে পারবেন না যে, যার মধ্যে তিনি ঈদের সময় নিজের বাম কাঁধের উপর বন্দুক রেখে গুলি চালাচ্ছেন। শাইখ উসামা সাধারণত বাম হাতের ব্যবহার করতেন না। কিন্তু যেহেতু তাঁর ডান চোখ কাজ করতো না। তাই দেখা যেতো, তিনি বাম দিক হতে গুলি চালাচ্ছেন। এক দিকে গভীর আঁধার। অন্য দিকে শাইখের একটি চোখ কাজ করে না। আর আল্লাহ পাহাড়টিকে এমনভাবে বানালেন যে, এর মধ্যে ছোট ছোট ধারালো পাথর ছিল। যার কারণে আমাদের পা বারবার পিছলে যাচ্ছিল। আর আমরা তো কোনো পাহাড়ি লোকও ছিলাম না। এ জন্য নামার সময় আমাদের অনেক কষ্ট হয়েছিল। আল্লাহ তা'আলা আমাদেরকে আর সকল ঈমানদারদেরকে কবুল করুন। যাই হোক, কিছু সময় চলার পর আমরা সামান্য আরামের জন্য বসলাম। শাইখ উসামা বললেন, আপনি কিছু মনে না করলে, একটু পেছনে সরে আসুন। আমি বললাম, কোনো সমস্যা নেই। আমি পেছনে সরে যাচ্ছি। আসলে শাইখ রহ. নিজের পা ছড়াতে চাচ্ছিলেন। তারপর শাইখ বললেন, "আপনি জানেন?, কেন আপনাকে পেছনে যেতে বললাম?" আমি বললাম, কেন? শাইখ বললেন, "আসলে অন্ধকারে আমি পিছলে যাই। আর আমার হাঁটু আমার ওজন নিয়ে একটি পাথরের সাথে এসে

লাগে। ব্যাথার তীব্রতার কারণে আমি এটা বুঝলাম যে, আমার পায়ের হাঁড় ভেঙে গেছে। কিন্তু আল্লাহ আমাকে বাঁচিয়ে দিলেন, যার ফলে আমার হাঁড় ভাঙেনি।” আমি বললাম, আল্লাহর শুকরিয়া! যিনি আপনাকে বাঁচিয়ে দিলেন।

আফগানিস্তানে ক্রুসেডারদের হামলার সময় এ ধরনের আরেকটি সফর করতে হয়েছিল। আমাদেরকে যেতে হয়েছিল এক জায়গা থেকে অন্য জায়গায়। এতে আমাদেরকে দেড় দিনের পায়ে হেঁটে সফর করতে হয়েছিল। এই সফরের প্রথম ধাপ রাতের প্রথম প্রহরে শুরু হয়। প্রথম ধাপেই চড়তে হবে, একটি বড় পাহাড়ে। রাহবার সাথী আমাদেরকে বললেন, “আপনারা দৃঢ় হিম্মত করুন, যেন আমরা ফজরের আগে অথবা ফজর পর্যন্ত এর চূড়ায় ওঠতে পারি। আমাদেরকে যেন পাহাড় চড়ার সময় কেউ না দেখে। কারণ এখানে মুনাফিকও থাকতে পারে; থাকতে পারে রাখাল আর সাধারণ লোকজনও। তাই আমরা চাই, আমাদেরকে যেন কেউ না দেখে।”এ পাহাড়ে চড়া আমাদের জন্য খুবই কষ্টকর ছিল। তো আল্লাহ তা‘আলা আমাদের জন্য তা সহজ করে দিলেন। এরপর আমরা সফর অব্যাহত রাখলাম। এ সময়ও শাইখ উসামা রহ. এর অনেক কষ্ট হয়েছিল। আল্লাহ তাঁর মর্যাদা উঁচু করুন। এই সফরে তাঁর কষ্টের কারণ ছিল, তাঁর পায়ের মাপের জুতো তাঁর কাছে ছিল না। যারা পায়ে হাঁটেন, বিশেষ করে পাহাড়ে ওঠে থাকেন। তারা জুতোর সামঞ্জস্য হওয়ার ব্যাপারে অধিক জ্ঞাত। তখন আমরা প্লাস্টিকের সাধারণ জুতো পরতাম। এমতাবস্থায় যদি জুতো পায়ের চেয়ে ছোট অথবা বড় হয়; এটা তো আপনি নিজেই কষ্টের জন্য তৈরি হয়ে গেলেন। কেননা তারপরের প্রতিটি পদক্ষেপ কষ্টকর হয়ে পড়বে। এ সফর উসামা রহ. এর উপর কষ্টকর হয়ে পড়েছিল। তিনি তাঁর পায়ের মাপের জুতো পাননি। আর অনবরত কষ্ট করে পথ চলছিলেন। কয়েকবার তিনি জুতোও বদলে দেখলেন; কিন্তু কোনো লাভ হলো না। শাইখ এ অবস্থায় চলতে লাগলেন।

এমনকি আমরা এমন এক জায়গাতে এসে পৌঁছলাম; যার সম্পর্কে রাহবার সাথী বললেন, আমাদেরকে এই এলাকা দ্রুত পার হতে হবে। তাই আমরা খুব দ্রুত চলছিলাম। শেষ পর্যন্ত আমরা সে এলাকা পার হলাম। শাইখ উসামা রহ. এরপর যোহর আর আসরের মাঝামাঝি সময়ে বললেন, কিছু সময় আমরা এখানে আরাম করবো; কিন্তু রাহবার ভাই বললেন, না, এই এলাকা নিরাপদ ও উপযোগী নয়। শাইখ বললেন, সমস্যা নেই। আমরা এখানে আরাম করে নিই। কিন্তু রাহবার বললেন, এ জায়গা একটুও নিরাপদ নয়। আর এ সফরে আরাম করার সুযোগ নেই। অগত্যা আমরা আবার চলতে শুরু করলাম। এমনকি আমরা মাগরিবের সময় পর্যন্ত চলতে লাগলাম। অবশেষে আমরা এসে পড়লাম একটি টিলার পাশে খোলা প্রান্তরে। সেখানে কিছুক্ষণ আরাম করলাম। শাইখ রহ. রাহবারকে বললেন, আমরা রাতটা এখানে কাটাবো। এরপর রাহবার বললেন, না, না। আমরা রাত এখানে কাটাতে পারবো না। এখান থেকে আমাদের গন্তব্য দুই ঘণ্টার রাস্তা। আমরা সেখানে পৌঁছে গেলে ইনশাআল্লাহ খাওয়ার ব্যবস্থা হবে। সেখানে আপনি আরামও করতে পারবেন। কিন্তু শাইখ রহিমাহুল্লাহু বললেন, “আমরা এর চেয়ে বেশি আর হাঁটতে পারবো না।”এরপর রাহবার সাথী বললেন, ঠিক আছে, কিন্তু এটা একেবারে খোলা জায়গা আর এখানে কোনো আড়ালও নেই। শাইখ বললেন, তবুও আমরা রাত এখানে কাটাবো। রাহবার ভাই বললেন, আকাশে তো মেঘ দেখা যাচ্ছে। একটু পর বৃষ্টি শুরু। শাইখ বললেন, তবুও রাত আমরা এখানেই কাটাবো। কয়েক ঘণ্টা এখানে কাটিয়ে সকাল বেলা সামনে যাবো। অবশেষ রাহবার সাথী পরাজয় মেনে নিলেন।

কিন্তু মাটির সাথে পিঠ লাগানোর সাথে সাথে মুষলধারে বৃষ্টি শুরু হলো। আসমান থেকে বৃষ্টি সরাসরি আমাদের উপর এসে পড়ছিল। দুই ঘণ্টা ধরে, একটু থেমে

আবার শুরু হতো। আমরা পুরোপুরি ভিজে গিয়েছিলাম। কোনো জিনিস এমন ছিল না, যার ভেতর পানি ঢোকেনি। কিন্তু আমরা কী আর করতে পারতাম! আমার কাছে ছিল একটি লাঠি আর একটি চাদর; যাকে আমি লাঠির উপর এভাবে গোল করে ছড়িয়ে দিলাম, আর মাথা গুঁজার ঠাঁই হলো। পরে, যার ভেতর এসে ঠাঁই নিল আরো দুই সাথী। আমরা এক চাদরের ভেতর তিনজন হয়ে গেলাম। মূলতঃ এ ছাউনিটি ছিল কোনো রকম বাঁচার জন্যই; কেবল মনকে সান্তনা দেয়া। প্রবল বৃষ্টি মাথায় করে আমরা বসেছিলাম, অন্য দিকে পাহাড়ের উপর বোমার পড়ার মতো বিদ্যুৎ চমকাচ্ছিল। অদ্ভুত এক অবস্থা। অবশেষে সকাল হলো। আমরা রওয়ানা হলাম। গন্তব্যস্থলে পৌঁছে দেখলাম, বাড়ির মালিক খুবই খুশি। তিনি বলছিলেন, "শুকনো আবহাওয়ার কারণে ফসল নষ্ট হওয়ার উপক্রম হয়েছিল; আলহামদুলিল্লাহ, আল্লাহ তা'আলা বৃষ্টি দিলেন। আর ক্ষেত পানিতে পূর্ণ হয়ে গেল।"এ কথা শুনে আমার বেশ হাসি এসে গেল। সুবহানাল্লাহ! কীভাবে একজনের বিপদ অপরজনের জন্য নেয়ামত স্বরূপ হয়!

সবশেষে, টেকনেশিয়ান ভাই আমাকে যে সামান্য সময় দিয়েছেন, এই সামান্য সময়ের মধ্যেই আমি শাইখ উসামা বিন লাদেন রহ. এর পরিবারের উপর আসা কিছু বিপদাপদের কথা আলোচনা করবো। জিহাদ ফি সাবীলিল্লাহর পথে যে সকল বিপদাপদ এসেছিল, তা শুধু শাইখের উপর-ই এসেছিল, বিষয়টি এমন নয়। বরং তার ধৈর্যশীল, মুরাবিত ও মুজাহিদ পরিবারের উপরও এমন বহু বিপদাপদ এসেছিল। আল্লাহ তা'আলা তাঁদের সকলকে উত্তম প্রতিদান দান করুন। তাঁদেরকে তাঁদের পূর্বপুরুষদের মতো উত্তম স্থলাভিষিক্ত বানান, ইনশা আল্লাহ। আর ইমামুল মুজাহিদ শাইখ উসামা রহ. এর স্মৃতিগুলোকে জীবন্তকারী বানান, ইনশা আল্লাহ।

শাইখ উসামা বিন লাদেন রহ. সন্তানদের উপর আসা বহু বিপদাপদেরও সম্মুখীন হোন। তাঁর যে সকল সন্তানদের উপর বিপদ আসে, তাঁদের মধ্যে একজন আমাদের চোখের মণি সা'দ বিন লাদেন রহ.। তিনি ইরানি গোয়েন্দাদের কাছে বন্দী ছিলেন। ইরানি এজেন্সীগুলোর সাথে আফগানিস্তানের মুহাজিরীন ও বন্দীদের বেদনাদায়ক ঘটনা বিস্তারিতভাবে আলোচনা করা হবে। সেখানে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে, ইনশা আল্লাহ। এই ঘটনা বহু বাস্তবতাকে সামনে নিয়ে আসে। যা জানা উম্মতের জন্য অত্যন্ত জরুরী। সা'দ বিন লাদেন রহ. কোনো অপরাধ ছাড়াই কয়েক বছর ইরানের জেলে বন্দী ছিলেন। তিনি গ্রেফতার হওয়া থেকে বাঁচার জন্যই তাঁর বংশের কিছু লোকের সাথে ইরানের দিকে যাচ্ছিলেন। ইরানিরা তাঁকে পরিবারের লোকদের সাথে গ্রেফতার করে ফেলে। এক সময় সা'দ বিন লাদেন রহ. সেখান থেকে সরে আসতে পেরেছিলেন। তারপর খোরাসান চলে আসেন। তিনি অনেকগুলো বাস্তবতার উপর থেকে পর্দা ওঠান। খোরাসানের মাটিতে তিনি আমেরিকার বিরুদ্ধে যুদ্ধ করে শহীদের মহান মর্যাদায় ভূষিত হোন। শাইখ উসামা বিন লাদেন রহ. আল্লাহর কাছে প্রতিদানের আশায় তাঁকে জিহাদ ফি সাবীলিল্লাহর পথে উৎসর্গ করে দেন।

এভাবে খালিদ বিন লাদেন রহ.ও আল্লাহর পথে শহীদ হোন। এ্যাবোটাবাদে শাইখের সাথেই তিনি শাহাদাতের মর্যাদা লাভ করেন। আল্লাহ তাঁদের সকলের উপর রহমত বর্ষণ করুন। এমনিভাবে শাইখ উসামা বিন লাদেন রহ. এর কন্যা খাদীজা বিনতে লাদেন সন্তান প্রসবের সময় চিকিৎসার অভাবে মৃত্যুবরণ করেন। আল্লাহ তাঁকে শাহাদাতের মর্যাদা দান করুন। খাদীজা বিনতে লাদেনের স্বামীও আমেরিকার বিরুদ্ধে জিহাদ করার সময় শাহাদাত বরণ করেন। এমনিভাবে ফাতিমা বিনতে

লাদেনের স্বামীও আল্লাহর রাস্তায় জীবন উৎসর্গ করেন। খাদীজা বিনতে লাদেনের সন্তান ও শাইখের নাতি তাঁর শাহাদাতের সময় এ্যাবোটাবাদে তাঁর সাথেই ছিলেন। “বিশ্বসন্ত্রাসী আমেরিকা সরকারের আদেশে বিশ্বাসঘাতক পাকিস্তানী গোয়েন্দাসংস্থার নিকট মুহতারাম শাইখের পরিবারের মহিলাদেরকে, সন্তানদেরকে ও নাতী-নাতনীদেরকে এক বছরেরও বেশি সময় ধরে বন্দী থাকার কথা কে না জানে?! যে আমেরিকা ব্যক্তি স্বাধীনতা, মানবাধিকার ও জেনেভা চুক্তি বাস্তবায়নের দাবি করে থাকে! অন্যদিকে আবার এ সকল ধোঁকাপূর্ণ বিষয়াবলী গাফিলদের নিকট চড়া দামে বিক্রিও করে দেয়!! পাকিস্তানী প্রশাসন পূর্ণ এক বছর যাবৎ এ সকল মহিলাদেরকে, মাসুম বাচ্চাদেরকে ও নাতী-নাতনীদের বিনা অপরাধে বিনা অভিযোগে এবং বিনা বিচারে আটকে রেখেছে!!! তাঁদের অপরাধ শুধু এতটুকুই যে, তাঁরা শাইখ উসামা রহ.এর পরিবার ও সন্তান। যিনি আমেরিকার বিরুদ্ধে জিহাদের ঘোষণা দিয়েছেন।” আজকের আলোচনা এখানেই শেষ করছি। আগামী পর্বে আবার কথা হবে, ইনশাআল্লাহ।

# পর্ব ৪

এটি ‘ইমামের সাথে অতিবাহিত দিনগুলো’ শীর্ষক ধারাবাহিক আলোচনার ৪র্থ পর্ব। এখানে আমি শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ-এর সাথে অতিবাহিত দিনগুলো নিয়ে কিছু উত্তম স্মৃতিচারণ করব। (আল্লাহ তাআলা শায়খের ওপর তাঁর রহমতকে প্রশস্ত করে দিন এবং আমাদেরকেও তার সাথে একীভূত করুন।)

এই পর্বের শুরুতে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। আর তা হলো: পূর্বের হালাকাগুলোর মতো এই হালাকাতেও আমি সেসব শুহাদাদের নিয়ে আলোচনা করতে চাই, যারা আমার সমসাময়িক ছিল এবং যাদের সাথে আমার অনেক স্মৃতিময় ঘটনা রয়েছে। তাদের নিয়ে আলোচনা করব বিধায় জীবিতদের ব্যাপারে আমার ভালো জানাশুনা থাকা সত্ত্বেও তাদের নিয়ে আপাতত আলোচনা করছি না।

কেননা যুদ্ধ তো চলছেই, আর শত্রুরাও আমাদের যেকোনো সংবাদ সংগ্রহের জন্য ওত পেতে আছে। ফলে এমনও হতে পারে যে, এসব সংবাদের সূত্র ধরে ওরা মুসলিম, মুজাহিদ, অথবা জিহাদ ও মুজাহিদদের সাহায্যকারীদের কষ্ট দেবে। আমি এবং আমার ভাইয়েরা জিহাদ ও মুজাহিদদের জন্য এমন কঠিন ও সংকটময় মুহূর্তে তাদের কোরবানির কথা ভুলতে পারব না।

এ যুগে মুমিন মুজাহিদদের বাহিনীগুলো স্বল্প সরঞ্জাম নিয়ে মানব ইতিহাসের সবচেয়ে শক্তিশালী বস্তুবাদী সেনাবাহিনীর মোকাবেলা করেছে। অতঃপর আল্লাহর ইচ্ছায় মুজাহিদগণ তাদের পরাজিত করতে সক্ষম হয়েছে। আমি সেসব জীবিত ভাইদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি, যারা ব্যাপকভাবে আমাদের প্রতি, জিহাদ এবং মুজাহিদদের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। তাদের উদ্দেশে বলব, এই মুহূর্তে আপনাদের আলোচনা করছি না আপনাদের নিরাপত্তার খাতিরে। ইনশাআল্লাহ এমন দিন আসবে, যেদিন আমরা আপনাদের অবদান ও শ্রেষ্ঠত্বের আলোচনায় ব্যস্ত থাকব।

আমি এখানে সংক্ষিপ্তভাবে স্পষ্ট করব যে, এমন কঠিন বিপদের মুহূর্তে পাকিস্তান ও আফগান জাতি আমাদের পাশে এসে দাঁড়িয়েছে। বিশেষ করে পশতুনের বিভিন্ন গোত্র। আল্লাহর কাছে দোয়া করি, যারা জিহাদ ও মুজাহিদদের বিপদের মুহূর্তে

পাশে দাঁড়িয়ে সাহায্য করেছেন, তিনি যেন তাদের প্রত্যেককে উত্তম প্রতিদান দান করেন। এটি হলো প্রথম বিষয়।

দ্বিতীয় বিষয় হলো, প্রকৃতপক্ষে আমি মুজাহিদে আজম, ইমামুল জিহাদ, মুজাদ্দিদ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ-এর শ্রেষ্ঠত্ব ও মর্যাদা তুলে ধরতে অপূর্ণতা অনুভব করছি। কারণ, আমি নিজের মধ্যে কিছু সংকীর্ণতা অনুভব করছি।

রক্তক্ষয়ী এই যুদ্ধ আরম্ভ হওয়ার পর বিভিন্ন ব্যস্ততার কারণে ও নির্দিষ্ট কোথাও স্থির থাকতে না পারায় আশা করি ভাইয়েরা আমার অপারগতা অনুভব করতে পেরেছেন। এছাড়াও নিরাপত্তার বিষয়টির প্রতিও লক্ষ রাখতে হয়েছে। কারণ, আমাদের জন্য এবং সকল মুজাহিদদের জন্য সর্বপ্রথম নিরাপত্তা ঠিক রাখতে হবে। আমি সেসব লেখক, ইসলামি চিন্তাবিদ ও গবেষকদের নিন্দা জানাই, যারা শায়খ উসামা রহিমাহুল্লাহ-কে ভালোবাসেন, তাঁকে সম্মান করেন, তাঁর অবস্থান সম্পর্কে ভালোভাবে অবগত আছেন তবুও শায়খকে নিয়ে আলোচনা করেন না। শায়খের প্রিয়জন, বন্ধুবান্ধব, জিহাদের ময়দানে ও হিজরতের সময় তাঁর সাথি ছিলেন এমন ভাইদেরকেও নিন্দা জানাই। কারণ তারা শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ-এর সম্পর্কে কোনো আলোচনা করে না।

ইসলামের ইতিহাসের এই মহান ব্যক্তিকে যদি আমি এই যুগের সালাহুদ্দিন আইয়ুবি বলি, তবে অতিরিক্ত হবে না। তিনি এমন ব্যক্তি, যিনি তাঁর সম্পদ, পড়ালেখা, পরিবার-পরিজন, স্বদেশ, জাতিসত্তা, এমনকি তাঁর ব্যক্তিত্বকে আল্লাহর রাস্তায় উৎসর্গ করে দিয়েছেন। তাঁর সকল কিছু আল্লাহ তাআলার রাস্তায় বিলিয়ে দিয়েছেন। আল্লাহ শায়খকে সম্মানিত করুন। কেননা, তিনি যৌবন থেকেই ইসলামের শত্রুদের বিরুদ্ধে যুদ্ধে শরীক হয়েছেন। এরপর বিগত ২০ বছরের কঠিন সংকটময় মুহূর্তে কমিউনিস্ট সাম্রাজ্যবাদী রাশিয়া এবং পশ্চিমা ক্রুসেডার আমেরিকার বিরুদ্ধে যুদ্ধে অংশগ্রহণ

করেছেন। এই পুরো সময়টাতে তিনি এই উম্মতের একজন শ্রেষ্ঠ বীর, অগ্রগামী সিপাহসালার এবং দানশীল নেতার পরিচয় দিয়েছেন। এমন বীরত্বের সাথে আমাদের পরিচিত হওয়া, তাদের সুনাম-সুখ্যাতি আলোচনা করা বড়ই প্রয়োজন। ভবিষ্যৎ প্রজন্মের কাছে তাদের কীর্তিগাথা, ইতিহাস তুলে ধরা আমাদের জন্য একান্ত আবশ্যক।

আজ কোথায় সেই ভাইয়েরা, যারা শায়খের মর্যাদা সম্পর্কে অধিক জ্ঞাত? আমার দৃঢ় বিশ্বাস যে, এই উম্মাহর মধ্যে এমন মানুষের সংখ্যা অনেক বেশি। আজ কেন তারা চুপ করে আছে? আমি চাই, তারা যেন বুঝে যে, শায়খের অবদান জাতির সামনে তুলে ধরাটা আমার মতো তাদেরও কর্তব্য।

কিন্তু দুঃখের বিষয় হলো, যখন কোনো খেলোয়াড়, গায়ক বা ভ্রান্ত রাজনৈতিক ব্যক্তিত্ব মারা যায়, তখন অসংখ্য বই প্রকাশিত হয়, পত্রিকার কলামগুলো পরিপূর্ণ হয়ে যায় এবং অনেক ভিডিও চিত্র তৈরি হয়; অথচ ইমামুল জিহাদ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ যুগের হুবাল আমেরিকার বিরুদ্ধে জিহাদের অগ্নি প্রজ্বলিত করে গিয়েছেন। শুধু তাই নয়, আমেরিকাও তাঁকে তাদের প্রথম শত্রু মনে করত। সুতরাং শায়খের অবদান আর কোরবানির কথা বর্ণনায় তোমাদের উদ্যম কোথায় হারিয়ে গেল?! প্রকৃতপক্ষে আমি এদের সকলকে নিন্দা জানাই।

শায়খের বন্ধুবান্ধব, সঙ্গী-সাথি, যারা তাঁর মর্যাদা সম্পর্কে অবগত আছেন এবং যারা হিজরত ও জিহাদের সময় তাঁর সঙ্গী ছিলেন তাদের সকলের প্রতি আমার আহবান, আপনারা শায়খের অবদানগুলো তুলে ধরুন এবং তাঁকে নিয়ে লেখালেখি করুন। কথা বলুন। আর যারা ভালোভাবে বিষয়টি উপস্থাপন করতে পারেন না কিংবা লেখালেখি করতে পারেন না, তারা যেন সে সকল কল্যাণকামীদের সাহায্য করেন, যারা শায়খের সম্পর্কে আলোচনা করেন এবং তারা যেন শায়খের স্মৃতিময়

ঘটনাসমূহ ও সুরভিত এই ইতিহাসকে একত্রিত করেন। আমি তার কিছুটা দেখেছি। তবে তারা আমার চেয়েও বেশি দেখেছে। তাই তাদের প্রতি আহবান জানাব, তারা যেন শায়খের এই সুরভিত ইতিহাসকে গোপন না করে, অত্যন্ত দৃঢ়তার সাথে তাঁর অবদানগুলো আলোচনা করে এবং সর্বমহলে তুলে ধরে। কারণ এটি আমেরিকার বিরুদ্ধে যুদ্ধের একটি অংশ। কোনোভাবেই যেন তাদের দ্বারা শায়খের সুনাম বিনষ্ট না হয়। বরং তাঁর বিভিন্ন পদক্ষেপ নিয়ে কথা বলা জরুরী। এটি এমন একটি বিষয়, যা আমি বিশেষভাবে উল্লেখ করতে চেয়েছি।

এখানে আরও একটি বিষয় উল্লেখ্য যে, অনেকেই যখন শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ সম্পর্কে আলোচনা করেন, তখন তারা তাঁর সৃষ্টিগত অবকাঠামো, উত্তম চরিত্র, সম্মান-মর্যাদা ও উদারতা নিয়ে আলোচনা করেন। এগুলো যে তাঁর উন্নত গুণাবলি এতে কোনো সন্দেহ নেই। শত্রুরাও তাঁর এই গুণগুলোর কথা অকপটে স্বীকার করে। আমরা এগুলো অবশ্যই আলোচনা করব। কিন্তু আসলেই কি শায়খ উসামা রহিমাহুল্লাহ তাঁর উন্নত চরিত্র ও উত্তম গুণাবলির কারণে একজন ইমাম হিসেবে প্রসিদ্ধি লাভ করেছেন?

না। বিষয়টি আসলে এমন নয়। তিনি তো এমন একজন সংস্কারক, যিনি আমেরিকার বিরুদ্ধে জিহাদের আগুন প্রজ্বলিত করেছেন। রাশিয়া বিরোধী জিহাদে অংশগ্রহণ করেছেন। পথভ্রষ্ট ও পথভ্রষ্টকারী বিশ্ব মোড়লদের নিষ্প্রভ করে দিয়েছেন এবং তাদের সকল অন্যায় জাতির সম্মুখে তুলে ধরেছেন। এটিই হচ্ছে শায়খের জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও অন্যতম দিক।

অতএব, হে ভাই,

কেন আপনারা শায়খের আলোচনা করার সময় তাঁর এই গুরুত্বপূর্ণ মৌলিক দিকটি নিয়ে আলোচনা করেন না? যে গুণটির কারণেই মূলত শায়খ উসামা রহিমাহুল্লাহ একজন ইমাম হিসেবে পরিচিতি লাভ করেছেন।

আবার কিছু ভাই শায়খ রহিমাহুল্লাহ-এর কমিউনিস্ট রাশিয়াবিরোধী যুদ্ধের আলোচনা করে থাকলেও তাঁর জীবনের দুটি গুরুত্বপূর্ণ অধ্যায়ের আলোচনা এড়িয়ে যান।

প্রথমটি হলো : শায়খের আমেরিকাবিরোধী জিহাদ। শায়খ উসামা রহিমাহুল্লাহ আমেরিকাবিরোধী জিহাদে সম্মিলিত শত্রুবাহিনীর মোকাবেলায় মুসলিম উম্মাহকে একত্রিত করতে সক্ষম হয়েছেন। একমাত্র আল্লাহ তাআলার অনুগ্রহেই এই প্রচেষ্টায় সফল হয়েছেন।

দ্বিতীয়টি হলো : পথভ্রষ্ট ও পথভ্রষ্টকারী শাসকদের বিরুদ্ধে তাঁর অবস্থান। তিনি সত্যই বলতেন, 'অবশ্যই আমরা সাপের মাথা তথা সবচেয়ে বড় শত্রুর বিরুদ্ধে সম্মিলিত প্রতিরোধ গড়ে তুলব।' তিনি যুগের হুবাল আমেরিকার প্রতি ইঙ্গিত করে বলতেন, 'যখন এই বড় মূর্তিটি নিশ্চিহ্ন হয়ে যাবে, তখন তার পদলেহী অনুগতরাও শক্তিহীন হয়ে পড়বে এবং বিভক্ত হতে থাকবে'। এদের বিরুদ্ধে জিহাদের পাশাপাশি তিনি তাদের মুখোশ উন্মোচন করতেন, তাদের সাথে চ্যালেঞ্জ করতেন, তাদের খুঁত বের করে দিতেন এবং এই অসভ্য শাসকদের ভণ্ডামি প্রকাশ করে দিতেন। তাদের বিরুদ্ধে জাতিকে উৎসাহিত করতেন।

হে ভাইয়েরা,

শায়খের এই দুটি গুরুত্বপূর্ণ দিক তো আপনাদের আলোচনায় স্থান পেল না! তাঁর জীবনের অন্যতম এই দুটি দিক কেন আপনারা প্রকাশ করেন না?

হে ভাইয়েরা,

পথভ্রষ্ট শাসকদের বিরুদ্ধে আরব বিপ্লবের মধ্য দিয়ে শায়খ উসামা রহিমাহুল্লাহ সুখ্যাতি অর্জন করেছেন। কেননা, তিনি পূর্ব থেকেই জনগণকে এমন একটি বিপ্লবের জন্য উদ্বুদ্ধ করে আসছিলেন। অতঃপর বিপ্লবগুলো যখন সংঘটিত হয়েছে, তখন তিনি সেগুলোর পক্ষে শক্ত ও দৃঢ়ভাবে অবস্থান নিয়েছেন। এর চেয়েও গুরুত্বপূর্ণ বিষয়টি হলো, তিনি এগুলোর নিয়ন্ত্রক ছিলেন। কেননা এই বিপ্লবগুলো ছিল এমন, যা জাতিকে বহির্নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ দ্বন্দ্ব থেকে মুক্ত করে ইসলামি হুকুমতের দিকে নিয়ে যাবে। ঘটনাপ্রবাহ এটাই সাব্যস্ত করেছে যে, তিনি নিশ্চল মনস্তাত্ত্বিক গণতন্ত্র থেকে জাতিকে সতর্ক করার সিদ্ধান্তটি যথোপযুক্ত সময়েই গ্রহণ করেছেন। ফলে আমেরিকার মুখোশ উন্মোচিত হয়ে গেছে, সত্য স্পষ্ট হয়ে গেছে এবং নিজেদের বিষাক্ত দাঁতগুলো প্রকাশ করে দিয়েছে। ওরা এই বিপ্লবগুলো ধ্বংস করে দিয়েছে ট্যাংক আর সাঁজোয়া যুদ্ধ সরঞ্জাম দিয়ে। বোমারু বিমান দ্বারা সব চূর্ণ করে দিয়েছে। বন্দুক আর কামানের অনবরত গোলা-বারুদ দ্বারা হত্যা করেছে এবং নিজেদের তৈরিকৃত গণতন্ত্রের নীতিমালা নিজেরাই লঙ্ঘন করেছে।

এই ঘটনাসমূহ শায়খের দূরদৃষ্টি ও তাঁর চিন্তার সত্যতা প্রমাণ করে দিয়েছে। তিনি মানুষকে এই বিপ্লবগুলোর প্রতি আহবান করতেন। কেননা, গণতন্ত্রের অচলাবস্তা এই বিপ্লবগুলো ধ্বংস হয়ে গিয়েছে। অনেক ইসলামি দল পথ হারিয়ে ফেলেছে, সবকিছু ঘোলাটে করে ফেলেছে।

শাম, মিসর, লিবিয়া ও তিউনিসিয়া-সহ সর্বত্র যা ঘটে চলেছে, তা আমাদের সামনে স্পষ্ট। ধূর্ত আমেরিকার পক্ষে এসব কিছুই সম্ভব। যদিও মুসলিম দলগুলোর বক্তব্য ও কর্মসূচি ভিন্ন ভিন্ন, কিন্তু প্রত্যেকের প্রচেষ্টা হচ্ছে ধীরগতিতে হলেও গণতন্ত্রের বিরুদ্ধে একটি ইসলামি বিপ্লব সংঘটিত করা। আর এখানেই মুসলিমদের শক্তি

বিক্ষিপ্ত হয়ে পড়ছে। যেভাবে প্রবল বেগে প্রবাহিত নদী বনাঞ্চলে প্রবেশ করার পর নিশ্চল অথবা বিচ্ছিন্ন হয়ে যায়।

অতঃপর যখন এই পদ্ধতি সফল না হবে, আমেরিকা তার খারাপ রূপে আবার আত্মপ্রকাশ করবে এবং তার সৈনিকরা অস্ত্র বলে, হত্যা-লুণ্ঠন করে এবং বল প্রয়োগ করে এগিয়ে আসবে। আরব জাতির আশা-আকাঙ্ক্ষাকে ধূলিসাৎ করে দিতে মরিয়া হয়ে উঠবে। কেননা আরবরা ইসলামি হুকুমত প্রতিষ্ঠা করতে চায়, বহিঃশত্রুর প্রভাব থেকে দেশকে মুক্ত করতে চায় এবং অভ্যন্তরীণ গোলযোগ থেকে উম্মাহকে উদ্ধার করতে চায়।

আমার ভাইয়েরা,

বর্তমানে মিসরে যা ঘটছে, তা অবশ্যই জঘন্য অপরাধ। এতে অংশ নিয়েছে উদারতা ও মানবতাবাদের ফেরিওয়ালা ধর্মনিরপেক্ষতাবাদীরা এবং গণতন্ত্রবাদীরা। এ কাজগুলোর সাথে বহিঃশত্রু আমেরিকা পরিপূর্ণভাবে জড়িত। কারণ, আমেরিকা ও আমেরিকার মিত্র বাহিনীগুলো জোরপূর্বক এই আক্রমণগুলো পরিচালনা করেছে, অর্থ জোগান দিয়েছে এবং প্রশিক্ষণ দিয়েছে।

আমি পূর্বেও বলেছি, মার্কিনিরা চূড়ান্ত পর্যায়ের ভীরু এবং কাপুরুষ। তারা এতটাই ভীতু যে, তোরাবোরায় নিজেরা হামলা করার দুঃসাহস করতে পারেনি। তারা বুঝতে পেরেছিল, যারা তোরাবোরায় অবস্থান করছে, তাঁরা বুকে প্রাণ থাকা পর্যন্ত যুদ্ধ

করার সংকল্প করেছে। ফলে তারা নিজেরা সাহস না করে মুনাফিক বাহিনীগুলোকে এগিয়ে দিচ্ছিল। যখনই মুনাফিকদের একটি ব্যাটেলিয়ানকে লড়াইয়ের জন্য অগ্রে পাঠাত, তখনই তাদের অধিকাংশ লাশ হয়ে যেত এবং বাকিরা আহত হয়ে ফিরে যেত। এভাবে তারা আসছিল আর লাশ হয়ে ফিরে যাচ্ছিল। আল্লাহ তাআলা তোরাবোরাতে আক্রমণকারী এ সকল মুনাফিকের মনে ভয় ঢুকিয়ে দিয়েছিলেন। (ইনশাআল্লাহ এ বিষয়ে পরবর্তী সময়ে অনেক আশ্চর্যজনক ঘটনা উল্লেখ করব।)

শাইখ ইবনুশ শাইখ লিবি রহিমাহুল্লাহ অত্যন্ত বিচক্ষণ ব্যক্তি ছিলেন। তিনি প্রথমে তাঁর ফায়ার পয়েন্টসমূহ, মেশিনগানগুলো এবং মর্টারটি শত্রুদের থেকে আড়াল করে রেখেছিলেন। যে বিমানগুলো দীর্ঘ ১৪ দিন ধরে তোরাবোরায় হত্যাযজ্ঞ চালিয়ে যাচ্ছিল, সেগুলো থেকে ফায়ার পয়েন্টগুলো গোপন করে রেখেছিলেন। যখনই মুনাফিকদের কোনো ব্যাটেলিয়ান এগিয়ে আসত, তখনই তারা মুজাহিদদের গোপন ফায়ার পয়েন্টের আওতায় পড়ে যেত। ফলে তারা লাশ কিংবা আহত হয়ে ফিরে যেত। তারপর অন্য একটি ব্যাটেলিয়ান গ্রুপ বোমা ফেলতে ফেলতে সামনে এগিয়ে আসত। এত পরিমাণে বোমা নিক্ষেপ করত যে, তারা ধারণা করে নিত, প্রতিরোধকারী মুজাহিদদের শেষ করে ফেলেছে। তারপর অন্য একটি মুনাফিকদল আসত। শাইখ ইবনুশ শাইখ লিবি রহিমাহুল্লাহ ও তাঁর সাথীরা তাদের প্রতিহত করতেন। এভাবেই তোরাবোরার যুদ্ধ চলতে থাকে। অবশেষে মুজাহিদরা তোরাবোরা থেকে বেরিয়ে আসতে সক্ষম হন।

আল্লাহ তাআলা শাইখ ইবনুশ শাইখ লিবি রহিমাহুল্লাহ-কে উত্তম প্রতিদান দান করুন। তিনি ধৈর্য, অভিজ্ঞতা ও অধ্যবসায়ের মাধ্যমে মুনাফিকদের প্রত্যেক হামলার জবাব দিয়েছিলেন।

আমি পূর্বেও বলেছি যে, শাইখ ইবনুশ শাইখ লিবি রহিমাহুল্লাহ অঙ্গীকার পূরণে ছিলেন একজন দৃঢ়প্রতিজ্ঞ মানুষ। সম্ভবত এই পর্বগুলোতে আমি শাইখ উসামার সাথে তাঁর ওয়াদা পূরণের কথা উল্লেখ করেছিলাম। একবার প্রায় একশজনের মতো মুনাফিক এক উপত্যকায় ভাইদের রেঞ্জের ভেতরে চলে আসে। কিন্তু মুনাফিকরা তাদের কাছে নিরাপত্তা চায়। শাইখের সাথীরা মুনাফিকদের হত্যা করতে যাবেন, এমন সময় শাইখ তাদের হত্যা করতে নিষেধ করে দেন। কেননা, শাইখ তাদের নিরাপত্তা দিয়েছিলেন। এটি ছিল শাইখের যুদ্ধের বাস্তব অভিজ্ঞতা ও দক্ষতার অন্যতম প্রমাণ। এমন পরিস্থিতিতে সাথীদের তিনি নিয়ন্ত্রণ করতে পেরেছিলেন।

তোরাবোরার একটি মজার ঘটনা হলো, ভাইয়েরা সংবাদ বিনিময়ের সময় এই মর্টারটিকে খচ্চর বলে উল্লেখ করতেন। একদিন এক ভাই শাইখকে ডেকে বলছিল, ‘হে ইবনুশ শাইখ, হে ইবনুশ শাইখ! খচ্চরের তো খাবার শেষ হয়ে গেছে।’ শাইখ বললেন, ‘চুপ করো। কথা বলো না।’ ভাইটির কথার অর্থ ছিল, ‘মর্টারের গোলা-বারুদ শেষ হয়ে গেছে।’

আলহামদুলিল্লাহ, চিন্তা করুন। এই সামান্য যুদ্ধ-সরঞ্জাম নিয়েই অল্প কিছু মুজাহিদ—যাদের সংখ্যা প্রায় ৩০০ জনের মতো—তারা বিশ্বের সুপারপাওয়ারের বিরুদ্ধে লড়েছিলেন! হ্যাঁ, আল্লাহ তাঁর সিদ্ধান্তে বিজয়ী হবেনই, কিন্তু অধিকাংশ মানুষ তা বুঝতে পারে না।

এ ঘটনায় একটি শিক্ষণীয় বিষয় হচ্ছে, এই দাম্ভিক ও অহংকারী শক্তির সামনে নির্ভীক চিত্তে টিকে থাকলে বিজয় আসবেই। কারণ, বাতিল শক্তি তো হচ্ছে সর্বোচ্চ কিছু দুনিয়াবি সরঞ্জাম আর এমন কিছু মানুষ, যারা ভীতু এবং নিজের জীবনের ভিখারী। অপরদিকে যদি তুমি নিজেকে আল্লাহর হুকুমের সামনে সোপর্দ করো এবং

আল্লাহর রাস্তায় শহীদ হওয়ার সিদ্ধান্ত নাও, তাহলে তারা তোমার সাথে কিই-বা করবে? কিছুই করতে পারবে না। সর্বোচ্চ তোমাকে হত্যাই করতে পারবে।

হাস্যকর বিষয় হলো, 'ওয়াশিংটন, নিউইয়র্ক, পেনসিলভানিয়ার বরকতময় হামলাগুলো যখন সংঘটিত হলো, তখন আমেরিকা বরাবরের মতো এবারও এ হামলাগুলোকে বেসামরিক লোকদের বিরুদ্ধে বলে প্রচার করেছিল। সে সময় ওয়াশিংটনে অবস্থিত তাদের প্রতিরক্ষা মন্ত্রণালয় পেন্টাগনেও হামলা হয়েছিল। কিন্তু সেই কথা তারা উল্লেখ করেনি। আল্লাহর রহমতে এই মোবারক হামলায় বিশ্বের প্রধান সামরিক কেন্দ্রস্থলকেও ধ্বংস করা হয়েছিল।

প্রিয় ভাই, বীর শহীদ তারেক আনোয়ার রহিমাহুল্লাহ'র কথা বলছি। এই হামলার পর কাবুলে তিনি আমাকে বললেন, 'শাইখ, আমেরিকা এখন আমাদের সাথে কী আচরণ করবে?' আমি বললাম, 'আল্লাহর কসম! তারা তা-ই করবে, যা তারা আগে থেকে করে আসছে। কিন্তু তারা যা-ই করুক, তাতে আমাদের কিই-বা ক্ষতি করতে পারবে?' তিনি বললেন, 'তারা আমাদের ওপর পারমাণবিক বোমা ফেলবে! আমরা তখন কী করব?!' আমি বললাম, 'আমরা কী করব! সর্বোচ্চ এটাই হবে যে, আমরা মরে যাব।' তিনি বললেন, 'আপনি ঠিক বলেছেন।' এরপর হেসে দিয়ে বললেন, 'হ্যাঁ, আমরা মরে যাব। কারণ মুমিনের কাছে জীবন আর মৃত্যু দুটোই সমান। সবার একটাই উদ্দেশ্য, আল্লাহ তাআলার সন্তুষ্টি অর্জন করা। মৃত্যু কখন আসবে আর কখন আসবে না এটা তার ভাববার বিষয় নয়। এটা তার কাজও নয়। তার কাজ হলো, একমাত্র আল্লাহ সুবহানাহু ওয়া তাআলাকে খুশি করা।' তোরাবোরায় এই শিক্ষাটাই স্পষ্টভাবে অর্জন হয়েছে।

যাই হোক, আমরা খচ্চর ও তার খাবারের গল্পে ফিরে যাই। এই সাধারণ কিছু অস্ত্র নিয়েই শাইখ ইবনুশ শাইখ লিবি রহিমাহুল্লাহ মুনাফিক আর খ্রিষ্টানদের বিশাল বাহিনীর বিরুদ্ধে লড়াই করেছিলেন।

তোরাবোরার পরে শাইখ ইবনুশ শাইখ লিবি রহিমাহুল্লাহ পাকিস্তানে বন্দি হলেন। আফগানিস্তানের বিভিন্ন জেলে বহু দিন পর্যন্ত বন্দি থাকেন। অতঃপর আরো বেশি টর্চার করার জন্য ওরা শাইখকে একটি কফিনে করে মিসরে নিয়ে যায়। মিসরের ক্ষমতার মসনদে তখন উমর সুলায়মান নামের কুকুর শাসক ছিল। আল্লাহ তাকে তার প্রাপ্য অনুযায়ী শাস্তি দান করুন। শাইখকে সেনাবাহিনীর গোয়েন্দা সেলে নিয়ে নির্যাতন করে তারা। তিনি সেখানে নির্যাতনের ঘটনাগুলো শাইখ আবু ইয়াহইয়া লিবির কাছে বর্ণনা করেন। মিসরীরা শাইখের কাছে এমন কিছু তথ্য চাচ্ছিল, যা দিয়ে তারা আমেরিকাকে সন্তুষ্ট করতে পারবে। তারা শাইখকে রাসায়নিক অস্ত্র সম্পর্কে জিজ্ঞাসা করেছিল। অথচ আমাদের কাছে কোনো রাসায়নিক অস্ত্র ছিল না। তাদের নির্যাতনের চাপে পড়ে শাইখ বলেছেন যে, 'আমাদের কাছে রাসায়নিক অস্ত্র আছে।' হ্যাঁ, তাদেরকে খুশি করার জন্য তিনি এমনই বলেছিলেন। তারা যেমন তথ্য চেয়েছিল, শাইখ তাদেরকে তেমনই তথ্য দিয়েছিলেন। যাতে তারা শাইখের ওপর নির্যাতন বন্ধ করে। এমন একটি তথ্য পেয়ে তারা খবরটা খুব প্রচার করতে লাগল। অপরদিকে আমেরিকা মিসরীদের ওপর খুশি হয়ে গেল এবং পুরো বিশ্বে এ খবর ফলাও করে প্রচার করল। তারা প্রচার করল, আল-কায়েদার কাছে রাসায়নিক অস্ত্রসহ আরো অনেক অস্ত্র আছে। তাদের ওপর হামলার সময় আমরা তা স্বচক্ষে প্রত্যক্ষ করেছি।

মিসর প্রশাসন ছেড়ে দিলে তাঁকে আমেরিকার কারাগারে নিয়ে যাওয়া হয়। তারা তাঁকে রাসায়নিক অস্ত্রের ব্যাপারে জিজ্ঞাসা করলে তিনি বলেন, 'আমাদের কাছে

কোনো রাসায়নিক বা এ জাতীয় বড় কোনো অস্ত্র নেই। সেখানে আমার ওপর তারা অত্যাচার করছিল। আমার থেকে এমন একটি স্বীকারোক্তি আদায় করতে চাপ প্রয়োগ করছিল। তাই তাদের চাহিদা অনুযায়ী এই কথাটি বলেছিলাম।' এই ঘটনাটি ছিল বুশ প্রশাসনের জন্য অত্যন্ত লজ্জাজনক ব্যাপার। আল্লাহ তাআলা তাদেরকে দুনিয়া ও আখিরাতে লাঞ্ছিত করুন।

তারপর আমেরিকা শাইখকে লিবিয়ার কারাগারে স্থানান্তর করে। তারা দাবি করত যে, শাইখ ও তার সাথীরা গাদ্দাফির শত্রু। তাঁরা লিবিয়াকে গাদ্দাফির দখল থেকে মুক্ত করতে চায়। ওরা ছিল গাদ্দাফির মিত্র। লিবিয়ার কারাগারে অবস্থানকালে একটি মানবাধিকার সংস্থা শাইখের সাথে সাক্ষাৎ করতে আসে। আমার ধারণামতে সেটি হয়তো 'হিউম্যান রাইটস ওয়াচ'ই হবে। তারা এসে বলে, 'আমরা আসলে আপনার ওপর ওদের নির্যাতনের ঘটনাটি বিস্তারিত জানার জন্য এসেছি। আমেরিকা ও লিবিয়ার কারাগারে আপনি কী কী নির্যাতনের সম্মুখীন হয়েছেন?' তিনি তাদের এই প্রস্তাব প্রত্যাখ্যান করে তিরস্কারের সুরে বললেন, 'আপনারা এখন এসেছেন?! আমার ওপর সব ধরনের নির্যাতন করার পর আপনাদের আসার সময় হলো! এখন নির্যাতনের কথা জিজ্ঞেস করার সময় হলো! চলে যান আপনারা! আপনাদের কাছে আমি কিছুই চাই না।'

শাইখ ইবনুশ শাইখ আল-লিবি রহিমাহুল্লাহ-কে লিবিয়ার কারাগারে শহীদ করা হয়। ধারণা করা হয়, তাকে শহীদ করার কারণ হলো, গাদ্দাফি তাঁর ওপর যেসব দোষ চাপিয়ে দিতে চেয়েছিল, তিনি সেগুলো মেনে নিতে অস্বীকার করেছিলেন। আল্লাহ শাইখ ইবনুশ শাইখ লিবি'র ওপর রহম করুন। তিনি জিহাদের ইতিহাসে লিবিয়া এবং মুসলিম বিশ্বে সুউচ্চ ও সুদৃঢ় পর্বততুল্য একজন বীর ছিলেন।

শাইখের সম্পর্কে যে কথা বলে আমি শেষ করতে চাই তা হলো, শাইখের এই রক্ত বিশেষ করে লিবিয়ার ভাইদের কাছে আর ব্যাপকভাবে সকল মুসলিমের কাছে আমানত। শাইখ ইবনুশ শাইখ আল-লিবি, শাইখ ইয়াহইয়া আল-লিবি, শাইখ আতিয়াতুল্লাহ আল-লিবি রহিমাহুল্লাহ-সহ তাগুতের হাতে শহীদ হওয়া অন্যান্য সকল মুজাহিদের পক্ষ থেকে প্রতিশোধ নেওয়ার দায়িত্ব আমি লিবিয়ার ভাইদের ওপর অর্পণ করছি। এটা সর্বপ্রথম আপনাদের কাছে একটি পবিত্র আমানত। তারপর সকল মুসলিম ও মুজাহিদদের কাছে আমানত। সুতরাং আপনাদের কর্তব্য এ বীরসেনানীদের হত্যার প্রতিশোধ নেয়া।

শাইখ ইবনুশ শাইখ আল-লিবি রহিমাহুল্লাহ-ই কেবল একমাত্র শহীদ নন বরং তাঁর সাথে থাকা তোরাবোরার ভাইদের মধ্যে শতকরা দশ থেকে বারো জন শাহাদাত বরণ করেছিলেন। তাদের অধিকাংশই সেখান থেকে সরে আসার সময় শহীদ হন। তোরাবোরা থেকে বের হওয়ার সময় একটি সংকীর্ণ উপত্যকায় তাঁরা অপেক্ষমাণ মার্কিন বিমানের বোমার শিকার হন। সেখানে প্রায় বিশ থেকে ত্রিশ জনের মতো শহীদ হন। আর তোরাবোরাতে আক্রমণের ফলে সেখানে প্রায় দশ জন মুজাহিদ শহীদ হন। উভয়টি মিলিয়ে আল্লাহর ইচ্ছায় সর্বমোট শহীদের সংখ্যা দাঁড়ায় প্রায় ৩০-৪০ জনের মতো। আমরা আল্লাহর কাছে কামনা করি, তিনি যেন আমাদেরকে তাঁদের সাথে জান্নাতুল ফিরদাউসের উঁচু মাকামে একত্রিত করেন।

এই ঘটনায় শতকরা দশ থেকে বারো জনের মতো মুজাহিদ শহীদ হওয়া অত্যন্ত বড় একটি বিষয়। এটি সাধারণ কোনো বিষয় নয়। যারা শহীদ হয়েছিলেন তাদের মধ্যে একজন হলেন, শহীদ আবু মিহজান রহিমাহুল্লাহ। তিনি আফগানে, বসনিয়ায় এবং তালেবানের শাসনামলে ইমারাতে ইসলামিয়ার পক্ষে জিহাদ করেন। অবশেষে তোরাবোরাতে শহীদ হন। আরেকজন হলেন, শহীদ মুহাম্মাদ মাহমুদ আল-মাক্কি

রহিমাহুল্লাহ। ইতিপূর্বে তিনি বসনিয়ায় জিহাদ করেছিলেন। পরবর্তী সময়ে আফগান জিহাদে শরীক হন এবং তোরাবোরাতে বোমা হামলার প্রথম পর্যায়ে শহীদ হন। আমি যখন তোরাবোরাতে উঠছিলাম, তখন তাঁর সাথে আমার সাক্ষাৎ হয়েছিল। সে সময় তিনি একটি পয়েন্টের আমীর ছিলেন।

তোরাবোরায় ভাইয়েরা কেমন সময় অতিবাহিত করছিল এবং কতটা সংকীর্ণ অবস্থায় দিনাতিপাত করছিলেন, তা আপনাদের সামনে স্পষ্ট করে তুলে ধরব। যখন তোরাবোরাতে উঠি, তখন সেখানকার কঠিন অবস্থার কথা আমাদের জানা ছিল না। এক ভাই অযু করার জন্য পানির কাছে আসলেন এবং খুব ভালোভাবে অযু সম্পন্ন করলেন। তখন শাইখ মুহাম্মাদ মাহমুদ আল-মাক্কি রহিমাহুল্লাহ তাকে বললেন, ‘ভাই, আপনাকে আল্লাহ হিদায়াত দিন। এখানে পানি স্বর্ণতুল্য।’ তাঁর এই কথা থেকে আমরা বুঝে গেছি যে, ভাইয়েরা সেখানে কীভাবে দিন কাটাচ্ছিলেন! সেই চিত্রটি তো স্বচক্ষেই দেখতে পেলাম। সেখানে পানির কদর স্বর্ণের চেয়েও বেশি ছিল। এটাই সেখানকার প্রকৃত অবস্থা।

ভাই তালুত রহিমাহুল্লাহ’র কথাও মনে পড়ছে আমার। এ ছাড়াও ভাই আবু ইয়াহইয়া আল-হাউন-এর কথাও মনে পড়ছে। তিনি একেবারে প্রথম দিকে তোরাবোরায় অংশগ্রহণ করেন। তারপর সেখান থেকে চলে যান। (আল-হাউন অর্থ মর্টার) শাইখ আবু ইয়াহইয়া আল-হাউন রহিমাহুল্লাহ নাম অনুযায়ী মর্টারের ওপর বেশ অভিজ্ঞ ছিলেন।

যারা রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধ করেছিল, ইমারাতে ইসলামিয়ার সাথে সম্পৃক্ত ছিল এবং আমেরিকার বিরুদ্ধে জিহাদ করেছিল, তারা শাইখ আবু ইয়াহইয়া আল-হাউনকে ভালো করেই চিনেন। তিনি খালদুনের বরকতময় মাদরাসার একজন অন্যতম স্তম্ভ ছিলেন। তিনি ছিলেন একজন গুমনাম আল্লাহভীরু ব্যক্তি। তিনি সেই মহান

ব্যক্তিদের একজন ছিলেন, যারা একনিষ্ঠভাবে আল্লাহর জন্য কাজ করে যান, কারো পুরস্কার বা প্রশংসার আশা করেন না। তারা কেবল আল্লাহর সন্তুষ্টির জন্যই কাজ করেন। তিনি শাইখ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ'র বন্ধু ছিলেন। আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ কৌতুক করে তাঁকে ইতালির শত্রু বলে ডাকতেন। কারণ তিনি একসময় ইতালিতে কাজ করতেন। তারপর ইতালি থেকে চলে আসেন এবং আফগানিস্তানে হিজরত করে জিহাদের জন্য নিজেকে উৎসর্গ করে দেন। তাঁর অন্যতম একটি বৈশিষ্ট্য হলো, তিনি সময়ের প্রতিটি মুহূর্তের সদ্ব্যবহার করতেন। আমরা তাকে দেখতাম, হয়তো তিনি জ্ঞান অর্জনে ব্যস্ত আছেন, অথবা কোনো আমলে মশগুল আছেন। তিনি আফগানিস্তানে খালদুন প্রশিক্ষণ ক্যাম্পের একজন প্রশিক্ষক ছিলেন। একই সময়ে তিনি শাইখ আবু আব্দুল্লাহ আল-মুহাজিরের পরিচালিত দাওয়াহ ইনস্টিটিউটের একজন ছাত্রও ছিলেন। আল্লাহ তাআলা আমাদের সকলকে বিজয়ী বেশে নিরাপদে একত্রিত করুন, ইনশাআল্লাহ।

যখন বরকতময় হামলাগুলোর পর আফগানিস্তানে ক্রুসেড জোট হামলা শুরু করল, তখন শাইখ আবু ইয়াহইয়া আল-হাউন রহিমাহুল্লাহ গোত্রীয় অঞ্চলে চলে গেলেন এবং সেখানে নতুন উদ্যমে মুজাহিদদের প্রশিক্ষণ দিতে লাগলেন। যেহেতু তিনি মর্টার বিষয়ে বিশেষজ্ঞ ছিলেন। তাই সেখানে বিশেষভাবে তিনি মর্টারের প্রশিক্ষণ দিতে লাগলেন। শাইখ আবু ইয়াহইয়া আল-হাউন রহিমাহুল্লাহ অত্যন্ত আল্লাহভীরু ছিলেন। তিনি সর্বদা এই আশঙ্কা করতেন যে, তাঁর কাছে কেউ মর্টার চালানোর প্রশিক্ষণ নিয়ে দুনিয়ার কাজে ব্যবহার করবে না তো! তিনি বিভিন্ন গোত্রের অবস্থা সম্পর্কে জানতেন। তাদের আত্মকলহ, পারস্পরিক দ্বন্দ্ব ও হানাহানির কথা জানতেন। তাই প্রশিক্ষণ দানের আগে প্রত্যেকের কাছ থেকে কুরআনের ওপর হাত রেখে ওয়াদা নিতেন যে, তারা এই বিদ্যা একমাত্র জিহাদ ফি সাবিলিল্লাহর কাজেই

ব্যবহার করবে। এ প্রশিক্ষণ কেবল মুসলিমদের চির শত্রু কাফেরদের বিরুদ্ধে ব্যবহার করবে। বিভিন্ন গোত্রের আনসার ভাইয়েরা শাইখের সাথে মজা করে কৃত্রিমভাবে তাঁর সামনে গুপ্তচর সাজার চেষ্টা করতেন। কিংবা তাঁর নথিপত্রের দিকে তাকানোর চেষ্টা করতেন। তো শাইখ রহিমাহুল্লাহ তাদের সামনে তখন নথিপত্রের খাতা বন্ধ করে দিতেন।

শাইখ রহিমাহুল্লাহ এভাবেই মৃত্যু পর্যন্ত একমাত্র আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে নীরবে-নিভৃতে কাজ করে গেছেন। তিনি জাইগোমেটিক হাড়ে ক্যান্সারের কারণে মারা যান। আমরা আল্লাহর কাছে দোয়া করি, তিনি যেন তাঁকে নেককার লোকদের মাঝে কবুল করে নেন।

তোরাবোরার শহীদদের মধ্যে আরেক ভাই হলেন, 'শাইখ হামযা আদ-দানদানি রহিমাহুল্লাহ।' তিনি হারামাইনের ভূমিতে সৌদি পরিবারের হাতে শহীদ হন। তখন জাযিরাতুল আরবে মুজহিদদের মাঝে এবং বিশ্বাসঘাতক সৌদি বাহিনীর মাঝে যুদ্ধ চলছিল। আর শহীদ শাইখ হামযা আদ-দানদানি রহিমাহুল্লাহ ছিলেন তোরাবোরাতে নতুন কিছু মুজাহিদ ভাইদের সমন্বয়ে গঠিত এক মাজমুআর আমীর। আর এ মাজমুআটি যুদ্ধের মধ্যে সুশৃঙ্খলতা ও নিয়মতান্ত্রিকতার দিক থেকে সবার চেয়ে এগিয়ে ছিল। (ভিডিও ধারণকারী জিম্মাদার ভাইদের উদ্দেশ্যে-) দুই মিনিট বাকি আছে? ঠিক আছে আমি সংক্ষিপ্ত করছি। দ্রুত শেষ করছি।

তোরাবোরা ছিল ইসলামি ঐক্যের অন্যতম নিদর্শন। যেখানে কেবল একটি দেশ থেকে মুজাহিদরা আসেননি বরং বহু দেশ থেকে মুজাহিদ ভাইয়েরা এসে একত্রিত হয়েছিলেন। জাযিরাতুল আরব, ইয়ামান (তাঁরা সর্বযুগেই ইসলামকে সহযোগিতা করেছেন), কুয়েত, বাহরাইন, পবিত্র হারামাইন এবং মাগরিব আল ইসলামি থেকেও মুজাহিদ ভাইয়েরা এসেছেন। আমি এখানে শাইখ আবু জাফর আল-জাযায়িরি

রহিমাহুল্লাহ’র কথা উল্লেখ করব এবং তাঁর সাথীদের কথাও উল্লেখ করব। যারা মরক্কো, তিউনিসিয়া, লিবিয়া, পাকিস্তান, আফগান, শাম এবং তুর্কিস্তান থেকে এসে যোগ দিয়েছেন। তাঁরা প্রত্যেকেই তোরাবোরাতে একত্রিত হয়েছেন। আল্লাহ তাআলার কাছে আমরা দোয়া করি, তিনি যেন আমাদের সকলকে কবুল করে নেন, শহীদদের ওপর রহমত নাযিল করেন, বন্দিদেরকে মুক্ত করেন, আমাদেরকে দুনিয়া ও আখিরাতের কল্যাণ দান করেন।

ইনশাআল্লাহ আগামী হালাকাতে কথা হবে। আল্লাহ আমাদের সকলকে ক্ষমা করুন।

# পর্ব ৭

এটি ইমামের সাথে অতিবাহিত দিনগুলো সিরিজের (أيام مع الإمام)-এর ৭ম পর্ব। এই পর্বে আমি ইমামুল জিহাদ, মুজাদ্দিদ, শহীদ শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ’র সাথে কাটানো কিছু মুহর্ত নিয়ে কথা বলব।

গত পর্বে তোরাবোরায় শাইখের সাথে আমার কিছু স্মৃতির কথা আপনাদের সাথে শেয়ার করেছি। বন্ধু এবং শত্রুদের নিয়ে কথা বলেছি। তোরাবোরার সেসব শহীদদের নিয়েও আলোচনা করেছি, যাদেরকে আল্লাহ তাআলা কবুল করেছেন।

এর আগের পর্বে আমার একটি ভুল হয়েছিল। তা হলো, শহীদ আলি মাহমুদ রহিমাহুল্লাহ’র নাম আমি ভুল করে শহীদ মুহাম্মাদ মাহমুদ বলে ফেলেছিলাম। তিনি তোরাবোরাতে এই নামেই প্রসিদ্ধ ছিলেন। আল্লাহ তাঁর ওপর এবং সমস্ত মুসলিমের ওপর রহম করুন।

আজ আমি এই আলোচনার কিছুটা পূর্ণতা দিতে চাই। বন্ধুদের নিয়ে আলোচনা শেষে এবার সেসব শত্রুদের নিয়ে আলোচনা করব, যারা তোরাবোরায় আমাদের

প্রতিরোধে এগিয়ে এসেছিল। উদাহরণস্বরূপ তাদের কয়েকজনকে উল্লেখ করব। সেসব বিশ্বাসঘাতকের মধ্যে অন্যতম হলো, হযরত আলী নামক এক ব্যক্তি। এই লোকটি ছিল শাইখ মুহাম্মাদ ইউনুস খালিস রহিমাহুল্লাহ'র হিযবে ইসলামি দলের একজন সদস্য। কিন্তু আফগানিস্তানে মুজাহিদদের মাঝে পারস্পরিক যুদ্ধের ফিতনা ছড়িয়ে পড়ার পর যখন তালেবানের বরকতময় অগ্রযাত্রা আরম্ভ হলো এবং তারা আমর বিল মা'রুফ ও নাহি আনিল মুনকার শুরু করল, তখন সে তালেবান-বিরোধী উত্তরাঞ্চলীয় জোট মাসউদ গ্রুপের সাথে গিয়ে মিলিত হলো। এর আগেও বলেছি, আমেরিকার সাথে এ গ্রুপের যোগাযোগ ছিল এবং তাদের নেতা আহমাদ শাহ মাসউদ মার্কিন গোয়েন্দা বিভাগের সাথে আঁতাত করেছিল। এ কথা আমরা ৯/১১ হামলা সম্পর্কে আমেরিকার কংগ্রেস প্রশাসনের উদ্ধৃতি থেকেই 'আস-সাহাব' মিডিয়ায় উল্লেখ করেছি। সেখানে আমরা এটাও বলেছিলাম, শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ এবং তাঁর সাথীদের হত্যার ষড়যন্ত্রে আমেরিকার সাথে সেও জড়িত ছিল। যাই হোক, এই নিকৃষ্ট দলটির সাথে যোগ দিয়েছিল সেই হযরত আলী।

আফগানিস্তানে ইমারতে ইসলামিয়ার বিরুদ্ধে আমেরিকার যুদ্ধ শুরু হলো। এই যুদ্ধ শুরু হওয়ার পূর্বেই আহমাদ শাহ মাসউদ নিহত হয়। সে ইউরোপীয় পার্লামেন্টে গিয়ে ইউরোপিয়ানদের সাথে এ মর্মে প্রতিশ্রুতি দিয়েছিল যে, সে আফগানিস্তানে ইসলামি মৌলবাদীদের বিরুদ্ধে এবং আল-কায়েদা ও উসামা বিন লাদেনের বিরুদ্ধে যুদ্ধ করবে। কেননা, এর দ্বারা আমেরিকার কাছে তার একটা অবস্থান তৈরি হবে এবং আমেরিকারও স্বার্থ রক্ষা হবে। আমরা এ বিষয়টা আস-সাহাব মিডিয়া কর্তৃক পরিবেশিত (قراءة للأحداث) 'ঘটনাপরিক্রম' এবং (حقائق الجهاد وأباطيل النفاق)-'জিহাদের বাস্তবতা ও নিফাকির অসারতা' নামে দুটি অডিওতে উল্লেখ করেছি।

আমেরিকার সৈন্যরা যখন আফগানিস্তানে প্রবেশ করে, তখন হযরত আলীও তাদের সাথে জালালাবাদ প্রবেশ করে। তাকে জালালাবাদের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব দেয়া হয়। তোরাবোরায় মুজাহিদদের বিরুদ্ধে আমেরিকার হামলা শুরু হলে সে মুজাহিদদের অবরোধকারী একটি গ্রুপের লিড দেয়ার দায়িত্ব নেয়। সে অবরোধকারী দলের কমান্ডারদেরকে উৎসাহ দিত। তারা যেন কোনোভাবেই মুজাহিদদেরকে বিন্দুমাত্র সাহায্য না করে। সে তার সহকর্মী এক কমান্ডারকে সতর্ক করে এবং ভয় দেখিয়ে বলছিল, 'একজন আরবও যদি তোমার পাশ দিয়ে জীবিত বের হয়ে যায়, তাহলে তোমাকে হত্যা করব।' উত্তরে কমান্ডার বলল, 'আমার পাশ দিয়ে কোনো আরব যেতে পারবে না। বরং তুমি দেখো, তারা কার পাশ দিয়ে যায়?' এই পুরো ঘটনাটি আমাদের এক ভাই সরাসরি দেখছিল এবং তাদের কথোপকথন শুনছিল। আমি আগেও বলেছি যে, আমাদের ব্যাপারে অবরোধকারীদের পরস্পরের মধ্যে অনেক বেশি সংশয় ছিল। আমাদের বিরুদ্ধে তাদের পারস্পরিক সম্পর্ক এমনই সন্দেহজনক ছিল। তাদের সম্পর্ক স্বার্থ আর নিফাকির ওপর প্রতিষ্ঠিত ছিল। তাদের কেউই কাউকে সম্মান করত না। আল্লাহর রহমতে তাদের মনে পরস্পরের জন্য মারাত্মক সন্দেহ ছিল। সুবহানাল্লাহ!

আরেক বিশ্বাসঘাতকের নাম হলো 'মুহাম্মদ যামান'। শাইখ নিজেই তার সম্পর্কে আমাদের বলেছিলেন। শাইখ যখন জালালাবাদে ছিলেন, তখন মুহাম্মাদ যামান তাঁকে ও তাঁর সাথীদেরকে হত্যার চেষ্টা করেছিল। তারপর যখন ক্রুসেডাররা তোরাবোরাতে মুজাহিদদের ওপর অবরোধ করে, তখন সে অবরোধকারী একটি গ্রুপের দায়িত্বে নিয়োজিত ছিল। আমেরিকার গোলামির ব্যাপারে তার মাঝে আর হযরত আলীর মাঝে কঠিন প্রতিযোগিতা চলত।

একবার মুহাম্মাদ যামান শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ-কে ধোঁকা দেয়ার চেষ্টা করেছিল। সে শাইখের কাছে চিঠি দিয়ে একজন দূত পাঠায়। আমিও সে চিঠি সম্পর্কে জানতে পেরেছি। অতঃপর যে সকল ভাই পাহাড়ের বিভিন্ন স্থানে পাহারা দিচ্ছিলেন, তারা দূতকে আটকে দেয় এবং জিজ্ঞেস করে, 'তুমি কী চাও?' সে বলল, 'এটা মুহাম্মাদ যামানের পক্ষ থেকে শাইখের কাছে প্রেরিত একটি পত্র।' ভাইয়েরা বলল, 'আমরা জানি না উসামা বিন লাদেন এখানে আছে কি নেই। কিন্তু তুমি চিঠিটা আমাদের কাছে দিয়ে যাও।'

যাই হোক, অবশেষে চিঠিটি শাইখের কাছে পৌঁছল। দুই পৃষ্ঠার চিঠিতে যা লেখা ছিল, তার সারমর্ম ছিল এমন, 'শাইখ উসামা, আপনি হলেন ইসলামের আমানত এবং গৌরব।' এভাবেই প্রশংসা করে করে সে চিঠিটি লিখেছিল : 'আপনার সুরক্ষা উম্মতে মুসলিমাহর জন্য কল্যাণকর। আমি দৃঢ়ভাবে শপথ করে বলছি যে, আমি আপনাকে নিরাপত্তা দেবো। আপনার সেবা করে যাব। আসুন, আমার সাথে। আমার গাড়িতে করে আপনাকে নিয়ে যাব। আপনি আমার বাড়িতে আমার পরিবার-পরিজনের সাথেই থাকবেন। আমার পরিবারের একজন সদস্য হয়ে যাবেন। যেমনিভাবে আমি আমার পরিবারের জন্য প্রতিরক্ষা নিশ্চিত করি, তেমনিভাবে আপনার জন্যও সেরূপ জানপ্রাণ দিয়ে সুরক্ষা নিশ্চিত করব। আপনি নিজেকে বিপদের মধ্যে রাখবেন না। আমি আশঙ্কা করছি, আমেরিকানরা আপনাকে হত্যা করে ফেলবে।' এমন আরো বহু কথা সেই পত্রে লেখা ছিল।

শাইখ উসামা রহিমাহুল্লাহ ছিলেন যুদ্ধের ময়দান সম্পর্কে পরিপূর্ণ ও বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন একজন বিচক্ষণ ব্যক্তিত্ব। যে ভাই পত্রবাহক ও আমাদের মাঝে বার্তা বিনিময় করছিলেন, শাইখ তাকে বললেন, 'পত্রবাহককে বলে দাও, উসামা বিন লাদেন এখানে নেই। তিনি কোথায় আছেন আমাদের কারো জানা নেই!' এ

কথা শুনে বার্তাবাহক মুহাম্মাদ যামানের কাছে ফিরে গেল এবং আমাদের বার্তা শোনাল। কিন্তু মুহাম্মাদ যামান তাকে এই সন্দেহে বন্দি করল যে, সে তাকে মিথ্যা বলছে। আসল কথা হচ্ছে তাদের মাঝে সম্পর্কটাই ছিল এমন সন্দেহ আর সংশয়ে ভরা।

পরবর্তী সময়ে মুহাম্মাদ যামান পেশাওয়ারে মারা যায়। আমেরিকানরা তাকে সন্দেহ করে। সম্ভবত, হযরত আলী তার বিরুদ্ধে চক্রান্ত করেছিল। আমেরিকানরা তার বিরুদ্ধে কোনো প্রমাণ পায়নি। কিন্তু তাকে বিশ্বাসও করতে পারেনি। তাই তাকে তাড়িয়ে পেশওয়ারে পাঠিয়ে দেয়। শুনেছি সেখানেই সে নিহত হয়। আল্লাহই তার অবস্থা সম্পর্কে ভালো জানেন।

বিশ্বাসঘাতকদের মধ্যে তৃতীয় আরেক খবিস হলো 'হাজি দীন মুহাম্মাদ'। সে জালালাবাদের একজন প্রসিদ্ধ ব্যক্তি ছিল। এই লোকটি শাইখ ইউনুস খালিস রহিমাহুল্লাহ'র সংগঠনের একজন সাহায্যকারী ছিল। যখন শাইখ উসামা রহিমাহুল্লাহ জালালাবাদ আসেন এবং ইউনুস খালিস রহিমাহুল্লাহ'র আতিথ্য গ্রহণ করেন, তখন হাজি দীন মুহাম্মাদ নিজেকে উসামা রহিমাহুল্লাহ'র শুভাকাঙ্ক্ষী ও সাহায্যকারী বলে প্রকাশ করার চেষ্টা করত। এরপর যখন ক্রুসেডাররা আফগানিস্তানে হামলা শুরু করে, তখন এই ব্যক্তি আমাদের সাহায্যকারী আনসার ভাইদেরকে চাপ প্রয়োগ করত। যেন তারা আমাদের সাহায্য করা ত্যাগ করে। তাদেরকে বলত, 'তোরাবোরায় এখন যারা আছে, তাদের উচিত হচ্ছে জাতিসংঘের কাছে আত্মসমর্পণ করা। জাতিসংঘ প্রত্যেককে আপন আপন দেশে পাঠিয়ে দেবে।' আলহামদুলিল্লাহ। মহান আল্লাহ তাআলার অনুগ্রহে আমরা আত্মসমর্পণ করিনি।

তার সাথে শাইখ উসামা রহিমাহুল্লাহ'র একটা পূর্বপরিচয় ছিল। পরিচয়টা তেমন শক্তিশালী ছিল না বরং স্বাভাবিক পর্যায়ের ছিল। এই সামান্য পরিচয়ের সূত্র ধরে

শাইখ উসামা রহিমাহুল্লাহ তাকে উপদেশ দিয়ে একটি পত্র পাঠালেন। কারণ, তাকে জালালাবাদের দ্বিতীয় সর্বোচ্চ ব্যক্তি হিসেবে অভিহিত করা হতো। যখন জালালাবাদ থেকে তালেবান চলে যায়, তখন তার ভাই সেখানকার গভর্নর নিযুক্ত হয়। ইনশাআল্লাহ এই বিষয়ে আমরা পরবর্তী সময়ে আলোচনা করব।

তো শাইখ উসামা তাকে এই মর্মে পত্র পাঠান যে, 'হাজি দীন মুহাম্মাদ, আমরা দুজনই বয়সের ভারে বুড়ো প্রায়। দুজনের চুলেই পাকন ধরেছে। জানি না কখন কাকে আল্লাহর ডাকে সাড়া দিতে হয়। খুব সম্ভব আগামী দিন আমাদের যেকোনো একজন আল্লাহর সাথে সাক্ষাৎ করবো। হয়তো আমি, না হয় তুমি। তোমার অবস্থা হলো, তুমি আমাদের বিরুদ্ধে আমেরিকাকে সাহায্য করছ। অতঃপর এই পাপের বোঝা নিয়েই তোমাকে আল্লাহর সামনে দাঁড়াতে হবে। আমাদের ও তোমাদের মাঝে তো কোনো সমস্যা নেই। তোমার নেতৃত্ব, কর্তৃত্ব, মন্ত্রিত্ব, রাজত্ব ইত্যাদি নিয়ে আমরা কোনো ধরনের প্রতিদ্বন্দ্বিতা করছি না। তোমার কাছে আমরা এসব চাইও না। জিহাদের শুরু থেকেই তো আমরা তোমাদের ভাই হিসেবে আছি। আমরা মুসলিম, দ্বীনের জন্য স্বদেশ ছেড়ে এখানে এসেছি। আমরা মুসাফির, রোযাদার। আমাদের মাঝে তো কোনো বিরোধ নেই। সমস্যা হচ্ছে আমাদের আর আমেরিকার মাঝে। অতএব আমাদের এবং আমেরিকার মাঝ থেকে তোমরা সরে যাও। আমাদের বিরুদ্ধে আমেরিকাকে সাহায্য করো না।'

সে এই চিঠির কোনো গুরুত্বই দিল না বরং অবজ্ঞা করল। এমনকি আমরা এমনও শুনেছি যে, সে বলেছে, 'উসামা বিন লাদেন আমার কাছে চিঠি পাঠিয়ে বলছে, আমরা দুজনই বৃদ্ধ হয়ে গেছি। আমরা তোমাদের ভাই। উসামা আমার কাছে কী চায়? তালেবান চলে গেছে, আমেরিকা আমাকে ক্ষমতা দিয়েছে। আমি কি তার কথা

অনুযায়ী শাসন-ক্ষমতা ছেড়ে দেবো?' এভাবেই সে অতীতের জিহাদি জীবনকে কলঙ্কিত করল।

হাজি দীন মুহাম্মাদের দুজন সহোদর ভাই ছিল। একজন আব্দুল হক, অপরজন আবদুল কাদির। আব্দুল হক আমেরিকার উচ্চপদস্থ কর্মকর্তা ছিল। আমেরিকা কারজাইর চেয়ে তাকেই বেশি ভরসা করত। এই যুদ্ধের শুরুর দিকে সে আফগানিস্তানে প্রবেশ করে। তার সাথে বিপুল পরিমাণ অর্থ-সম্পদ ছিল। তার কাছে একটি স্যাটেলাইট ডিভাইসও ছিল। তার সম্পর্কে কলিন পল বলে, 'আফগানিস্তানে আমাদের লোক থাকলে অমুক আছে। আমরা তার কাছে ভালো কিছুর আশা করি।' আল্লাহ তাআলার অনুগ্রহে যুদ্ধের শুরুর দিকেই তালেবান তাকে সম্পদসহ গ্রেফতার করে দেউলিয়া করে দিয়েছে।

তার দ্বিতীয় ভাই আব্দুল কাদির। তালেবান আন্দোলনের আগে সে জালালাবাদের গভর্নর ছিল। যখন তালেবান জালালাবাদ ছেড়ে চলে যায়, সে পুনরায় জালালাবাদের গভর্নর পদ দখল করে। তারপর কারজাই সরকারের মন্ত্রীর পদে সমাসীন হয়। আহমাদ শাহ মাসউদের পরিচালিত উত্তরাঞ্চলীয় জোটের একজন সদস্যও ছিল সে। কিন্তু তার মাঝে ও শাহ মাসউদের মাঝে কঠিন শত্রুতা চলছিল। যেহেতু তারা দুনিয়াপূজারি, তাই শত্রুতা থাকাটা স্বাভাবিক। কাবুলে একটি গুপ্তহত্যায় সে নিহত হয়। অনেকেই এমন মনে করেন যে, উত্তরাঞ্চলীয় জোটই তাকে হত্যা করে। প্রকৃত বিষয় সম্পর্কে আল্লাহ তাআলাই অধিক অবগত। আমেরিকার সহযোগী এই পরিবারের এমনই করুণ পরিণতি হয়েছিল।

আলহামদুলিল্লাহ। আল্লাহ তাআলা আমাদেরকে এসব ফিতনা ও মন্দ পরিণতি থেকে হেফাজত করেছেন। জীবনের এমন মন্দ সমাপ্তি থেকে আল্লাহর কাছে আশ্রয় চাই।

ইতিপূর্বে আমি এমন কিছু অবরোধকারীর কথা আলোচনা করেছি, যারা আমাদের সাথে মাঝামাঝি অবস্থানে ছিল। এক ব্যক্তি আমাদেরকে অবরোধেও অংশ নিয়েছিল আবার তালেবানেরও দায়িত্বশীল ছিল। এমনকি তালেবান চলে যাওয়ার পরেও সে একটি অঞ্চলের দায়িত্বে ছিল। অবরোধের সময় সে আমাদেরকে এই বলে আশ্বাস দিয়েছে যে, আপনারা নিশ্চিত থাকুন। আমার পক্ষ থেকে আপনাদের কোনো ক্ষতি হবে না।

মজার বিষয় হলো, তোরাবোরা অবরোধকারীদের মাঝে আমাদের এক আনসার ভাইয়ের কয়েকজন বন্ধু ছিল। তারা ট্যাঙ্ক ফোর্সে ছিল। তিনি ওয়ারলেসের মাধ্যমে তাদের সাথে যোগাযোগ করতেন। একজনকে লক্ষ্য করে বলছিলেন, ‘হে অমুক, কেমন আছ তুমি? সাবধান! আমাদের কোনো আক্রমণ করবে না। অন্যথায় আমরা তোমাদের এন্টি ট্যাঙ্ক দিয়ে আঘাত করব। তোমাদের হত্যা করব।’ এভাবে তারা বলত আর হাসত। বিষয়গুলো এমনই মিশ্রিত ছিল।

হাজি দীন মুহাম্মাদ সম্পর্কে আরো একটি গুরুত্বপূর্ণ কথা বলতে ভুলে গিয়েছি। যেসব আনসার ভাই আমাদেরকে সাহায্য করতেন, সে তাদেরকে চাপ প্রয়োগ করত। এমন একজন আনসার ভাই ছিলেন। যিনি আমাদেরকে নিজের সর্বোচ্চ দিয়ে সাহায্য করতেন। তার সাথে হাজি দীন মুহাম্মাদের পরিচয় ছিল। তো দীন মুহাম্মাদ একদিন তাকে বলল, ‘এসব আরবদেরকে আর সাহায্য করো না। অন্যথায় আমেরিকা তোমার গ্রামের ওপর ৫০টি বিমান পাঠিয়ে পুরো গ্রামকে ধ্বংস করে দেবে।’ আনসার ভাই উত্তরে তাকে বললেন, ‘আমি কীভাবে আরবদেরকে পরিত্যাগ করব?! তাঁরা তো আমাদের জিহাদি ভাই। তাঁরা মুসাফির, গুরাবা, রোযাদার। কেবল আল্লাহর জন্য পরিবার-পরিজন ও দেশ ছেড়ে এসেছে। তাহলে আমি তাঁদেরকে কীভাবে পরিত্যাগ করব?!’ পরবর্তী সময়ে সত্যিকারার্থেই আমেরিকা তার গ্রামে

বিমান হামলা করে সেই গ্রামের ৫০ জন নাগরিককে শহীদ করে এবং তার পরিবারের ১৮ জনকে শহীদ করে। ঘটনাটি এর আগেও হয়তো বলেছি।

আরেকটি হাস্যকর ঘটনা, তবে অবরোধকারীদের পারস্পরিক সন্দেহের দুঃখজনক ঘটনা। একরাতে পাহাড়ের চূড়ায় আমরা কিছু মুনাফিককে দেখতে পাই। ঠিক আমাদের বিপরীত পাশে পাহাড়ের চূড়ায়। সেখানে একটি কক্ষও ছিল। মাগরিবের সালাতের পূর্ব-মুহূর্তে সেখানে তারা আগুন জ্বালিয়েছে। এই অবস্থা দেখে ভাইয়েরা বলাবলি করতে শুরু করে যে, 'তাদেরকে কীভাবে ছেড়ে দিই! নাহ, তাদেরকে এভাবে ছেড়ে দেওয়া ঠিক হবে না। প্রথম দিন থেকেই যদি তাদেরকে ছাড় দিই, তাহলে তারা এখানে আসতেই থাকবে। বরং তাদের ওপর গুলি নিক্ষেপ করা উচিত। যাতে তারা এখান থেকে নেমে যায়।' তখন একজন আফগানি আনসারি ভাই বললেন, 'তাদেরকে হত্যা করো না। আমি তাদের নেতার সাথে কথা বলছি।'

তাদের মাঝে আশ্চর্য ধরনের এক সম্পর্ক ছিল! অতঃপর তিনি তার সাথে যোগাযোগ করে বলেন, 'এটা কীভাবে হলো? তোমার কিছু সাথী আমাদের বরাবর সামনের পাহাড়ে অবস্থান করছে। প্রত্যুত্তরে মুনাফিক সরদার বলল, 'আচ্ছা! ইনশাআল্লাহ আমি তাদেরকে সকালবেলায় সেখান থেকে নিয়ে আসব। এরা মূলত অন্য প্লাটুনের সাথে এসেছে। তারা আমাদের সাথে সম্পৃক্ত না। এই অঞ্চলের বাসিন্দাও না। এ জন্যই তারা সেই টিলার ওপর অবস্থান নিয়েছে। এরা জাতীয়তাবাদের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বলছিল যে, এটা আমাদের ভূমি। অথচ তারা আমাদের স্বজাতির লোক নয়। তারা বলে আমরা এই টিলাটি দখলে নেবো। যাই হোক, আমি সকালে তাদেরকে নিয়ে আসব। তোমরা ভয় পেয়ো না। চিন্তা করো না।' এই অবস্থা দেখে ভাইয়েরা আশ্চর্য হয়ে গেল।

রাতের বেলায় তারা পাহাড়ের চূড়ায় আগুন জ্বালাল। এটি একটি চিন্তার বিষয়ও ছিল। কারণ আমরা ভাবছিলাম, এটা হয়তো তাদের আর আমেরিকানদের মধ্যকার কোন সংকেত হবে। রাতের বেলায় ঠিকই আমেরিকার বিমান আসলো এবং তাদের ওপর এমনভাবে বোমা হামলা শুরু করল যে, ভয়ে তারা পাহাড় ছেড়ে পালিয়ে গেল। এই অবস্থা দেখে আমরা বললাম, 'আলহামদুলিল্লাহ। যুদ্ধে মুমিনের জন্য আল্লাহই যথেষ্ট।'

এক সাথী ভাই যখন বলেছিলেন, 'আমরা অবশ্যই তাদের ওপর হামলা করব', তখন আরেকজন আনসার ভাই বলেছিলেন, 'নাহ, ওদেরকে মেরো না। ওরাও তো আমাদের ভাই।' তাঁর এ কথা শুনে সবাই হতভম্ব হয়ে গেল এবং হাসতে লাগল। আমি সাথীদের সাথে কৌতুক করতে করতে বললাম, 'ইনশাআল্লাহ, এ সংকট কেটে গেলে আমি আকিদা বিষয়ে একটি বই লিখব। সেখানে (الرد على من قال: أصحابنا) 'যে বলবে 'আমাদের ভাই' তার জবাব' নামে একটি পরিচ্ছেদ রাখব।

তোরাবোরায় যারা আমাদেরকে অবরোধ করে রেখেছিল, তাদের মধ্যে কেউ কেউ এ কথা বলে যুদ্ধ থেকে সরে পড়েছিল যে, 'আরবরা তো আমাদের কোনো ক্ষতি করতে চায় না। আমাদেরকে বোমা মেরে হত্যাও করতে চায় না।' এমন কথা বলে তাদের মধ্যে অনেকেই যুদ্ধ এড়িয়ে গেছে। এটা ছিল অবরোধকালে তাদের অবস্থা। আল্লাহর অনুগ্রহে তাদের এই দোদুল্যমান অবস্থা আমাদের উপকারে এসেছে।

আগেও বলেছি যে, শাইখ উসামা রহিমাহুল্লাহ'র যুদ্ধবিদ্যার অভিজ্ঞতা আপনাদের সামনে তুলে ধরব। তো কয়েকটি বিষয়ের প্রতি লক্ষ করলেই শাইখের অভিজ্ঞতা আমাদের সামনে স্পষ্ট হয়ে যাবে।

প্রথমত, শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ যোগাযোগের বিষয়টিকে অত্যাধিক গুরুত্ব দিতেন। এ জন্যই আফগানিস্তানে সকল মুজাহিদ ভাইয়ের যোগাযোগের

ক্ষেত্রে ধারাবাহিকতার বিষয়টিকে তিনি সর্বদা পর্যবেক্ষণ করতেন। যাতে পুরো ময়দানের সবার খবর তাঁর জানা থাকে।

আমার মনে আছে, একসময় আমরা শাহিকোটের ভাইদের খবরাখবর সংগ্রহ করতাম। যেখানে পরবর্তী সময়ে প্রসিদ্ধ একটি যুদ্ধ হয়েছিল। আমরা মাজার-ই-শরীফের ভাইদের খবর নিতাম। পরবর্তী সময়ে যেখানে তাদের সাথে গাঙ্গীর যুদ্ধ সংঘটিত হয়েছিল। আমরা খোস্তের ভাইদের সংবাদ সংগ্রহ করতাম। শাইখ উসামা রহিমাহুল্লাহ এসব অঞ্চলের সব ধরনের খোঁজখবর রাখতেন। কখনো যদি তাদের সাথে কোনো রূপ যোগাযোগ নাও করতে পারতেন, তবুও আফগানিস্তানের সব ময়দানের খবরাখবর তিনি সংগ্রহ করতেন। শুধু তাই নয়, তিনি শত্রুদের যোগাযোগ ব্যবস্থার ওপরও নজরদারি করতেন। আল্লাহ তাআলার অনুগ্রহে শাইখের এই নজরদারি মুজাহিদদের জন্য অনেক উপকারে এসেছে। গ্রুপ-লিডারদের মধ্য হতে এক ভাই আমাদেরকে এই বলে সর্তক করেন যে, আমাদের ওপর পেছন থেকে শত্রুদের হামলা আসতে পারে।

সেখানে রিবয়ি’ আল-ইয়ামানি নামক গুরুত্বপূর্ণ এক ভাই ছিলেন। তিনি কাহতান নামক একটি চূড়ার ওপর অবস্থান করছিলেন। ভাইয়েরা তাকে অনুরোধ করেছিলেন, যেন তিনি ইবনুশ শাইখ আল-লিবি রহিমাহুল্লাহ’র অবস্থানরত পাহাড়ের পেছন দিকটাতে একটু চেক করে দেখেন। কারণ এই পাহাড়টিতেই শাইখ ইবনুশ শাইখ আল-লিবি রহিমাহুল্লাহ ছিলেন। ভাই রিবয়ি’ আল-ইয়ামানি ছিলেন পাহাড়ের চূড়াতে, আর শাইখ ইবনুশ শাইখ আল-লিবি রহিমাহুল্লাহ ছিলেন পাহাড়ের পাদদেশে। তিনি যখন পাহাড়ের পেছনে গেলেন, তখন সেখানে একদল মুনাফিককে দেখতে পেলেন। তারা ইবনুশ শাইখ আল-লিবি ও তাঁর সাথীদের পেছন থেকে অনুপ্রবেশ করতে চাইছিল। এই অবস্থা দেখে তিনি মুনাফিকদেরকে আক্রমণ করার

জন্য সেখানকার কিছু ভাইয়ের কাছে সাহায্য চাইলেন। অতঃপর তারা সকলে মিলে মুনাফিকদের ওপর গ্রেনেড ছুড়ে মারেন এবং পেছন থেকে হামলা করেন।

এ আক্রমণটি ছিল সেসব জবাবি হামলার সূচনা, যেসব হামলার কারণে তোরাবোরার অবরোধ থেকে বের হওয়ার পথ খুলে গিয়েছিল। আর এটি ছিল শাইখ রহিমাহুল্লাহ'র বিচক্ষণতার অপর আরেকটি দিক।

আমেরিকানরা আরব মুজাহিদদের ব্যাপারে অপপ্রচার চালিয়ে বলল, 'আরবরা আমাদের সাথে আলোচনা করতে চাচ্ছে, তারা অবরোধ থেকে বের হতে অনুগ্রহের আবেদন করছে। তাদের এই প্রত্যেকটি কথাই ছিল বানোয়াট এবং ডাহা মিথ্যা। বরং মুনাফিকরা যখন মুজাহিদদের গুপ্ত হামলার শিকার হচ্ছিল, মূলত তারাই আমেরিকানদের সাথে শান্তি আলোচনা করতে চাচ্ছিল।

১৪২২ হিজরির ২৭ রমাদান মোতাবেক ২০০১ সালের ১২ ই ডিসেম্বর যুদ্ধবিরতি হলো। এর কারণ ছিল, মুনাফিকদের লাগাতার হামলাগুলো বিফলে যাচ্ছিল। তারা যখনই আমাদের ওপর হামলা করত, আহত আর নিহত হয়ে ফিরে যেত। অপরদিকে মুনাফিকদের বিপুল পরিমাণ ক্ষয়ক্ষতি ও দুর্দশা দেখে আমেরিকান বাহিনীও তোরাবোরার ওপর থেকে আক্রমণের শিকার হওয়ার আশঙ্কায় হীনবল হয়ে গিয়েছিল। আর এত পরিমাণে তাদের বিমান হামলাও মুজাহিদদেরকে স্থানচ্যুত করতে ব্যর্থ হয়েছিল। ফলে তারা তাদের চিরাচরিত কাপুরুষাচিত কৌশল ধোঁকা ও প্রতারণার আশ্রয় নিল।

কুন্দুজ, মাজার-ই-শরীফ ও গাঙ্গীর রণক্ষেত্রে তারা ঠিক একই পন্থাই অবলম্বন করেছিল।

প্রায় দুপুর একটার দিকে যুদ্ধবিরতি হলো। কারণ মুনাফিকদের পাহাড়ে ওঠার সব চেষ্টা-প্রচেষ্টা ব্যর্থ হয়েছিল। মুজাহিদরা তাদেরকে গ্রেনেড হামলার মাধ্যমে প্রতিরোধ

করে যাচ্ছিল। সেখানে প্রায় ১০০ জন মুনাফিকের আরো একটি দল ছিল। যারা তোরাবোরার উপত্যকায় প্রবেশের চেষ্টা করছিল। যাতে তারা মুজাহিদদের মোকাবেলায় এগিয়ে আসতে পারে। কিন্তু তারা মুজাহিদদের ফাঁদে পড়ে যায়। তখন নিরুপায় হয়ে আমাদের সাথে যোগাযোগ করল এবং কথার ধরন পরিবর্তন করে বলল, 'আমরা তোমাদের কোনো ক্ষতি করতে চাই না। তোমরা তো আমাদেরই ভাই। আর কেনই-বা তোমাদের সাথে যুদ্ধ হবে, আমরা কেন এর সমাধান করছি না? আমরা তোমাদের সাথে আলোচনা করে যুদ্ধবিরতি করতে চাই।'

তাদের কথা শেষ হওয়ার পর শাইখ রহিমাহুল্লাহ-ও যুদ্ধবিরতির প্রস্তাবটি কবুল করেন। এই ১০০ জন মুনাফিক মুজাহিদদের বন্দুকের নলায় ছিল। মুজাহিদ ভাইয়েরা তাদের ওপর আক্রমণের অনুমতি চাইলেন। কিন্তু শাইখ অনুমতি দিলেন না। বরং নিষেধ করে বললেন, 'না, আমরা তাদের সাথে যুদ্ধ বন্ধ করার ওয়াদা দিয়েছি। নিশ্চয় এটি শাইখের উন্নত চরিত্রের একটি দৃষ্টান্ত।'

মুনাফিকরা তাদের সৈন্য সরিয়ে নিতে সম্মতি জানাল এবং যুদ্ধবিরতি করে আলোচনায় বসতে একমত হলো। মুনাফিকরা সৈন্য প্রত্যাহার করার পর পরই আমাদের সাথে দেখা করতে চাইল। শাইখকে আল্লাহ তাআলা উত্তম প্রতিদান দান করুন। কিন্তু তিনি রাজি হলেন না। বরং যোগাযোগ-প্রতিনিধিকে বললেন, 'তাদেরকে বলে দাও, আমাদের সাথে অনেক আরব মুজাহিদ আছেন এবং অনেক নেতৃবৃন্দও আছেন। সবার কাছ থেকে সিদ্ধান্ত নেয়া এ মুহূর্তে সম্ভব নয়। আমাদেরকে আগে একত্রিত হয়ে পরামর্শ করতে হবে। তাই তোমাদের সাথে আগামীকাল সকালের আগে আলোচনায় বসতে পারছি না।' জবাবে তারা বলল, 'ঠিক আছে। আমরা আগামীকাল সকালে তোমাদের সাথে অমুক গ্রামের অমুক জায়গায় একত্রিত হবো এবং আমাদের মাঝে চলমান এই যুদ্ধের ইতি টানব।'

স্বভাবতই তারা আমাদের ভাইদের সাথে প্রতারণা করার ছক এঁকে রেখেছিল। আমি সামনে এ বিষয়ে আলোচনা করব। মুজাহিদরা সেই রাতেই তোরাবোরা থেকে বের হয়ে যায়। আমি এর বিস্তারিত বিবরণ সামনে আলোচনা করব।

আচ্ছা, মুজাহিদগণ কেন যুদ্ধবিরতির প্রস্তাব মেনে নিলেন? এর পেছনে অনেক কারণ ছিল। উল্লেখযোগ্য কারণগুলো হলো, আমাদের রসদসামগ্রী প্রায় শেষ হয়ে গিয়েছিল। আর প্রচণ্ড ঠান্ডা পড়ছিল এবং পাহাড় থেকে বরফ গলে পড়ার সম্ভাবনা খুব বেশি ছিল। হয়তো এক সপ্তাহ বা তার আগেই বরফ গলা শুরু হবে। সর্বদিক থেকে আমরা কঠিন অবরোধের মধ্যে ছিলাম। ঠান্ডায় পানিগুলো পর্যন্ত জমে বরফ হয়ে গিয়েছিল। আমরা ছিলাম পাহাড়ের উঁচু টিলার ওপরে আর পানি ছিল আমাদের থেকে প্রায় ৫০০ মিটার নিচে। আমি শাইখের সাথে যেই টিলাতে ছিলাম, সেখানে আমাদের পাশেই একটি পানির ঝর্ণা ছিল। কিন্তু সেই পানির উপরিভাগ জমে গিয়েছিল। পানি আসত ঠিক, কিন্তু উপরিভাগ ছিল জমাটবাঁধা। তার ওপর দিন-রাত অনাবরত বোম্বিং হচ্ছিল ভাইদের ওপর। ওদিকে মুনাফিকরা জালালাবাদ ও কান্দাহারের পূর্ণ নেতৃত্ব দখল করে নিয়েছে। অবশেষে শাইখ তোরাবোরা খালি করে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করলেন, যাতে আমরা গেরিলা যুদ্ধের এক নতুন স্তর শুরু করতে পারি।

আর এই রাতেই, অর্থাৎ ২৭ রমাদানের রাতেই ভাইয়েরা তোরাবোরা থেকে বেরিয়ে যান। কিন্তু মুনাফিকগোষ্ঠী ব্যাপারটি বুঝতে পারে পরের দিন অর্থাৎ ২৮ রমাদান সকালে। তখন তারা অনুভব করল যে, এখানে কেউ নেই। কেউ তাদের ডাকে সাড়া দিচ্ছে না। অবশেষে যেসব ভাইয়ের মাধ্যমে তাদের সাথে যোগাযোগ করা হতো, তাদের একজন যখন বলল, 'তোমরা কী চাও?' তখনই তারা নিশ্চিত হলো যে, মুজাহিদরা বের হয়ে গেছে অথবা মুজাহিদদের বড় একটি অংশ বের হয়ে

গেছে। অথচ আগের দিন তারা বলেছিল, ‘আমরা তোমাদের সাথে সমস্যার সমাধান করতে চাই।’ কিন্তু আজ আবার কথার সুর পরিবর্তন করে বলছে, ‘আমরা তোমাদের হত্যা করব!’ যখন তারা বুঝতে পারল যে, মুজাহিদরা তাদের ষড়যন্ত্রে পা দেয়নি, তখন তারা এভাবেই কথা বলতে থাকল।

এই ঘটনার পর আমেরিকা দাবি করল যে, আমরা তখন তোরাবোরায় ছিলাম। কিন্তু কীভাবে?! তারা তো ভয় আর হীনম্মন্যতার চূড়ান্ত পর্যায় অতিক্রম করছিল এবং তোরাবোরায় প্রবেশ করতেই ভয় পাচ্ছিল। বরং মুজাহিদরা সেখান থেকে বেরিয়ে যাওয়ার পর প্রথমে মুনাফিকরা প্রবেশ করেছে এবং মুনাফিকদের প্রবেশের দুদিন পর ভীতু আমেরিকা প্রবেশ করেছে।

এমনকি আমরা মুনাফিকদেরকে পরস্পর ওয়ারলেসে বলতে শুনেছি যে, ‘খচ্চরগুলো পাঠাও। মেহমানরা তো ক্লান্ত হয়ে গেছে। তাদের ওপর ঠান্ডা চেপে বসেছে।’ সে এর দ্বারা আমেরিকানদেরকে উদ্দেশ্য করছিল। এটা হচ্ছে আমেরিকার বিশেষ ফোর্স পাহাড় ও বিমান ডিবিশন ৮২-এর সৈনিকদের ঘটনা।

মুজাহিদরা যখন আল্লাহর পথে অটল থাকে, তাঁর কাছে সাহায্য প্রার্থনা করে এবং মৃত্যু পর্যন্ত লড়ে যাওয়ার সংকল্প করে, তখন আল্লাহ তাআলা অবশ্যই তাদেরকে বিজয় দান করেন ইনশাআল্লাহ।

আমরা যখন তোরাবোরা থেকে বের হয়ে যাই, তখন আমি মুহাম্মাদ যামানকে বিবিসিতে সাক্ষাৎকার দিতে শুনলাম। বিবিসির সাংবাদিক তাকে জিজ্ঞেস করছিল, ‘হাজি সাহেব! আরবরা কোথায়? আপনারা তো বললেন, এখানে ৫০০ জন আরব ছিল, ১০০০ জন আরব ছিল। কিন্তু কোথায় তারা?’ সে বলল, ‘আরবরা সবাই মারা গেছে।’ সাংবাদিক জিজ্ঞেস করল, ‘কীভাবে মারা গেছে?’ সে বলল, ‘হ্যাঁ। সেখানে প্রায় ২০০ জনের মরদেহ আছে।’ আমি তো শাইখের আগেই বের হয়ে এসেছিলাম।

তার এসব কথা শুনে আমি বললাম, ‘সুবহানাল্লাহ! ২০০ জন! কীভাবে?!’ এ কথা স্পষ্ট যে, তাদের দেয়া এসব তথ্য সম্পূর্ণ মিথ্যা এবং অপপ্রচার। এসব মিথ্যা প্রচারের উদ্দেশ্য হলো, আমেরিকার কাছ থেকে যেই পয়সা তারা নিয়েছিল, তার একটা বৈধতা দাঁড় করানো। আর আমেরিকাও তার জনগনের কাছে প্রমাণ করতে চাইল যে, তারা কিছু একটা করেছে।

এরা শাহিকোটেও এই একই ছলচাতুরীর আশ্রয় নিয়েছিল। তারা বলেছিল, ‘শাহিকোটে এত এত আরব রয়েছে। সেখানে ১০০০ আরব রয়েছে, ২০০০ আরব রয়েছে। ইত্যাদি ইত্যাদি...। আমরা অচিরেই সেখানে প্রবেশ করব। তাদের ওপর হামলা করব। আমরা এটা করব। ওটা করব।’ অবশেষে তারা বলল, ‘মার্কিন বাহিনী শাহিকোট থেকে সরে গিয়েছে এবং সেখানে বোম্বিং করার সিদ্ধান্ত নিয়েছে।

প্রিয় উম্মাহ, এসব ঘটনাপ্রবাহ থেকে জিহাদি মিডিয়ার প্রয়োজনীয়তা বোঝা যায়।

ভাইয়েরা আমার, এ যুদ্ধে জিহাদি মিডিয়া আমেরিকার মিথ্যা মুখোশ খুলে দিয়েছে। এবং ক্রুসেড-জোট ন্যাটো ও তাদের সহযোগী মুনাফিকদের আসল চেহারা প্রকাশ করে দিয়েছে।

তারা সাদ্দাম হোসেনের বিরুদ্ধে ইরাকের প্রথম ও দ্বিতীয় যুদ্ধ এবং ৯/১১ থেকে শুরু করে অদ্যাবধি প্রতিটি ক্রুসেড যুদ্ধকে সিএনএন-এর মাধ্যমে নিয়ন্ত্রণ করেছে। জিহাদি মিডিয়াগুলো তাদের এই স্বল্প সরঞ্জাম নিয়ে আরব মিডিয়ার মুখোশ খুলে দিয়েছে। পশ্চিমা মিডিয়ার পক্ষে যে চিত্র প্রকাশ করা কখনো সম্ভব হতো না, সে চিত্রকে জিহাদি মিডিয়াই প্রকাশ করে দিয়েছে।

আমি এখানে জিহাদি মিডিয়া নিয়ে সংক্ষেপে কিছু বলতে চাই,

প্রিয় ভাইয়েরা, হে জিহাদি মিডিয়ার বীর সৈনিকেরা, তোমরাই তো আমেরিকাকে শঙ্কিত করতে, তাদের অন্তরে ভীতির সঞ্চার করতে, তোমরাই তো তাদেরকে

পরাজিত করে দিয়েছ মিডিয়া-যুদ্ধে। আল্লাহ তাআলার অশেষ রহমতে মুজাহিদ ভাইয়েরা লন্ডন, মাদ্রিদ, বালির হামলা এবং ৯/১১-এর বরকতময় হামলার মাধ্যমে ময়দানের যুদ্ধকে কাফেরদের ভূমিতে প্রবেশ করিয়ে দিয়েছে। এবং আমরাও বিভিন্ন প্রকাশনা, লেকচার, ভিডিও এবং জিহাদি পরিবেশনার মাধ্যমে তাদের ওপর মিডিয়াতেও জয়ী হয়েছি।

প্রিয় ভাইয়েরা, যে মার্কিন শত্রু এবং মার্কিন মিডিয়াকে আমরা এক সময় দিশেহারা এবং ব্যতিব্যস্ত করে তুলেছিলাম, সেই মার্কিন মিডিয়াই আজ আমাদের মাঝে দ্বন্দ্ব বাধিয়ে আমাদের মিডিয়াকে প্রতিহত করেছে। জিহাদি মিডিয়া যেন এখন জিহাদের অবকাঠামো ধ্বংসের একটি যন্ত্রে পরিণত হয়েছে। জিহাদি মিডিয়াগুলো আজ গালি, অপবাদ আর সমালোচনা দ্বারা ভরে গেছে। মুজাহিদদের নেতৃত্ব ও শাইখদের থেকে শুরু করে একজন সর্বনিম্ন স্তরের ভাইয়ের পর্যন্ত সমালোচনা করছে। এটা এখন যে কারো সমালোচনার উর্বর ভূমিতে পরিণত হয়েছে।

আমি জিহাদি মিডিয়াকর্মী ভাইদের প্রতি সবিনয় নিবেদন করব, আপনারা প্রতিটি কথার গুরুত্ব ও জিম্মাদারি অনুধাবন করুন। প্রতিটি কথাই আমানত। মিডিয়া একটি অনেক বড় আমানত।

অতএব এমন কিছু প্রকাশ করবেন না, যা মুজাহিদদের কাতারগুলোকে বিভক্ত করে দেয়, তাদের মাঝে বিচ্ছিন্নতাকে উসকে দেয়। এমন কিছু পরিবেশন করবেন না, যা মুজাহিদদের বিরুদ্ধে শত্রুদের সাহায্য করে এবং মুজাহিদদের মাঝে ফিতনা ছড়িয়ে দেয়।

আমরা আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ উমর ও শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ'র অধীনে একই পতাকাতলে ছিলাম। আমরা কাঁধে কাঁধ রেখে যুদ্ধ করেছি। যার কারণে আমাদের ওপর রব্বুল আলামিনের রহমত নাযিল হতো।

এখন শুরু হলো বিভক্তি আর বিচ্যুতি। একেকজন একেক চিন্তাচেতনা লালন করছে, একেকজন একেকদিকে ছোটাছুটি করছে। আমাদের নিজেদের মাঝেই যুদ্ধ শুরু হয়ে গেছে! এসব কারণেই আমরা বিজয় অর্জন করতে পারছি না। আমাদের থেকে বরকত উঠিয়ে নেয়া হচ্ছে। আমি আমার মিডিয়া যোদ্ধাদের বলব, আপনারা কথা বলার দায়িত্ব সঠিকভাবে আদায় করুন। এক মাজমুআ সম্পর্কে আরেক মাজমুআর সমালোচনাকে কোনোভাবে মেনে নেবেন না। এরা কাফের, ওরা বিশ্বাসঘাতক, এরা মিলিশিয়া, ওরা হত্যাযোগ্য দল—এ ধরনের সব কথা বন্ধ করতে হবে। এ ধরনের কথায় যে অংশ নেবে, আল্লাহর সামনে সে-ই তার জবাবদিহি করবে।

আমি এবং আমার ভাইয়েরা ব্যক্তিগত যেকোনো বিষয়ে ক্ষমা করে দেবো। কিন্তু মুজাহিদদের ঐক্য বিনষ্ট করে এবং তাদের মাঝে ফাটল ধরায় এমন কোনো বিষয়কে আমরা ক্ষমা করব না।

আমার এ বার্তা যেন সবার কাছে পৌঁছে যায়।

আমরা পুনরায় শাইখের যুদ্ধ পরিচালনার অভিজ্ঞতার দিকে ফিরে যাই। শাইখ উসামা রহিমাহুল্লাহ ২৭ রমাদানের এই রাতে সকল মুজাহিদ ভাইদেরকে তোরাবোরা থেকে বের করার জন্য বিন্যস্ত করছিলেন। আর শাইখকে তোরাবোরা থেকে যিনি বের করেছিলেন, তিনি হলেন মৌলভি নূর মুহাম্মাদ রহিমাহুল্লাহ ও তাঁর সাথীগণ। আল্লাহ তাঁদের সকলকে উত্তম প্রতিদান দান করুন। সেই রাতে শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ শাইখ ইবনুশ শাইখ আল-লিবির কাছে গিয়েছিলেন। উভয়ে মুজাহিদদেরকে নিরাপত্তার সাথে বের করার জন্য পরিকল্পনা করছিলেন। মৌলভি নূর মুহাম্মাদ তাঁকে তাড়া দিয়ে বলছিলেন, 'সামনে আমাদের দীর্ঘ সফর। এখনই আমাদেরকে বের হতে হবে।' কিন্তু শাইখ উসামা রহিমাহুল্লাহ নিজে বের হলেন রাত ১১টার দিকে। আর এটা তাঁর জন্য অত্যন্ত বিপজ্জনক ছিল। শাইখের এটাই

চাওয়া ছিল যে, সকল সাথী নিরাপদে বের হয়ে যাক। তারপর আমি বের হবো। তিনি তা-ই করেছেন।

আজকের আলোচনা এই পর্যন্তই সমাপ্ত করলাম। ইনশাআল্লাহ আগামী পর্বে আরো আলোচনা হবে।

# পর্ব ৮

বেশ কয়েক বছর পর "আয়্যামুন মাআল ইমাম" (ইমামের সাথে কাটানো দিনগুলো) এর অষ্টম কিস্তি পুনরায় রেকর্ড করার ইচ্ছা করেছি। কারণ মহান আল্লাহ তায়ালার (প্রথম ও শেষ – সকল প্রশংসা একমাত্র তার জন্য) ইচ্ছায় এই পর্বের প্রথম রেকর্ডটি বোমা বর্ষণের ফলে পুড়ে যায়। সে কপিটি সম্মানিত ভাইদের একজনের নিকট ছিলো, যারা তাঁদের আল্লাহ'র রাস্তার মুজাহিদ ভাইদের সেবায় নিজেদের জান উৎসর্গ করেছেন। আমি মহান আল্লাহ তায়ালার কাছে প্রার্থনা করছি – আল্লাহ যেন এই ভাইকে একজন শহীদ হিসেবে কবুল করেন এবং আমাদেরকে, তার পরিবার-পরিজনকে ও সকল মুসলমানকে তার উত্তম স্থলাভিষিক্ত দান করেন, আমীন।

বিভিন্ন ব্যস্ততা ও অস্থিতিশীলতার কারণে শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ'র সাথে কাটানো আমার সুন্দর ও চমৎকার স্মৃতিচারণগুলো লেখার সুযোগ হয়ে উঠেনি।

وَمَا أُبَرِّئُ نَفْسِي ۚ إِنَّ النَّفْسَ لَأَمَّارَةٌ بِالسُّوءِ إِلَّا مَا رَحِمَ رَبِّي ۚ إِنَّ رَبِّي غَفُورٌ رَّحِيمٌ

"আমি নিজেকে নির্দোষ বলি না। নিশ্চয় মানুষের মন মন্দ কর্মপ্রবণ কিন্তু সে নয়- আমার পালনকর্তা যার প্রতি অনুগ্রহ করেন। নিশ্চয় আমার পালনকর্তা ক্ষমাশীল, দয়ালু"। (সূরা ইউসূফ ১২:৫৩)

এখন আমার ইচ্ছা হলো, এই কিস্তিতে আমি "তোরাবোরা"র যুদ্ধ ও তা থেকে আমাদের শিক্ষা নিয়ে ধারাবাহিক আলোচনা করবো। আমি গত কিস্তিতে চুক্তির বিষয়ে আলোচনা সমাপ্ত করেছি, যেই চুক্তি মুনাফিকরা ভঙ্গ করেছিল। এর ফলে শাইখ উসামা রহিমাহুল্লাহ তোরাবোরা পাহাড় থেকে ১৪২২ হিজরীর ২৭শে রমজান তথা ১২/১২/২০০১ খ্রিষ্টাব্দের দিবাগত রাতে মুজাহিদ ভাইদেরকে বের করে নিয়ে আসেন।

উভয় পক্ষ অর্থাৎ একদিকে আমেরিকা ও তাদের মুনাফিক দোসররা অন্যদিকে মুজাহিদগণ কি কারণে যুদ্ধবিরতিতে সম্মত হয়েছেন – তা নিয়ে আমি বিগত পর্বে সংক্ষিপ্ত পরিসরে আলোচনা করেছি।

আমেরিকানদের অন্তরে হতাশা ছেয়ে যাবার পর তারা তোরাবোরা পাহাড়ে আক্রমন করার সাহস হারিয়ে ফেললো। এরপর গাদ্দারী ও কলাকৌশলের দ্বারা মুজাহিদদেরকে হত্যা করাই আমেরিকা ও তাদের মুনাফিক দোসরদের মুখ্য উদ্দেশ্য হয়ে উঠলো।

এখানে একটু যোগ করতে চাই যে, ১৪২২ হিজরীর ২৪ শে রমজানে শাইখ উসামা রহিমাহুল্লাহ'র নিভর্রযোগ্য ও আস্থাভাজন একদল "আনসার" শাইখের কাছে এসে বলেছেন, শাইখ রহিমাহুল্লাহসহ তার অল্প কিছু মুজাহিদ ভাইদের আশ্রয় নেয়ার জন্য তারা একটি নিরাপদ জায়গার ব্যবস্থা করেছেন।

তখন শাইখ রহিমাহুল্লাহ আমার সাথে এই বিষয়ে কথা বলতে গিয়ে বললেন, "আপনি আরো কিছু ভাইসহ আনসার দলটির সাথে তোরাবোরা পাহাড় থেকে আগে

বের হবেন। তারপর আপনি পাহাড় থেকে বের হওয়ার পথ সম্পর্কে বিবরণ মূলক একটি পত্র পাঠাবেন”। কিন্তু আমি বললাম; “না, না!! এটা কিভাবে সম্ভব? আপনি প্রথমে পাহাড় থেকে বের হন। আর এখানে আমি মুজাহিদ ভাইদের সাথে থেকে যাই”।

শেষ পর্যন্ত শাইখ রহিমাহুল্লাহ’র পীড়াপীড়ির কারণে আমাকেই তোরাবোরা পাহাড় থেকে বের হতে হল। আমি শাইখ রহিমাহুল্লাহ’কে পাহাড় থেকে বের হতে বারবার আবেদন করেছি। কিন্তু উল্টো তিনি আমাকে বারবার বের হতে বলেছেন। দৃশ্যটি ছিলো অত্যন্ত আবেগঘন ও হৃদয়বিদারক। কারন আমার জানা ছিলো না যে, শাইখের সাথে দ্বিতীয়বার আর কখনো দেখা হবে কিনা!

তাছাড়া এই কঠিন পরিস্থিতিতে শাইখ রহিমাহুল্লাহ সহ তার সাথীদের রেখে চলে যাওয়াটিও ছিলো বেশ কষ্টের ও যন্ত্রণার। কিন্তু এত কিছুর পরেও শাইখ রহিমাহুল্লাহ তাঁর সিদ্ধান্তে অনঢ় ছিলেন। আমার মনে আছে যে, আমি তখন শাইখ রহিমাহুল্লাহ’কে এই বলে বিদায় জানিয়েছি যে, আল্লাহ চাইলে আমাদের পুনরায় সাক্ষাৎ হবে।

আমি প্রথম স্টেশনে পৌঁছে শাইখ রহিমাহুল্লাহ’র নামে একটি চিঠি লিখেছি। যেই চিঠিতে বের হওয়ার পথ ও তার সার্বিক পরিস্থিতি তুলে ধরে শাইখ রহিমাহুল্লাহ ও তার সঙ্গীদেরকে তোরাবোরা পাহাড় থেকে বেরিয়ে আসতে উদ্ভুদ্ধ করেছি। এদিকে দ্বিপাক্ষিক সমঝোতার ভূমিকা স্বরূপ ২৭ শে রমজানে কার্যত যুদ্ধবিরতি শুরু হয়েছিল। তখন শাইখ উসামা রহিমাহুল্লাহ সুযোগ বুঝে ২৭ শে রমজানের দিবাগত রাতে সঙ্গীদের তোরাবোরা পাহাড় থেকে নিরাপদে বেরিয়ে যেতে বলেছিলেন।

আস্থাভাজন এক আনসার ভাই, শাইখ রহিমাহুল্লাহ’র জন্য আমার লেখা পত্রটি বহন করেছেন। আর আল্লাহর ইচ্ছায় তোরাবোরা পাহাড়ের নিকটস্থ একটি উপত্যকায়

রাত্রে শাইখের দলটির সাথে পত্রবাহী আনসার ভাইয়ের সাক্ষাত হয়। তখন আনসার পত্রবাহক শাইখের সাথে মিলিত হয়ে তাকে আমার পত্রটি প্রদান করেন। এই কঠিন পরিস্থিতিতে, এতো অন্ধকারের মাঝে এবং দ্রুত স্থান ত্যাগ করার প্রয়োজনীয়তা সত্ত্বেও এই আনসার তার নামে এই মর্মে একটি প্রশংসাপত্র লিখে দেয়ার জন্য শাইখ রহিমাহুল্লাহ'কে পীড়াপীড়ি করলেন, যাতে উল্লেখ থাকবে যে, "এই আনসার জিহাদের ময়দানে শাইখ রহিমাহুল্লাহ'র সঙ্গী ছিলেন এবং যেসব মুসলিমের সাথে তার দেখা মিলবে তারা তার জন্য কল্যাণ কামনা করবে"।

আফগানদের কাছে এই প্রশংসাপত্রের মূল্য কী ধরণের তা শুধুমাত্র আফগানে যারা বসবাস করেছেন তারাই বুঝতে পারবেন। আফগানরা এই প্রশংসাপত্রকে বংশ পরম্পরায় গর্বের বিষয় মনে করেন। আরব মুজাহিদদের সহায়তা ও সহযোগিতা করাকে তারা অনেক উঁচু স্তরের ভাল কাজ বলে মনে করেন।

আফসোস! বস্তুবাদী চিন্তার এই ফেতনার যুগে অধিকাংশ লোকেরা এই বিষয়ের কদর ও মূল্যায়নের বিষয়টি – উপলব্ধি পর্যন্ত করতে পারে না। তারা কখনো কখনো আপত্তির ঝড় তুলে বলাবলি করে; এই কঠিন পরিস্থিতিতে এই আনসার কেন এই প্রশংসাপত্র লাভের জন্য পীড়াপীড়ি করছে। কিন্তু এই প্রশংসাপত্রের মূল্য তারা কীভাবে বুঝবে? এর প্রকৃত মূল্য আফগানদের কাছেই রয়েছে। আফগানদের কাছে এই প্রশংসাপত্রকে সীমাহীন উচ্চ মর্যাদার চাবিকাঠি বিবেচনা করা হয়।

আমি ইতিপূর্বে বলেছি যে, পাহাড়ের নিকটস্থ অনেক গোত্রীয় নেতারা শাইখ উসামা রহিমাহুল্লাহ থেকে কয়েকটি প্রশংসাপত্র লিখে দেয়ার আবেদন করেছিল। যাতে লেখা থাকবে: 'বিগত এই যুদ্ধগুলোতে তারা শাইখ রহিমাহুল্লাহ'র সাথে অংশগ্রহণ করে শাইখ রহিমাহুল্লাহ'কে সহযোগিতা ও সহায়তা করেছেন'।

যুগ যুগ ধরে এই প্রশংসাপত্র তাদের গর্বের কারণ হয় এবং এতে তারা নিজেদেরকে ধন্য মনে করে।

আফগানদের নিয়ে শাইখ ড. আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ'র একটি কবিতা রয়েছে। এই কবিতা শাইখ উসামা বারবার বলতেন। কবিতার পঙক্তিগুলো শাইখ ইউসূফ আবু হেলালের প্রশংসার কথা স্মরণ করিয়ে দেয়। কবিতাটি নিম্নরুপ:

بـهـم يـتشـرفُ المـثـلُ مـضـيـثُ مجـاهداً مع من
إذا احـتـدمـت ولا عـزلُ بـني الأفـغـانِ لا مـيـلٌ
وفـوقَ جـحيمِها اكتهلوا علـى نـارِ الأسـى شبـوا
وعنهم ليسَ ينفصلُ وكان الحزنُ يلبسُهم
فـقِ المـوارِ تـغـتسلُ فتـلك ربـوعُهم بـالـدا
تِ بالـنـيرانِ تـشـتعلُ وتحـتَ صـواعـقِ الـغـارا
لِ تُسـحـقُ وهي تبتهلُ وتـلـك جـماجـمُ الأطـفا
وما بـهمُ احتفى الفشلُ فـمـا ذل الإبـاءُ بـهـم
ومـوجُ البـذلِ مـتـصـلُ ورأسُ الشـعـبِ مـرتـفـعٌ

অনুবাদ:

"যাদের মাধ্যমে ধন্য হলো উপমা

তাদের নিয়ে চললাম জিহাদের ময়দানে

তারা হলো আফগান সন্তান

তাদের প্রতি আকৃষ্ট হয়ে বলিনি আমি তা,

রাগে জ্বলে উঠি যখন আমি,

কবু রাগ সংবরণ করি না তখন আমি।

শোকের আগুনে জ্বলে উঠে তারা,

শোকের তীব্র অগ্নিতে বেড়ে উঠে তারা।

তারা আছে বিষন্নতার চাদরে ঢাকা,

প্রস্থান করবে না এই ছায়া তাদের হতে।

তাদের অঞ্চল প্রচন্ড

বোমার আঘাতে হয় প্রকম্পিত।

হামলার বজ্রধ্বনিতে হয়

তাদের ঘরবাড়ি অগ্নি প্রজ্বলিত।

তাতে হচ্ছে শিশুদের মাথার খুলি গুঁড়ো গুঁড়ো,

আর যালেমদের দিয়ে যাচ্ছে তারা অভিশাপ।

কিন্তু বশ্যতা স্বীকার করেনি বাবারা,

তাই ছুঁতে পারেনি তাদেরকে কাপুরুষতা।

আফগান জাতী চির উন্নত শির,

চলমান থাকবে ধারা এই ত্যাগের।”

শাইখ ইউসুফ আবু হেলাল হাফিযাহুল্লাহ শাইখ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ ও তোরাবোরা পাহাড়ের বীর নায়কদের প্রশংসা করে একটি কবিতা লেখেন-

أسامةُ والمفاخرُ ضابحاتٌ　　　توالت ليس يُحصيهن عدُ

تجودُ لِذكرِكم بالدمعِ عينٌ　　　ويَدمى يا حبيبَ الروحِ خدُ

لئن كثرت على الدنيا عِظَامٌ　　　فإنك في حماها اليومَ فردُ

تعودت اغتيالَ اليأسِ فينا　　　تسيرُ بنا لكلِ علاً وتغدو

أتيت تُطلُ من مُقلِ الضحايا　　　ودونَ الثأرِ لم يغلُلْك قيدُ

مَضاؤك في يدِ الأقدارِ سيفٌ　　　ونهجُك في يدِ الإسلامِ بندُ

رجالُك يومَ زمجرتِ الرزايا　　　عليها باقتحامِ الموتِ ردوا

وحشوُ نفوسِهم كبرٌ أشمٌ　　　وملءُ صدورِهم عزمٌ أشدُ

ورايات الجهادِ (بتورا بورا)　　　بها انتفضتْ قساورةٌ وأسدُ

لئن حلت بأمريكا الدواهي　　　ودكَّ بروجَها هدمٌ وهدُ

فكم أرضٍ وقد عاشت عقوداً　　　تروحُ على زلازلِها وتغدو

وتعلنُها على الإسلامِ حرباً　　　لها باسمِ الصليبِ قوىً وحشدُ

جهاداً يا أحبتَنا جهاداً　　　فما دونَ امتطاءِ الهولِ بدُ

অনুবাদ:

"উসামা সম্মুখপানে অগ্রসর হচ্ছে ঊর্ধ্বশ্বাসে এবং রণ হুংকারে,

তার রয়েছে অসংখ্য গৌরবময় ক্রমাগত কীর্তিধারা

তোমাদের স্মরণে আঁখি দিয়ে ঝরবে অশ্রু ঝরঝর,

হে প্রিয় আমাদের! রক্তাক্ত হচ্ছে তোমাদের গাল।

পৃথিবীতে যদিও বৃদ্ধি পেয়েছে মহান ব্যক্তির,

পৃথিবী রক্ষায় কিন্তু তুমি আজ এক অদ্বিতীয় মহান।

অভ্যস্ত তুমি আমাদের হতাশা দূর করতে,

চললে আমাদের নিয়ে উচ্চমর্যাদার জন্য সম্মুখ অভিমুখে।

আবির্ভূত হয়েছো তুমি আত্মোৎসর্গের তলদেশ থেকে,

কোন হাতকড়া বাঁধা দিতে পারেনি বদলা নিতে তোমাকে।

নিয়তির সামনে সংকল্প তোমার তরবারীতুল্য,

ইসলামের পথে বিজয়ের পতাকা তোমার আদর্শ।

দুর্যোগের গর্জনে তোমার লোকেরা,

মৃত্যুতে ঝাঁপিয়ে পড়ে প্রতিহত করে তা।

তাদের প্রাণ ভর্তি উচ্চগর্ব-অহংকার,

তাদের বক্ষ ভরা দৃঢ় প্রতিজ্ঞা।

(তোরাবোরা) জিহাদের ঝান্ডায়,

কেঁপে উঠেছে সিংহ-পশুরাজ।

আমেরিকায় নেমে এসেছে বিপদ আর দুর্যোগ,

